## ♣ উত্তরপত্র

১০ তম বিসিএস বাংলা

**Total questions : 18 Total marks : 18**

---

1)
কোন প্রবচন বাক্যটি ব্যবহারিক দিক হতে সঠিক?

✔ 1)
অধিক সন্যাসীতে গাঁজন নষ্ট

2)
যত গর্জে তত বৃষ্টি হয় না

3)
নাচতে না জানলে উঠান বাকা

4)
যেখানে বাঘের ভয় সেখানেই রাত হয়

Hello BCS

2)
ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় –

1)
বিভক্তি

✔ 2)
ধাতু

3)
প্রত্যয়

4)
কৃৎ

3)
আনারস এবং চাবি শব্দ বাংলা ভাষা গ্রহন করেছে-

1)

আরবী ভাষা হতে

2)
দেশী ভাষা হতে

3)
ওলন্দাজ ভাষা হতে

✔ 4)
পর্তুগিজ ভাষা হতে

4)
কোন দ্বিরুক্তি শব্দ দুটি বহুবচন সংকেত করে?

1)
ছি ছি কি করছো!

2)
নরম নরম হাত

Hello BCS

✔ 3)
পাকা পাকা আম

4)
উড় উড় মন

5)
"আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী'র রচয়িতা-

1)
শামসুর রাহমান

2)
আলতাফ মাহমুদ

3)
হাসান হাফিজুর রহমান

✔ 4)
আবদুল গাফফার চৌধুরী

6)
কোন বাক্যে মাথা শব্দটি বুদ্ধি অর্থে ব্যবহৃত হয়?

1)
মাথা নেই তার মাথা ব্যাথা

✔ 2)
মাথা খাটিয়ে কাজ করবে

3)
তিনিই সমাজের মাথা

4)
লজ্জায় মাথা কাটা গেল

7) 'শেষের কবিতা' রবীন্দ্রনাথের রচিত –

1)
কবিতার নাম

Hello BCS

2)
গল্প সংকোলনের নাম

✔ 3)
উপন্যাসের নাম

4)
কাব্য সংকোলনের নাম

**ব্যাখ্যা :** বিশ্বকবি রবীন্দ্রনা্থে ঠাকুর রচিত শেষের কবিতা উপন্যাস । এ উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র অমিত, লাবণ্য, কেতকী, শোভনলাল প্রমুখ।

8)
গুরুচন্ডালী দোষমুক্ত কোনটি?

✔ 1)
শবদাহ

2)

শবপোড়া

3)
মড়াদাহ

4)
শবমড়া

9)
উভয়কূল রক্ষা অর্থে ব্যবহৃত প্রবচন কোনটি?

1)
কারো পৌষ মাষ-কারো সর্বনাস

2)
চাল না চুলো-ঢেকি না কুলো

3)
বোঝার উপর শাকের আৎটি

✔ 4)
সাপও মরে লাঠি ও না ভাঙে

Hello BCS

10) কবর নাটকটির লেখক –

1)
জসীমউদ্দীন

2)
কাজী নজরুল ইসলাম

✔ 3)
মুনির চৌধুরী

4)
দ্বিজেন্দ্রলাল রায়

**ব্যাখ্যা :** কবর নাটকটি লিখেছেন মুনীর চৌধুরী।নাটকটি ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষিতে রচিত। তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগারে থাকাকালীন ১৯৫৩ সালে প্রাবন্ধিক ও সাংবাদিক রণেশ দাশগুপ্তের অনুরোধে লেখেন নাটকটি কারাগারে বসে নাটকটি রচনা করেন। মুর্দা ফকির অন্যতম চরিত্র। উল্লেখ্য যে, কবর কবিতা রচনা করেছেন পল্লীকবি জসিমউদ্দীন ।

11) কোন শব্দে বিদেশি উপসর্গ ব্যবহৃত হয়েছে?

1)
নিখুঁত

2)
আনমনা

3)
অবহেলা

✔ 4)
নিমরাজি

**ব্যাখ্যা :** বিদেশি উপসর্গ মোট ২০ টি আরবি উপসর্গ - - - > কিরে (লা)লু এই (গর)মে (বাজে) (আম) (খাস) ? . ইংরেজি উপসর্গ - - - > (হেড) (সাব) বাড়িতে (হাফ) এবং স্কুলে (ফুল) হাতা শার্ট পরেন। . হিন্দি উপসর্গ - - - > (হর) (হরেক) . ফারসি উপসর্গ - - - > (নিম) বাবু (বে)আদব (বদ)মাশ (না)লায়েক (কম) (ব)খত (ফি)রোজকে (কার)চুপি করে (দর)বার থেকে (বর)খাস্ত করে দেন ।

12)
বাংলায় কোরআন শরীফের প্রথম অনুবাদক কে?

Hello BCS

1)
মাওলানা আকরাম খা

2)
মনিরুজ্জামান ইসলামবাদী

✔ 3)
ভাই গিরিশ চন্দ্র সেন

4)
কেশব চন্দ্র সেন

13) বাংলায় টি. এস. এলিয়টের কবিতার প্রথম অনুবাদক?

1)
বুদ্ধদেব বসু

✔ 2)

রবীন্দ্রনাথ ঠাকুর

3)
সুধীন্দ্রনাথ দত্ত

4)
বিষ্ণু দে

**ব্যাখ্যা :** প্রথম বাংলায় টিএস ইলিয়টের কবিতা অনুবাদ করেন রবীন্দ্রনাথ ঠাকুর। টি এস এলিয়ট - এর The Journey of the Magi কবিতার অনুবাদ করা হয়েছিলো। রবীন্দ্রনাথ তার "পুনশ্চ" কাব্যে "তীর্থযাত্রী" কবিতা নামে এটি সংকলন করেছিলেন।

14)
"অগ্নিবীণা" কাব্য গ্রন্থে সংকলিত প্রথম কবিতা-

1)
অগ্রপথিক

✔ 2)
প্রলয়উল্লাস

Hello BCS

3)
বিদ্রোহী

4)
ধুমকেতু

15)
কোনটি তদ্ভব শব্দ?

✔ 1)
চাঁদ

2)
নক্ষত্র

3)
সূর্য

4)
গগন

16) শুদ্ধ বাক্য কোনটি?

1) দুর্বলতা বসত অনাথিনী বসে পড়ল
2) দুর্বল বসত অনাথিনী বসে পড়ল
3) দুর্বলা বসত অনাথা বসে পড়ল
✔ 4) দুর্বলতাবশত অনাথা বসে পড়ল

**ব্যাখ্যা :** অনাথা শব্দটি অনাথ শব্দের স্ত্রীলিঙ্গ।

17)
শুদ্ধ বানান কোনটি?

1)
মূমুর্ষু

✔ 2)
মুমূর্ষু

3)
মুমুষ্

4)
মুমুর্ষু

Hello BCS

18)
'রত্নাকর' শব্দটির সন্ধিবিচ্ছেদ-

1)
রত্না + কর

✔ 2)
রত্ন + আকর

3)
রত্ন + কর

4)

রত্ন + আকর

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

১১ তম বিসিএস বাংলা

**Total questions : 18 Total marks : 18**

---

1)
'রাজলক্ষ্মী' চরিত্রের স্রষ্টা ঔপন্যাসিক -

1)
তারাশংকর বন্দ্যোপাধ্যায়

2)
বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়

3)
কাজী নজরুল ইসলাম

✔ 4)
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Hello BCS

2)
কোন টি শুদ্ধ ?

1)
সৌজন্যতা

2)
সৌজন্নতা

3)
সৌজন্ন

✔ 4)
সৌজন্য

3) 'সূর্য' এর প্রতিশব্দ-

✔ 1)
আদিত্য

2)
সুধাংশু

3)
শশাংক

4)
বিধু

**ব্যাখ্যা :** "সূর্য" - এর প্রতিশব্দ - - আদিত্য।
এছাড়াও সূর্য শব্দের আরো কিছু প্রতিশব্দ হলো : দিবাকর, রবি, প্রভাকর, মিহির, ভাস্কর, বিভাকর, সবিতা, তপন, দীনেশ, ভানু, বিভাবসু ইত্যাদি।

4)
কোনটি শুদ্ধ বাক্য ?

1)
একটি গোপন কথা বলি

2)
একটি গুপ্ত কথা করি

3)
একটি গোপনকৃত কথা বলি

✔ 4)
একটা গোপনীয় কথা বলি

Hello BCS

5) প্রাচীন 'চন্দ্রদ্বীপ' এর বর্তমান নাম -

1)
মালদ্বীপ

2)
হাতিয়া

3)
সন্দ্বীপ

✔ 4)
বরিশাল

**ব্যাখ্যা :** প্রাচীন চন্দ্র দ্বীপের বর্তমান নাম - বরিশাল। বরিশাল বাংলাদেশের দক্ষিণাঞ্চলের একটি শহর। প্রাচ্যের ভেনিস নামে পরিচিত এ শহরটি বরিশাল জেলায় অবস্থিত ও এটি বরিশাল বিভাগের সদর দপ্তর।

6) "Justice delayed is justice denied' was stated by -

1)
Shakespeare

2)
Emerson

3)
Disraeli

✔ 4)
Gladstone

**ব্যাখ্যা :** According to Respectfully Quoted: A Dictionary of Quotations, it is attributable to William Ewart Gladstone, but such attribution was not verifiable. Alternatively, it may be attributed to William Penn in the form "to delay Justice is Injustice".

7)
'মোস্তফা চরিত' গ্রন্থের রচিয়তা -

Hello BCS

1)
মোঃ বরকতউল্লাহ

2)
মুহম্মদ আব্দুল হাই

✔ 3)
মাওলানা আকরাম খাঁ

4)
মুহম্মদ শহীদুল্লাহ

8)
'চাচা কাহিনীর' লেখক -

1)
সৈয়দ শামছুল হক

2)
শওকত ওসমান

3)
ফররুখ আহমেদ

✔ 4)
সৈয়দ মুজতবা আলী

9) 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি ?

1)
বিস্ময়

2)
নির্ভর

3)
দ্বিধা

✔ 4)
প্রত্যয়

**ব্যাখ্যা :** ”সংশয়” এর বিপরীতার্থক শব্দ প্রত্যয়
সংশয় শব্দের অর্থ : সন্দেহ, দ্বিধা। তাই সংশয় শব্দের বিপরীত শব্দ হচ্ছে প্রত্যয়।

Hello BCS

10)
'সমাস ভাষাকে -

✔ 1)
সংক্ষেপ করে

2)
বিস্তৃত করে

3)
অর্থবোধক করে

4)
ভাষারূপ ক্ষুন্ন

11) বেগম রোকেয়ার রচনা কোনটি ?

1)
আয়না

2)
ভাষা ও সাহিত্য

✔ 3)
অবরোধবাসিনী

4)
লালসালু

**ব্যাখ্যা :** অবরোধ - বাসিনী ভারতবর্ষের অগ্রণী নারীবাদী লেখিকা রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত একটি গ্রন্থ। বেগম রোকেয়ার অন্যতম শ্রেষ্ঠ সাহিত্যকীর্তি হিসেবে বিবেচিত গ্রন্থটি ১৯৩১ সালে প্রকাশিত হয়। এতে তৎকালীন ভারতবর্ষীয় নারীদের বিশেষ করে মুসলমান ঘরের নারীদের সমাজের অবরোধপ্রথার জন্য যে অসুবিধায় পড়তে হত তা বর্ণিত হয়েছে।
"মতিচূর " "সুলতানার স্বপ্ন" " Sultana's dream' তার রচনা।
প্রথম প্রকাশিত ছোট গল্প ' পিপাসা'

12) বাংলার গীতিকবিতায় ভোরের পাখি কে?

1)
প্যারিচাঁদ মিত্র

Hello BCS

✔ 2)
বিহারীলাল চক্রবর্তী

3)
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

4)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**ব্যাখ্যা :** বিহারীলাল চক্রবর্তী (২১ মে, ১৮৩৫ - ২৪ মে, ১৮৯৪) বাংলা ভাষার কবি। বাংলা সাহিত্যের প্রথম গীতি - কবি হিসেবে তিনি সুপরিচিত। রবীন্দ্রনাথ তাকে বাঙলা গীতি কাব্য - ধারার 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন। তার সব কাব্যই বিশুদ্ধ গীতিকাব্য। মনোবীণার নিভৃত ঝংকারে তার কাব্যের সৃষ্টি। বাঙালি কবি মানসের বহির্মুখী দৃষ্টিকে অন্তর্মুখী করার ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য। অতি অল্পকালের ভিতরে তিনি বাংলা কবিতার প্রচলিত ধারার পরিবর্তন ঘটিয়ে নিবিড় অনুভূতি প্রকাশের মাধ্যমে গীতিকবিতার ধারা চালু করেন। এ বিষয়ে তিনি সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের মাধ্যমে গভীরভাবে প্রভাবিত হন। বিহারীলাল তার কবিতায় ভাবের আধিক্যকে খুব বেশি গুরুত্ব দিয়েছেন। প্রকৃতি ও প্রেম, সংগীতের উপস্থিতি, সহজ - সরল ভাষা বিহারীলালের কবিতাকে দিয়েছে আলাদাধারার বৈশিষ্ট্য।

13) বৈরাগ্য সাধনে ----- সে আমার নয় । শূণ্যস্থান পূরণ করুন-

1)
আনন্দ

2)
আশ্বাস

3)
বিশ্বাস

✔ 4)
মুক্তি

**ব্যাখ্যা :** বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়। প্রদত্ত লাইনটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কবিতার নাম। কবিতার প্রথম লাইন ও উপরের অংশটুকু।

14)
‘------ সেপ্টেম্বর বিশ্ব স্বাক্ষরতা দিবস’ । শূণ্যস্থান পূরণ করুন।

✔ 1)
৮ ই

Hello BCS

2)
৫ ই

3)
৬ ই

4)
১০ ই

15)
বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে -

1)
কারক

2)
শব্দ

3)

ক্রিয়াপদ

✔ 4)
পদ

16)
'ক্ষমার যোগ্য' এর বাক্য সংকোচন -

1)
ক্ষমাপ্রার্থী

✔ 2)
ক্ষমার্হ

3)
ক্ষ্যমাপ্রদ

4)
ক্ষমা

Hello BCS

17) 'অর্ধচন্দ্র' এর অর্থ -

1)
কাস্তে

2)
অমাবস্যা

3)
আদর করা

✔ 4)
গলাধাক্কা দেওয়া

**ব্যাখ্যা :** "অর্ধচন্দ্র " বাগধারাটির অর্থ। হচ্ছে " গলাধাক্কা " কারন আমারা যখন কাউকে গলা ধাক্কা দিই আমাদের হাত অর্ধচন্দ্রের মত থাকে।

18)
'শিষ্টাচার' এর সমার্থক শব্দ কোনটি ?

1)

নিষ্ঠা

2)
সংযম

✔ 3)
সদাচার

4)
সততা

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

১২ তম বিসিএস বাংলা

**Total questions : 23 Total marks : 23**

---

1) ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ছিলেন প্রধানত-

1)
সাহিত্যের ইতিহাস রচয়িতা

2)
ইসলাম প্রচারক

3)
সমাজ সংস্কারক

✔ 4)
ভাষাতত্ত্ববিদ

**ব্যাখ্যা :** ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন একাধারে ভাষাবিজ্ঞানী ও ভাষাতাত্ত্বিক, গবেষক, অনুবাদক,চিন্তাবিদ, শিক্ষাবিদ। বাংলা ভাষা ও সংস্কৃতির মর্যাদা প্রতিষ্ঠায় যারা অবদান রেখেছেন, তাদের মধ্যে ড. মুহম্মদ শহীদুল্লাহ অন্যতম। জন্ম : ১০ জুলাই ১৮৮৫, পশ্চিমবঙ্গের পরগনা জেলার পেয়ারা গ্রামে।

Hello BCS

2)
শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন -

1)
বিদ্যান ব্যক্তিগ দারিদ্রতার শিকার হন

✔ 2)
বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন

3)
বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রতার শিকার হন

4)
কোনটি নয়

3)
"স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়” চরণটি কার রচনা?

1)

ঈশ্বরচন্দ্র গুপ্ত

2)
মধুসূদন দত্ত

✔ 3)
রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

4)
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

4) কোন শব্দে বিদেশি উপসর্গ ব্যবহৃত হয়েছে?

1)
নিখুঁত

2)
আনমনা

3)
অবহেলা

Hello BCS

✔ 4)
নিমরাজি

**ব্যাখ্যা :** বিদেশি উপসর্গ মোট ২০ টি আরবি উপসর্গ - - - > কিরে (লা)লু এই (গর)মে (বাজে) (আম) (খাস) ? . ইংরেজি উপসর্গ - - - > (হেড) (সাব) বাড়িতে (হাফ) এবং স্কুলে (ফুল) হাতা শার্ট পরেন। . হিন্দি উপসর্গ - - - > (হর) (হরেক) . ফারসি উপসর্গ - - - > (নিম) বাবু (বে)আদব (বদ)মাশ (না)লায়েক (কম) (ব)খত (ফি)রোজকে (কার)চুপি করে (দর)বার থেকে (বর)খাস্ত করে দেন ।

5) যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল হতে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয়, তাকে বলা হয় -

1)
আয়ন বায়ু

2)
প্রত্যায়ন বায়ু

3)
মৌসুমি বায়ু

✔ 4)
নিয়ত বায়ু

**ব্যাখ্যা :** বায়ুচাপের পার্থক্যই নিয়ত বায়ুপ্রবাহের প্রধান কারণ, যেখানে বায়ুচাপ বেশি, সেখান থেকে যেদিকে বায়ুচাপ কম, সেদিকেই বায়ু প্রবাহিত হয় । এই নিয়ম মেনে পৃথিবীর চারটি স্থায়ী উচ্চচাপ বলয় থেকে তিনটি স্থায়ী নিম্নচাপ বলয়ের দিকে সারা বছর ধরে নিয়মিত ভাবে ও নির্দিষ্ট গতিতে প্রবাহিত বায়ুই হল নিয়তবায়ু প্রবাহ ।

6)
বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধ ধারা-

1)
ছোটগল্প

2)
নাটক

3)
প্রবন্ধ

✔ 4)
গীতিকবিতা

Hello BCS

7)
কবিগান রচয়িতা এবং গায়ক হিসেবে এরা উভয়েই পরিচিত-

1)
রাম বসু এবং ভোলা ময়রা

2)
সাবিরিদ খান এবং দাশরথী রায়

3)
আলাওল এবং ভারতচন্দ্র

✔ 4)
এন্টনী ফিরিঙ্গি এবং রামপ্রসাদ রায়

8) কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে?

1)
ঠগী

2)
পানাস

3)
সেলামী

✔ 4)
পাঠক

**ব্যাখ্যা :** প্রত্যয় : শব্দ গঠনের উদ্দেশ্যে শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয় তাকে প্রত্যয় বলে। কয়েকটি শব্দের প্রকৃতি ও প্রত্যয় বিশ্লেষণ করে দেখানো হলো : নাম প্রকৃতি প্রত্যয় প্রত্যয়ান্ত শব্দ হাত + ল = হাতল ফুল + এল = ফুলেল মুখ + র = মুখর ক্রিয়া প্রকৃতি প্রত্যয় প্রত্যয়ান্ত শব্দ চল্ + অন্ত = চলন্ত জম্ + আ = জমা বাংলা শব্দ গঠনে দুই প্রকার প্রত্যয় পাওয়া যায়। যেমন : তদ্ধিত প্রত্যয় ও কৃৎপ্রত্যয়। তদ্ধিত প্রত্যয় : শব্দমূল বা নাম শব্দের সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয় তাকে বলে তদ্ধিত প্রত্যয়। যেমন : হাতল, ফুলেল ও মুখর শব্দের যথাক্রমে ল, এল ও র তদ্ধিত প্রত্যয়। কৃৎপ্রত্যয় : ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয় তাকে বলে কৃৎপ্রত্যয়। যেমন : চলন্ত, জমা ও লিখিত শব্দের যথাক্রমে অন্ত, আ ও ইত কৃৎপ্রত্যয়। তদ্ধিতান্ত শব্দ : তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দকে বলা হয় তদ্ধিতান্ত শব্দ। যেমন : হাতল, ফুলেল ও মুখর। কৃদন্ত শব্দ : কৃৎপ্রত্যয় সাধিত শব্দকে বলা হয় কৃদন্ত শব্দ। যেমন : চলন্ত, জমা ও লিখিত।

9) এক কথায় প্রকাশ করুন- যা বলা হয় নি ;-

Hello BCS

✔ 1)
অনুক্ত

2)
ব্যক্ত

3)
অউক্ত

4)
অব্যক্ত

**ব্যাখ্যা :** যা বলা হয়নি - অনুক্ত
যা প্রকাশিত হয়নি - অব্যক্ত

10)
বাগধারা যুগলদের মধ্যে কোন জোড় সর্বাধিক সমার্থবাচক?

✔ 1)
বক ধার্মিক ; বিড়াল তপস্বী

2)
অমাবস্যার চাঁদ ; আকাশ কুসুম

3)
রুই-কাতলা ; কেউ কেটা

4)
বক ধার্মিক ; ভিজে বেড়াল

11) ক্রিয়াপদের মূল অংশকে বলা হয়-

1)
বিভক্তি

2)
প্রত্যয়

3)
কৃৎ

✔ 4)
ধাতু

Hello BCS

**ব্যাখ্যা :** ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু। অন্যভাবে বলা যায়, ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া যায় ধাতু এবং ক্রিয়া বিভক্তি। ক্রিয়াপদ থেকে ক্রিয়া বিভক্তি বাদ দিলে যা থাকে তাই ধাতু।

12)
মুসলমান কবি রচিত প্রাচীন তম বাংলা কাব্য-

1)
রসুল বিজয়

2)
নুরনামা

3)
শবে মেরাজ

✔ 4)
ইউসুফ জুলেখা

13) নিম্নরেখ কোন শব্দে করণকারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?

✔ 1)
ঘোড়াকে চাবুক মার

2)
'মুষলধারে' বৃষ্টি পড়েছে

3)
গাড়ি স্টেশন ছেড়েছে

4)
ডাক্তার ডাক

**ব্যাখ্যা :** 'করণ' শব্দের অর্থ : যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কিসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা - ই করণ কারক। যেমন - নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ - কলম) 'জগতে কীর্তিমান হয় সাধনায়।' (উপায় - সাধনা)

14)
মধুসূদন দত্ত রচিত ‘বীরাঙ্গনা’-

Hello BCS

1)
মহাকাব্য

2)
গীতিকাব্য

3)
আখ্যানকাব্য

✔ 4)
পত্রকাব্য

15) কোন বানানটি শুদ্ধ?

✔ 1)
পাষাণ

2)
পাষান

3)
পাসান

4)
পাশান

**ব্যাখ্যা :** সঠিক বানান - পাষাণ। যার মানে নিষ্ঠুর, দয়ামায়াহীন।

16) "মোদের গরব মোদের আশা/আ মরি বাংলা ভাষা" রচয়িতা-

1)
রামনিধি গুপ্ত

2)
রবীন্দ্রনাথ ঠাকুর

✔ 3)
অতুল প্রসাদ সেন

4)
সত্যেন্দ্রনাথ দত্ত

Hello BCS

**ব্যাখ্যা :** অতুলপ্রসাদ বাংলা গানে ঠুংরি ধারার প্রবর্তক। তিনিই প্রথম বাংলায় গজল রচনা করেন। তার রচিত বাংলা গজলের সংখ্যা ৬ - ৭টি। গীতিগুঞ্জ (১৯৩১) গ্রন্থে তার সমুদয় গান সংকলিত হয়। এই গ্রন্থের সর্বশেষ সংস্করণে (১৯৫৭) অনেকগুলি অপ্রকাশিত গান প্রকাশিত হয়। অতুলপ্রসাদের গানের সংখ্যা ২০৮। অতুলপ্রসাদ সেনের কয়েকটি বিখ্যাত গান হল মিছে তুই ভাবিস মন, সবারে বাস রে ভালো, বঁধুয়া, নিঁদ নাহি আঁখিপাতে, একা মোর গানের তরী, কে আবার বাজায় বাঁশি, ক্রন্দসী পথচারিণী ইত্যাদি। তার রচিত দেশাত্মবোধক গানগুলির মধ্যে প্রসিদ্ধ উঠ গো ভারত - লক্ষ্মী, বলো বলো বলো সবে, হও ধরমেতে ধীর। তার মোদের গরব, মোদের আশা, আ মরি বাংলা ভাষা! গানটি বাংলাদেশ মুক্তিযুদ্ধে বিশেষ অণুপ্রেরণা জুগিয়েছিল। অতুলপ্রসাদের গানগুলি দেবতা, প্রকৃতি, স্বদেশ, মানব ও বিবিধ নামে পাঁচটি পর্যায়ে বিভক্ত। রবীন্দ্রনাথ ঠাকুর এই গানের বিশেষ গুণগ্রাহী ছিলেন। অতুলপ্রসাদী গান নামে পরিচিত এই ধারার একজন বিশিষ্ট সঙ্গীতশিল্পী হলেন কৃষ্ণা চট্টোপাধ্যায়।

17) 'রোহিনী' কোন উপন্যাসের নায়িকা?

1)
চোখের বালি

✔ 2)
কৃষ্ণকান্তের উইল

3)
গৃহদাহ

4)
পথের প্যাঁচালী

**ব্যাখ্যা :** কৃষ্ণকান্তের উইল বাংলা সাহিত্যের প্রাণপুরুষ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি বাংলা উপন্যাস। উপন্যাসটি ১৮৭৮ সালে প্রথম প্রকাশিত হয়। রোহিনী, ভ্রমর এবং গোবিন্দলালের ত্রিভুজ প্রেমের কাহিনী বর্নিত হয়েছে কৃষ্ণকান্তের উইল উপন্যাসে।

18) রূপসী বাংলার কবি-

✔ 1)
জীবনানন্দ দাশ

2)
সত্যেন্দ্রনাথ দত্ত

3)
কালিদাস রায়

4)
জসীমউদ্দীন

Hello BCS

**ব্যাখ্যা :** রূপসী বাংলার কবি জীবনানন্দ।
এছাড়াও বাংলা সাহিত্যে নির্জনতার, তিমির হননের ও ধূসরতার কবি হিসেবে তিনি পরিচিত।
জসীউদ্দীনকে পল্লী কবি বলা হয়।
শামসুর রাহমানকে বলা হয় নাগরিক কবি।

19)
'গম্ভীরা' বাংলাদেশর কোন অঞ্চলের লোকসংগীত ?

1)
পার্বত্য চট্টগ্রাম

2)
সিলেট

✔ 3)
রাজশাহী

4)
রংপুর

20) বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম মুসলমান কবি-

1)
সাবিরিদ খান

2)
শেখ ফয়জুল্লাহ

3)
মুহম্মদ কবীর

✔ 4)
শাহ্ মোহাম্মদ সগীর

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যের প্রাচীনতম মুসলিম কবি শাহ মুহম্মদ সগীর। তিনি আনুমানিক ১৩ - ১৪ শতকের কবি। বাঙালি মুসলিম কবিদের মধ্যে তিনি প্রাচীনতম। তিনি গৌড়ের সুলতান গিয়াসউদ্দীন আজম শাহের রাজত্বকালে "ইউসুফ জোলেখা " কাব্য রচনা করেন। কবি ছিলেন গিয়াসউদ্দীন আজম শাহের রাজ - কর্মচারী।

21) বটতলার পুঁথি বলতে বুঝায়-

1) অবিমিশ্রিত দেশজ বাংলায় রচিত লোকসাহিত্য
2) মধ্যযুগীয় কাব্যের হস্তলিখিত পাণ্ডুলিপি
✔ 3) দোভাষী বাংলায় রচিত পুঁথি সাহিত্য
4) বটতলা নামক স্থানে রচিত কাব্য

Hello BCS

**ব্যাখ্যা :** দোভাষী বাংলায় রচিত পুঁথি সাহিত্যকে বটতলার পুঁথি বলা হত, কারণ এগুলো কলকাতার সস্তা প্রেস থেকে বের হতো।

22) "এখানে যারা প্রান দিয়াছে রমনার ঊর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার নীচে সেখানে আমি কাঁদতে আসি নি" - এর রচিয়তা -

1)
জহির রায়হান

2)
গাফফার চৌধুরী

3)
শামসুর রাহমান

✔ 4)
মাহবুব আলম চৌধুরী

**ব্যাখ্যা :** এখানে যারা প্রান দিয়াছে রমনার ঊর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার নীচে সেখানে আমি কাঁদতে আসি নি" - এর রচিয়তা মাহবুব আলম চৌধুরী।মাহবুব উল আলম চৌধুরী (৭ নভেম্বর, ১৯২৭ - ২৩ ডিসেম্বর, ২০০৭) একজন কবি, সাংবাদিক এবং ভাষা সৈনিক। তিনি একুশের প্রথম কবিতার কবি।

23) বাংলা ভাষা এই শব্দ দুটি গ্রহণ করেছে চীনা ভাষা হতে-

1)
চাকু, চাকর

2)
খদ্দর, হরতাল

✔ 3)
চা, চিনি

4)
রিক্সা, রেঁস্তোরা

**ব্যাখ্যা :** চীনা শব্দ মনে রাখার কৌশলঃ চা, চিনি, লিচু ও লুচি চীনাদের প্রিয় খাবার। ব্যাখ্যা : চা, চিনি, লিচু ও লুচি চীনা শব্দ।

Hello BCS

## ♣ উত্তরপত্র

১৩ তম বিসিএস বাংলা

**Total questions : 21 Total marks : 21**

---

1) 'অনল প্রবাহ' রচনা করেন?

1) মোজাম্মেল হক

2) এয়াকুব আলী চৌধুরী

3) মুনিরুজ্জামান ইসলামবাদী

✔ 4) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী

**ব্যাখ্যা :** সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী (১৮৮০ - ১৯৩১) ছিলেন একজন বাঙালি লেখক ও কবি। তিনি ১৯ ও ২০ শতকে বাঙালি মুসলিম পুনর্জাগরণের প্রবক্তাদের একজন। তিনি মুসলিমদের জন্যে বিজ্ঞানসাধনা, মাতৃভাষাচর্চা, নারীদের শিক্ষা এসবের পক্ষে লেখালেখি করেন। তার অনল - প্রবাহ কাব্যগ্রন্থটি সরকার বাজেয়াপ্ত করে এবং তিনি কারাবন্দী হন।

Hello BCS

2) কোন বাক্যে সমুচ্চায়ী অব্যয় ব্যবহৃত হয়েছে ?

1) তোমাকে দিয়ে কিছু হবে না

2) ঢং ঢং ঘন্টা বাজে

3) ধন অপেক্ষা মান বড়

✔ 4) লেখাপড়া কর, নতুবা ফেল করবে

**ব্যাখ্যা :** একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চায়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে। যেমন : সংযোজক অব্যয় : ও, এবং, তাই, আর, অধিকন্তু, সুতরাং ইত্যাদি।

3) জীবনান্দ দাশের কাব্যগ্রন্থ কোনটি?

1) একক সন্ধ্যায় বসন্ত

2)

নাম রেখেছি কোমল গান্ধার

✔ 3)
ধূসর পান্ডুলিপি

4)
অন্ধকার একা

4) কোন বাক্যে 'ঢাক্ ঢাক্ গুড়ু গুড়ু' প্রবাদটির বিশেষ অর্থ প্রকাশ পেয়েছে?

1)
ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, কাজে লেগে যাও

2)
ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, কী খাবে বল

3)
ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, নিজের পায়ে দাঁড়াও

✔ 4)
ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, আসল কথাটি বল

Hello BCS

**ব্যাখ্যা :** জীবন, জগৎ ও সমাজ সম্পর্কে মানুষের বাস্তব অভিজ্ঞতাপ্রসূত এই প্রবাদ লোকসাহিত্যের একটি বিশেষ শাখা। প্রবাদ অতীতের বিষয় হয়েও সমকালকে সবচেয়ে বেশি স্পর্শ করে। আধুনিক যুগে প্রায় সব ধরনের রচনায় প্রবাদ ব্যবহৃত হয়। কবিতা, প্রবন্ধ, উপন্যাস, নাটক, সংবাদপত্র, বিজ্ঞাপন, বক্তৃতা, এমনকি দৈনন্দিন কথাবার্তায়ও প্রবাদের ব্যবহার লক্ষ করা যায়।

5)
কোনটি ঐতিহাসিক নাটক?

✔ 1)
রক্তাক্ত প্রান্তর

2)
শর্মিষ্ঠা

3)
রাজসিংহ

4)

পলাশীর যুদ্ধ

6) মাইকেল মধুসূদন দত্তের দেশপ্রেমের প্রকাশ ঘটেছে?

1)
মহাকাব্যে

2)
নাটকে

✔ 3)
সনেটে

4)
পত্রকাব্যে

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় প্রথম সনেট রচনার কৃতিত্ব মাইকেল মধুসূদন দত্তের, সনেটকে বাংলায় চতুর্দশপদী নাম মহাকবি মাইকেল মধুসূদনই দিয়েছিলেন। বাংলা সনেট (চতুর্দশপদী) এর সার্থক স্রষ্টা কবি মধুসূদন দত্ত ১৮৬৫ খ্রীষ্টাব্দে ফ্রান্সের ভার্সাই নগরীতে অবস্থানকালেই ইতালির কবি পেত্রার্কের সনেট থেকে অনুপ্রাণিত হয়ে প্রথম বাংলা সনেটের দিগন্ত উন্মোচন করেন। ১৮৬৬ খ্রীষ্টাব্দে কবির চতুর্দশপদী কবিতাগুলি গ্রন্থাকারে প্রকাশিত হয়। এই কবিতাগুলিতে কবি চিত্তের ব্যাকুলতা, স্বদেশ প্রেমিকতা ও আবেগ ধ্বনিত হয়েছে।

Hello BCS

7) গোঁফ-খেজুরে' -এ বাগ্‌ধারাটির অর্থ কী?

1)
আরামপ্রিয়

2)
উদাসীন

3)
পরমুখাপেক্ষী

✔ 4)
নিতান্ত অলস

**ব্যাখ্যা :** গোঁফ-খেজুরে' -এ বাগ্‌ধারাটির অর্থ  : নিতান্ত অলস

বাগধারা শব্দের আভিধানিক অর্থ কথার বচন ভঙ্গি বা ভাব বা কথার ঢং। বাক্য বা বাক্যাংশের বিশেষ প্রকাশভঙ্গিকে বলা হয় বাগধারা। বিশেষ প্রসঙ্গে শব্দের বিশিষ্টার্থক প্রয়োগের ফলে বাংলায় বহু বাগধারা তৈরি হয়েছে। এ ধরনের প্রয়োগের পদগুচ্ছ বা বাক্যাংশ আভিধানিক অর্থ ছাপিয়ে বিশেষ অর্থের দ্যোতক হয়ে ওঠে। বলা যায় বাক্যার্থ ছাপিয়ে এখানে ব্যাঙ্গার্থই প্রধান।

8) 'মোসলেন ভারত' নাটক সাহিত্য পত্রিকার সম্পাদক ছিলেন?

1)
মীর মোশাররফ হোসেন

2)
রেয়াজুদ্দীন আহমদ মাশহাদী

3)
মুন্সী মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ

✔ 4)
মোজাম্মেল হক

Hello BCS

**ব্যাখ্যা :** মোসলেম ভারত একটি মাসিক সাহিত্য পত্রিকা ছিল। ১৯২০ সালে ভারতবর্ষে ব্রিটিশ শাসনামলের সময় এই পত্রিকা প্রকাশিত হয়। পত্রিকার নামে মুসলিম শব্দ থাকলেও এতে অন্যান্য ধর্মের লেখকদের রচনাও প্রকাশিত হত।পত্রিকার প্রচ্ছদে ইসলামি শিল্পকলা তুলে ধরা হত।এছাড়াও প্রচ্ছদে রবীন্দ্রনাথ ঠাকুরের নিম্নোক্ত বাণী উৎকীর্ণ ছিল : ‘মানব - সংসারে জ্ঞানালোকের দিয়ালি - উৎসব চলিতেছে। প্রত্যেক জাতি আপনার আলোটীকে বড় করিয়া জ্বালাইলে তবে সকলে মিলিয়া এই উৎসব সমাধা হইবে।’

9) কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে?

✔ 1)
ওরা কী করে

2)
আপনি আসবেন

3)
আমরা যাচ্ছি

4)
তোরা খাসনে

**ব্যাখ্যা :** নামপুরুষ : বাক্যে বক্তা অনুপস্থিত যেসব ব্যক্তি, বস্তু বা প্রাণীর উল্লেখ করেন, তাদের নামপুরুষ বলে। অর্থাৎ, বক্তার সামনে নেই এমন যা কিছুর কথা বক্তা বাক্যে বলেন, সবগুলোই নামপুরুষ। নাম পুরুষের সর্বনামের রূপ হলো - সে, তারা, তাহারা, তাদের, তাহাকে, তিনি, তাঁকে, তাঁরা, তাঁদের, ইত্যাদি।

10) বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের কোন দুটি বানানই শুদ্ধ?

✔ 1)
হাতি/হাতী

2)
নারি/নারী

3)
জাতি/জাতী

4)
জাতি/জাতী

**ব্যাখ্যা :** হাতি, হাতী - [বিশেষ্য পদ] হস্তী, বারণ, কুঞ্জর, (ব্যঙ্গে) অতিশয় স্থূলকায় ব্যক্তি।

11)
ইসলামের ইতাহসে ও ঐতিহ্য কোন কব্যের উপজীব্য বিষয় ?

Hello BCS

✔ 1)
সাত সাগরের মাঝি- ফররুখ আহমদ

2)
জিঞ্জীর- কাজী নজরুল ইসলাম

3)
দিলরুবা- আবদুল কাদির

4)
নূরনামা- আবদুল হাকিম

12) কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-শতবার্ষিকী পালিত হয়?

1)
১৯৫১ সালে

✔ 2)
১৯৬১ সালে

3)
১৯৭১ সালে

4)
১৯৮১ সালে

**ব্যাখ্যা :** ০১। রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম - ১৮৬১ সালে ।
০২। কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম - শতবার্ষিকী পালিত হয় - ১৯৬১সালে ।
০৩। রবীন্দ্রনাথ ঠাকুর সালে প্রথম কাব্যগ্রন্থ রচনা করেন - ১৮৮০সালে ।
০৪। রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত উপন্যাসের নাম - বৌঠাকুরানির হাট ।
০৫। ভানুসিংহ কার ছদ্মনাম - রবীন্দ্রনাথ ঠাকুর ।

13)
মধ্যপদলোপী কর্মধারয় এর দৃষ্টান্ত-

1)
ঘর থেকে ছাড়া- ঘরছাড়া

✔ 2)
হাসি মাখা মুখ- হাসিমুখ

Hello BCS

3)
অরুণের মত রাঙা- অরুণরাঙা

4)
ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী- ক্ষণস্থায়ী

14) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের প্রধান দুটি চরিত্রের নাম-

1)
নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী

2)
মধুসূদন ও কুমুদিনী

3)
সুরেশ ও অচলা

✔ 4)
গোবিন্দলাল ও রোহিনী

**ব্যাখ্যা :** কৃষ্ণকান্তের উইল বাংলা সাহিত্যের প্রাণপুরুষ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি বাংলা উপন্যাস। উপন্যাসটি ১৮৭৮ সালে প্রথম প্রকাশিত হয়। রোহিনী, ভ্রমর এবং গোবিন্দলালের ত্রিভুজ প্রেমের কাহিনী বর্নিত হয়েছে কৃষ্ণকান্তের উইল উপন্যাসে। সামাজিক উপন্যাস। ১৮৮২ ও ১৮৮৪ সালে বঙ্গদর্শন পত্রিকার বিভিন্ন সংখ্যায় প্রকাশিত হয়।

15) কোন দুটি অঘোষ ধ্বনি?

✔ 1)
চ, ছ

2)
ড, ঢ

3)
ব, ভ

4)
দ, ধ

**ব্যাখ্যা :** অঘোষ ধ্বনি : কোনো কোনো ধ্বনি উচ্চারণরে সময় স্বরতন্ত্রী অনুরণতি হয় না। তখন ধ্বনটিরি উচ্চারণ গাম্ভীর্যহীন ও মৃদু হয়। এরূপ ধ্বনিকে বলা হয় অঘোষ ধ্বনি / Unvoiced যমেন : ক, খ ইত্যাদি। ঘোষ ধ্বনি : ধ্বনি উচ্চারণরে সময় স্বরতন্ত্রী অনুরণতি হলে ঘোষ ধ্বনি / Voiced হয়। যমেন : গ ঘ ইত্যাদি।

Hello BCS

16) "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" গানটি সুরকার কে?

1)
আব্দুল আহাদ

✔ 2)
আলতাফ মাহামুদ

3)
মাহমুদুনব্বী

4)
আবদুল লতিফ

**ব্যাখ্যা :** আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি গানটির বর্তমান সুরকার হলেন - আলতাফ মাহমুদ। তবে প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ। অন্যদিকে একুশের সর্বাধিক জনপ্রিয় এ গানটির রচিয়তা হলেন আবদুল গাফফার চৌধুরী।

17)
'যা পূর্বে ছিল এখন নেই' -এক কথায় কী হবে?

1)
অপূর্ব

2)
অদৃষ্টপূর্ব

✔ 3)
ভূতপূর্ব

4)
অভূতপূর্ব

**ব্যাখ্যা :**

অভিধানমতে, ভূতপূর্ব শব্দের অর্থ আগেকার, পূর্বে ছিল কিন্তু এখন নেই এমন। সুতরাং, বিশেষণ হিসেবে ব্যবহৃত 'প্রাক্তন' শব্দের অর্থ ভূতপূর্ব বা প্রাক্তন শিক্ষার্থী নয়, এর অর্থ আগে ছিল, কিন্তু এখন নেই এমন। যে কেউ প্রাক্তন হতে পারে এবং কে প্রাক্তন তা 'প্রাক্তন' শব্দের সঙ্গে উল্লেখ করতে হয়।

Hello BCS

18) শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির, লিখে রেখ, একবিন্দু দিলেম শিশির'। এ অংশটুকুর মূল প্রতিপাদ্য-

✔ 1)
অকৃতজ্ঞতা

2)
প্রতিদিন

3)
অসহিষ্ণুতা

4)
প্রত্যুপকার

**ব্যাখ্যা :** শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির, লিখে রেখ, এক বিন্দু দিলেম শিশির।” এ অংশটুকুর মূল প্রতিপাদ্য - অকৃতজ্ঞতা.

19)
'বন্যেরা বনে সুন্দর,শিশুরা মাতৃক্রোড়ে'- এ উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে-

1)

বনের পশু বনে থাকতে ভালবাসে

✔ 2)
জীব মাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর

3)
প্রকৃতির রূপ-সৌন্দর্য আদি ও অকৃত্রিম

4)
আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে

20)
কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

1)
আমি ভাত খেয়ে স্কুলে যাব

2)
আমি ভাত খাচ্ছি

✔ 3)
আমি দুপুরে ভাত খাই

Hello BCS

4)
তাড়াতাড়ি ভাত খেয়ে ওঠ

21) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' নামক উপন্যাসের উপজীব্য বিষয় -

1)
চরবাসীদের দুঃখী-জীবন

✔ 2)
জেলে-জীবনের বিচিত্র সুখ-দুঃখ

3)
মাঝি-মাল্লার সংগ্রামশীল জীবন

4)
চাষী-জীবনের করুণ চিত্র

**ব্যাখ্যা :** পদ্মানদীর মাঝি উপন্যাসের পটভূমি বাংলাদেশের বিক্রমপুর - ফরিদপুর অঞ্চল। এই উপন্যাসের দেবীগঞ্জ ও আমিনবাড়ি পদ্মার তীরবর্তী গ্রাম। উপন্যাসে পদ্মার তীর সংলগ্ন কেতুপুর ও পার্শ্ববর্তী গ্রামের পদ্মার

মাঝি ও জেলেদের বিশ্বস্ত জীবনালেখ্য চিত্রিত হয়েছে। পদ্মা বাংলাদেশের অন্যতম প্রধান নদী। এর ভাঙন প্রবণতা ও প্রলয়ংকরী স্বভাবের কারণে একে বলা হয় 'কীর্তিনাশা' বা রাক্ষুসী পদ্মা।

এ নদীর তীরের নির্দিষ্ট কোন সীমারেখা নেই। শহর থেকে দূরে এ নদী এলাকার কয়েকটি গ্রামের দীন - দরিদ্র জেলে ও মাঝিদের জীবনচিত্র এতে অঙ্কিত হয়েছে। জেলেপাড়ারর মাঝি ও জেলেদের জীবনের সুখ - দুঃখ, হাসি - কান্না - অভাব - অভিযোগ - যা কিনা প্রকৃতিগতভাবে সেই জীবনধারায় অবিচ্ছেদ্য অঙ্গ তা এখানে বিশ্বস্ততার সাথে চিত্রিত হয়েছে।

তাদের প্রতিটি দিন কাটে দীনহীন অসহায় আর ক্ষুধা - দারিদ্র্যের সাথে লড়াই করে। দুবেলা দুমুঠো খেয়ে - পরে বেঁচে থাকাটাই যেন তাদের জীবনের পরম আরাধ্য। এটুকু পেলেই তারা খুশি।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

১৪ তম বিসিএস বাংলা

**Total questions : 20 Total marks : 20**

---

1) 'যার কোন মূল্য নেই' , তাকে বাগধারা দিয়ে প্রকাশ করলে কোনটা হয়?

✔ 1)
ঢাকের বাঁয়া

2)
ডাকাবুকা

3)
তুলসী বনের বাঘ

4)
তামার বিষ

**ব্যাখ্যা :** যার কোন মূল্য নেই - এর বাগধারায় প্রকাশ হয় 'ঢাকের বায়া'।
ডাকাবুকা বাগধারার অর্থ - দুরন্ত।
তামার বিষ - অর্থের কুপ্রভাব
তুলসী বনের বাঘ - ভণ্ড।

Hello BCS

2) বাংলা লিপির উৎস কী?

✔ 1)
ব্রাহ্মী লিপি

2)
সংস্কৃত লিপি

3)
চীনা লিপি

4)
আরবি লিপি

**ব্যাখ্যা :** প্রাচীন ভারতীয় লিপি দুটি। ব্রাহ্মী ও খরোষ্ঠী। ব্রাহ্মী লিপি তিন ভাগে বিভক্ত। পুর্বী লিপি, মধ্য ভারতীয় লিপি এবং পশ্চিমা লিপি। পুর্বী লিপির কুটিল রূপ হতে বাংলা লিপির উদ্ভব।

3)

রবীন্দ্রনাথ ঠাকুরের ‘নির্ঝরের স্বপ্নভঙ্গ’ কবিতায় কবির উপলব্ধি হচ্ছে-

1)
বাধা-বিপত্তি প্রতিভাকে অঙ্কুরেই বিনষ্ট করে

2)
প্রকৃতি বিপুল ঐশ্বর্যের অধিকারী

3)
ভাঙ্গার পরেই গড়ার কাজ শুরু হয়

✔ 4)
ভবিষ্যত বিচিত্র ও বিপুল সম্ভাবনাময়

4) "বউ কথা কও, বউ কথা কও, কও কথা অভিমানী, সেধে সেধে কেঁদে কেঁদে, যাবে কত যামিনী’'- এই কবিতাংশটুকুর কবি কে?

1)
শামসুর রাহমান

Hello BCS

2)
বেনজির আহমেদ

✔ 3)
কাজী নজরুল ইসলাম

4)
জীবনানন্দ দাস

**ব্যাখ্যা :** উল্লিখিত কবিতাংশটুকু কবি কাজী নজরুল ইসলামের ( ১৮৯৯-১৯৭৬) "নজরুল গীতিকা" গ্রন্থ থেকে সংকলিত হয়েছে । কাজী নজরুল ইসলাম (২৫ মে ১৮৯৯ – ২৯ আগস্ট ১৯৭৬ ; ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ – ১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দ) বাঙালি কবি এবং পরবর্তী কালে বাংলাদেশের জাতীয় কবি। তিনি ছিলেন বিংশ শতাব্দীর অন্যতম অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, নাট্যকার, সঙ্গীতজ্ঞ ও দার্শনিক যিনি বাংলা কাব্যে অগ্রগামী ভূমিকা রাখার পাশাপাশি প্রগতিশীল প্রণোদনার জন্য সর্বাধিক পরিচিত। তিনি বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতি ক্ষেত্রের অন্যতম শ্রেষ্ঠ ব্যক্তিত্ব হিসেবে উল্লেখযোগ্য এবং তিনি ছিলেন বাঙালি মনীষার এক তুঙ্গীয় নিদর্শন। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ – দুই বাংলাতেই তার কবিতা ও গান সমানভাবে সমাদৃত। তার কবিতায় বিদ্রোহী দৃষ্টিভঙ্গির কারণে তাকে বিদ্রোহী কবি নামে আখ্যায়িত করা হয়েছে। তার কবিতার মূল বিষয়বস্তু ছিল মানুষের ওপর মানুষের অত্যাচার এবং সামাজিক অনাচার ও শোষণের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ।

5)
কোনটি ইব্রাহিম খাঁর গ্রন্থ নয়?

1)
সোনার শিকল

2)
আনোয়ার পাশা

3)
ইস্তাম্বুল যাত্রীর পত্র

✔ 4)
কুচবরণ কণ্যা

6) বাংলা ভাষার আদি স্তরের স্থিতিকাল কোনটি?

1)
একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী

✔ 2)
দশম থেকে চতুর্দশ শতাব্দী

Hello BCS

3)
ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী

4)
দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দী

**ব্যাখ্যা :** বাংলা ভাষার আদিস্তর ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় এর মতে, দশম থেকে চতুর্দশ শতাব্দী। ড মুহম্মদ শহীদুল্লাহ এর মতে, সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী।

7) বাংলা সাহিত্যে ‘ভোরের পাখি’ বলা হয় কাকে?

1)
রবীন্দ্রনাথ ঠাকুর

2)
রাজশেখর বসু

3)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

✔ 4)
বিহারীলাল চক্রবর্তী

**ব্যাখ্যা :**

বিহারীলাল চক্রবর্তী ছিলেন বাংলা সাহিত্যে গীতিকবিতার জনক। বাংলা সাহিত্যের আধুনিক যুগের প্রথম দিকে সফল গীতিকবিতা রচনার জন্য বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখি' উপাধি দেন। তার প্রকাশিত কাব্যগ্রন্থ হলো- স্বপ্নদর্শন, সঙ্গীত শতক, বঙ্গসুন্দরী, নিসর্গ সন্দর্শন, বন্ধুবিয়োগ, প্রেম প্রবাহিনী ও সারদামঙ্গল।

8) 'রাবণের চিতা' বাগধারা টির অর্থ কী?

1)
সামান্য কিছু নিয়ে ঝগড়া

2)
অরাজক দেশ

✔ 3)
চির অশান্তি

4)
অনিষ্ট ইষ্ট লাভ

Hello BCS

**ব্যাখ্যা :** রাবনের চিতা - বাগধারার অর্থ - চির অশান্তি।
তুচ্ছ ঘটনা - সামান্য বিষয়ে ঝগড়া করা।
অনিষ্টে ইষ্ট লাভ - আশায় নৈরাশা।
মগের মুল্লুক - অরাজক দেশ।

9)
মৌলিক শব্দ কোনটি?

1)
নেয়ে

2)
গৌরব

✔ 3)
গোলাপ

4)

শীতল

10) বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি?

1)
আয়না

✔ 2)
বসন্তকুমারী

3)
জগৎ মোহিনী

4)
মোহিনী প্রেমপাস

**ব্যাখ্যা :** মীর মশাররফ হোসেন ‘বসন্ত কুমারী' নাটকটি রচনা করেছেন কল্পনাকে আশ্রয় করে কিন্তু বাস্তবতার চিত্র এতে প্রস্ফুটিত। হিংসা, দ্বেষ, লোলুপতার জন্য যে ভয়াবহতা সৃষ্টি হয় জীবনে তারই চিত্র তুলে ধরেছেন মীর মশাররফ হোসেন।

Hello BCS

11) যৌগিক বাক্যের অন্যতম গুণ কি?

1)
একটি জটিল ও একটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন

2)
একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন

3)
দুটি মিশ্র বাক্যের সাহায্যে বাক্য গঠন

✔ 4)
দুটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন

**ব্যাখ্যা :** যৌগিক বাক্য : একাধিক সরল বাক্য কোন অব্যয় দ্বারা সংযুক্ত হয়ে একটি বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যেমন - তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি। (সরল বাক্য দুটি - তার বয়স হয়েছে, তার বুদ্ধি হয়নি) সে খুব শক্তিশালী এবং বুদ্ধিমান। (সরল বাক্য দুটি - সে খুব শক্তিশালী, সে খুব বুদ্ধিমান) যৌগিক বাক্যে এবং, ও, আর, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি - এই অব্যয়গুলো দিয়ে দুটি সরল বাক্য যুক্ত হয়। এগুলো দেখে সহজেই যৌগিক বাক্যকে চেনা যেতে পারে। তবে কোন অব্যয় ছাড়াও দুটি সরল বাক্য একসঙ্গে হয়ে যৌগিক বাক্য গঠন করতে পারে।

12) জাতিবাচক বিশেষ্যের দৃষ্টান্ত-

1)
সমাজ

2)
পানি

3)
মিছিল

✔ 4)
নদী

**ব্যাখ্যা :** জাতিবাচক বিশেষ্য : যে বিশেষ্য পদের সাহায্যে কোনো প্রাণী বা বস্তুর জাতি বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন : মানুষ, মুসলিম, নদী, বই, বাঙালি, হিন্দু, রাজা, ধনীরা ইত্যাদি।

13) কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত?

✔ 1)
আট কপালে

Hello BCS

2)
উড়নচণ্ডী

3)
ছা-পোষা

4)
ভূষণ্ডির কাক

**ব্যাখ্যা :**

- আট কপালে ➡ হতভাগ্য।
- উড়নচণ্ডী ➡ অমিতব্যয়ী।
- ছা-পোষা ➡ পোষ্য ভারাক্রান্ত।
- ভূষণ্ডির কাক ➡ দীর্ঘায়ু ব্যক্তি।

14) কার সম্পাদনায় 'সংবাদ প্রভাকর' প্রথম প্রকাশিত হয়?

✔ 1)
ঈশ্বরচন্দ্র গুপ্ত

2)
প্যারীচাঁদ মিত্র

3)
প্রমথ নাথ চৌধুরী

4)
দীনবন্ধু মিত্র

**ব্যাখ্যা :** সংবাদ প্রভাকর ছিল ঈশ্বরচন্দ্র গুপ্ত কর্তৃক প্রতিষ্ঠিত একটি দৈনিক বাংলা সংবাদপত্র। ১৮৩১ সালে একটি সাপ্তাহিক সংবাদপত্র হিসেবে এটি চালু হয় এবং আট বছর পর ১৮৩৯ সালে এটি একটি দৈনিক সংবাদপত্রে রূপান্তরিত হয়। এটিই বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্র।

15) কোন খ্যাতিমান লেখক 'বীরবল' ছদ্মনামে লিখতেন?

1)
প্রথম নাথ বিশী

✔ 2)
প্রমথ চৌধুরী

3)
প্রেমেন্দ্র মিত্র

4)
প্রথম নাথ বসু

Hello BCS

**ব্যাখ্যা :** প্রমথ চৌধুরী কিছুদিন কলকাতা হাইকোর্টে আইন ব্যবসা করেন । কিছুকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন কলেজে পড়ান । তিনি ঠাকুর এস্টেটের ম্যানেজার ছিলেন। এছাড়াও তিনি মাসিক সবুজপত্র ও বিশ্বভারতী সম্পাদনা করেন।রবীন্দ্রনাথের অগ্রজ সত্যেন্দ্রনাথ ঠাকুরের(১৮৪২ - ১৯২৩) কন্যা ইন্দিরা দেবীর (১৮৭৩ - ১৯৬০) সহিত তাহার বিবাহ হয়। তিনি ছিলেন রবীন্দ্রনাথের ভাইঝি জামাই। লেখক আশুতোষ চৌধুরী(১৮৮৮ - ১৯৪৪) সম্পর্কে প্রমথ চৌধুরীর অগ্রজ। রবীন্দ্রনাথের ভগিনী প্রতিভা দেবীর সহিত আশুতোষ চৌধুরী বিবাহ হয়। তার সাহিত্যিক ছদ্মনাম ছিল বীরবল। তার সম্পাদিত সবুজ পত্র বাংলা সাহিত্যে চলতি ভাষারীতি প্রবর্তনে আগ্রণী ভূমিকা পালন করে। তার প্রবর্তিত গদ্যরীতিতে "সবুজ পত্র" নামে বিখ্যাত সাহিত্যপত্র ইতিহাসে প্রতিষ্ঠিত হয়েছেন। তারই নেতৃত্বে বাংলা সাহিত্যে নতুন গদ্যধারা সূচিত হয়। তিনি বাংলা সাহিত্যে ইতালিয় সনেট এর প্রবর্তক।

16)
ধ্বনি নির্দেশক প্রতীক-

1)
ধ্বনির শ্রুতি অগ্রাহ্য রূপ

✔ 2)
ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ

3)
একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ

4)
শব্দের ক্ষুদ্রতম অংশ

17) কোন বানানটি শুদ্ধ?

1)
বিভিসীকা

✔ 2)
বিভীষিকা

3)
বীভিষিকা

4)
বীভিষীকা

**ব্যাখ্যা :** বিভীষিকা - [বিশেষ্য পদ] ভয়জনক দৃশ্য, ভয়প্রদর্শন, ভীষণ ভয়, আতঙ্ক।

18) কোনটি বিশেষণ বাক্যের শব্দ?

1)
জীবাণু

2)
জীবিকা

✔ 3)
জীবনী

4)
জীবন

Hello BCS

**ব্যাখ্যা :** জীবনী - (১) [বিশেষ্য পদ] জীবনচরিত ; (২) [বিশেষণ পদ] প্রাণ - দায়িনী, জীবনসঞ্চারিণী।

19)
কবি জসীমউদ্দীনের জীবনকাল কোনটি?

1)
১৯১০-১৯৮৭ ইং

2)
১৮৮৯-১৯৬৬ ইং

✔ 3)
১৯০৩-১৯৭৬ ইং

4)
১৮৯৯-১৯৭৯ ইং

20)
'আমীর হামজা' কাব্য রচনা করেন কে?

Hello BCS

✔ 1)
ফকির গরীবুল্লাহ

2)
রেজাউদ্দৌলা

3)
আলাওল

4)
সৈয়দ হামজা

---

## ♣ উত্তরপত্র

১৫ তম বিসিএস বাংলা

**Total questions : 20 Total marks : 20**

---

1) 'ঠক চাচা’ চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায়?

1)
জোহরা

2)
মৃত্যুক্ষুধা

3)
হাজার বছর ধরে

✔ 4)
আলালের ঘরের দুলাল

**ব্যাখ্যা :** আলালের ঘরের দুলাল বাংলা ভাষায় রচিত প্রথম সফল উপন্যাস।প্যারীচাঁদ মিত্র ওরফে টেকচাঁদ ঠাকুর (১৮১৪ - ১৮৮৩) ১৮৫৭ সালে এটি রচনা করেন

Hello BCS

2) সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য-

✔ 1)
ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে

2)
বাক্যের সরলতা ও জটিলতায়

3)
অর্ধ-তৎসম ও তৎসম শব্দের ব্যবহারে

4)
শব্দের কথ্য ও লেখ্য রূপে

ব্যাখ্যা :

**সাধু ও চলিত ভাষার পার্থক্য**

উত্তর: সাধু ও চলিত ভাষার পার্থক্য: বাংলা ভাষার দুটি রূপ—সাধু ভাষা ও চলিত ভাষা। দুটি রূপের মধ্যে যেমন প্রকৃ
রয়েছে, তেমনি পার্থক্যও রয়েছে। নিচে এ দুয়ের পার্থক্য আলোচনা করা হলো।

| সাধু ভাষা | চলিত ভাষা |
|---|---|
| ১। যে ভাষায় সাধারণত সাহিত্য রচিত হয় এবং যা মার্জিত ও সর্বজনস্বীকৃত, তাই সাধু ভাষা। | ১। শিক্ষিত লোক সাধারণ কথাবার্তায় যে ভাষা ব করে থাকে, তা - ই চলিত ভাষা। |
| ২। সাধু ভাষা ব্যাকরণের সুনির্দিষ্ট ও সুনির্ধারিত নিয়মের অনুসারী। | ২। চলিত ভাষার সুনির্ধারিত ব্যাকরণ আজও হয়নি। |
| ৩। সাধু ভাষা গুরুগম্ভীর ও আভিজাত্যের অধিকারী। | ৩। চলিত ভাষা সহজ ও স্বাভাবিক। এ ভাষা ম মনোভাব প্রকাশে উপযোগী। |
| ৪। সাধু ভাষার কাঠামো সাধারণত অপরিবর্তনীয়। | ৪। চলিত ভাষা পরিবর্তনশীল। |
| ৫। সাধু ভাষা কৃত্রিম। | ৫। চলিত ভাষা কৃত্রিমতা - বর্জিত। |
| ৬। সাধু ভাষা নাটকের সংলাপ, আলাপ - আলোচনা ও বক্তৃতায় তেমন উপযোগী নয়। | ৬। চলিত ভাষা নাটকের সংলাপ, আলাপ - আ ও বক্তৃতায় বেশ উপযোগী। |
| ৭। সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদগুলো সাধারণত দীর্ঘ হয়ে থাকে। যেমন—খাইতেছি, তাহারা ইত্যাদি। | ৭। চলিত ভাষায় ক্রিয়া এবং সর্বনাম পদ সংক্ষিপ্ত। যেমন—খাচ্ছি, তারা ইত্যাদি। |
| ৮। এ ভাষা প্রাচীন। | ৮। এটি আধুনিক। |
| ৯। সাধু ভাষায় তৎসম শব্দের প্রয়োগ বেশি। | ৯। চলিত ভাষায় অর্ধতৎসম, তদ্ভব, দেশি ও বি শব্দের প্রয়োগ বেশি। |
| ১০। সাধু ভাষায় অপিনিহিত ও অভিশ্রুতির ব্যবহার নেই। | ১০। চলিত ভাষায় এদের প্রয়োগ লক্ষণীয়। |

Hello BCS

3) Wisdom' শব্দের বাংলা অর্থ-

✔ 1)
প্রজ্ঞা

2)
জ্ঞান

3)

বুদ্ধি

4)
মেধা

**ব্যাখ্যা :** জ্ঞান, জ্ঞান, প্রজ্ঞা, বিজ্ঞত্ব , আত্মজ্ঞান

4) ঢাকা মুসলিম সাহিত্য সমাজ’ এর প্রধান লেখক ছিলেন-

1)
মোহাম্মদ বরকতউল্লাহ,আবুল কালাম শামসুদ্দীন প্রমুখ

2)
মোহাম্মদ আকরাম হক,মুহম্মদ শহীদুল্লাহ প্রমুখ

3)
কাজী ইমদাদুল হক,মোহাম্মদ ওয়াজেদ আলী প্রমুখ

✔ 4)
কাজী আবদুল ওদুদ, আবুল হুসেন প্রমুখ

Hello BCS

**ব্যাখ্যা :** মুসলিম সাহিত্য - সমাজ ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন যুক্তিবাদী ও প্রগতিশীল শিক্ষক ও ছাত্রের উদ্যোগে প্রতিষ্ঠিত সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুসলিম হল ইউনিয়ন কক্ষে বাংলা ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র সভাপতিত্বে ১৯২৬ সালের ১৯ জানুয়ারি মুসলিম সাহিত্য - সমাজ প্রতিষ্ঠিত হয়। সংগঠনটির পরিচালনার দায়িত্ব অর্পণ করা হয়েছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ও বাণিজ্য বিভাগের অধ্যাপক আবুল হুসেন, মুসলিম হলের ছাত্র এ.এফ.এম আবদুল হক, ঢাকা ইন্টারমিডিয়েট কলেজের ছাত্র আবদুল কাদির প্রমুখের ওপর। এরাই ছিলেন প্রথম কার্যনির্বাহী সংসদের সদস্য। নেপথ্যে থেকে দায়িত্ব পালন করতেন ঢাকা ইন্টারমিডিয়েট কলেজের বাংলা বিভাগের অধ্যাপক কাজী আবদুল ওদুদ ও যুক্তিবিদ্যার অধ্যাপক কাজী আনোয়ারুল কাদীর

5)
‘তাপ’ শব্দের বিপরীতার্থক শব্দ-

1)
শীতল

2)
উত্তাপ

3)
হিম

✔ 4)
শৈত্য

6) রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলাম কে উৎসর্গ করেছিলেন?

✔ 1)
বসন্ত

2)
বিসর্জন

3)
ডাকঘর

4)
অচলায়তন

**ব্যাখ্যা :** রবীন্দ্রনাথ ঠাকুর তার রচিত বসন্ত নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিল।
বসন্ত রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ঋতুনাট্য। ১৩২৯ বঙ্গাব্দের ১০ ফাল্গুন নাটকটি প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়। এটি একটি পালাগান এবং নাটকের আঙ্গিকে রচিত রবীন্দ্রনাথের প্রথম পালাগান। এটি কবির প্রথম ঋতুনাট্যও বটে। নাটকের বিষয়বস্তু বসন্তের আগমন ও বিদায়।
নাটকে ব্যবহৃত গানগুলি গীতবিতান গীতিসংকলনের প্রকৃতি পর্যায়ের বসন্ত উপপর্যায়ের অন্তর্গত। রবীন্দ্রনাথ নাটকটি উৎসর্গ করেন কাজী নজরুল ইসলামের উদ্দেশ্যে। পরে এই নাটকটি ঋতু - উৎসব (১৯২৬) সংকলন গ্রন্থে সংকলিত হয়।

Hello BCS

7) শুদ্ধ বানানটি নির্দেশ করুন

1)
মূহুর্মুহু

2)
মুর্হূমূর্হ

3)
মুর্হুর্মূহ

✔ 4)
মুহুর্মুহু

**ব্যাখ্যা :** শুদ্ধ বানান হচ্ছে মুহুর্মুহু /অব্যয় পদ/ বারংবার।

8)
‘ইচ্ছা’ বিশেষ্যের বিশেষণটি নির্দেশ করুন-

1)
ইচ্ছাময়

2)
ইচ্ছুক

3)
অনিচ্ছা

✔ 4)
ঐচ্ছিক

9) ট্রাজেডি, কমেডি ও ফার্সের মূল পার্থক্য-

1)
দৃষ্টিভঙ্গির সূক্ষতায়

✔ 2)
জীবনানুভূতির গভীরতায়

Hello BCS

3)
কাহিনীর সরলতা ও জটিলতায়

4)
ভাষার প্রকারভেদ

**ব্যাখ্যা :** ‘ট্র্যাজেডি’ হচ্ছে শোকাবহ বা দুঃখজনক অবস্থা বা ঘটনা সংবলিত রচনা বা বিয়োগান্ত নাটকাদি। ‘কমেডি’ হচ্ছে হাস্য - রসাত্মক ঘটনা সংবলিত রচনা বা নাটক এবং ‘ফার্স’ হচ্ছে প্রসহসনমূল রচনা। সুতরাং ট্রাজেডি, কমেডি ও ফার্সের মধ্যে মূল পার্থক্য হচ্ছে জীবনানুভূতির গভীরতায়।

10)
‘অপমান’ শব্দের ‘অপ’ উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?

1)
নিকৃষ্ট

2)
বিকৃত

✔ 3)
বিপরীত

4)
অভাব

11)
'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?

1)
দুঃ+লোক

2)
দ্বি+লোক

3)
দি+লোক

✔ 4)
দিব্+লোক

Hello BCS

12)
'সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন।হউক দূর অকল্যাণ সকল অশোভন।'-চরণ দুটি কার লেখা?

1)
রবীন্দ্রনাথ ঠাকুর

2)
কাজী নজরুল ইসলাম

3)
গোলাম মোস্তফা

✔ 4)
শেখ ফজলল করিম

13) 'প্রভাত চিন্তা','নিভৃত চিন্তা','নিশীথ চিন্তা' প্রভৃতি গ্রন্থের রচয়িতা-

✔ 1)
কালীপ্রসন্ন ঘোষ

2)
কালী প্রসন্ন দাস

3)
কৃষ্ণচন্দ্র মজুমদার

4)
এস ওয়াজেদ আলী

**ব্যাখ্যা :** কালীপ্রসন্ন ঘোষ এর লেখালেখি
কালীপ্রসন্ন মূলত দর্শন ও সমাজ সম্পর্কে লিখতেন।
প্রবন্ধ
প্রভাত - চিন্তা (১৮৭৭)
নিভৃত - চিন্তা (১৮৮৩)
নারীজাতিবিষয়ক প্রস্তাব (১৮৯৬)
নিশীথ - চিন্তা (১৮৯৬)

14)
"সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত"-এই উক্তিটি কার?

Hello BCS

1)
রবীন্দ্রনাথ ঠাকুর

2)
কাজী আব্দুল ওদুদ

3)
মোহাম্মদ লুৎফর রহমান

✔ 4)
প্রমথ চৌধুরী

15)
যে ভূমিতে ফসল জন্মায় না-

✔ 1)
ঊষর

2)
বন্ধ্যা

3)
অনুর্বর

4)
পতিত

16)
কোন ব্যাকটিতে সমধাতুজ কর্ম আছে?

✔ 1)
সে যে চাল চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া আর কিছু বলা যায়

2)
সেই বই পড়ছে

3)
সে গভীর চিন্তায় মগ্ন

4)
সে ঘুমিয়ে আছে

Hello BCS

17)
'সমকাল' পত্রিকার সম্পাদক ছিলেন-

1)
বিনয় ঘোষ

2)
মোহাম্মদ আকরাম খাঁ

3)
তোফাজ্জল হোসেন

✔ 4)
সিকান্দার আবু জাফর

18)
'সোনালী কাবিন'-এর রচয়িতা কে?

✔ 1)
আল মাহমুদ

2)
হাসান হাফিজুর রহমান

3)
হুমায়ুন আজাদ

4)
শক্তি চট্টোপাধ্যায়

19)
বাংলা একাডেমী থেকে প্রকাশিত ত্রৈমাসিক সাহিত্য পত্রিকার নাম-

1)
সুন্দরম

2)
লোকায়ত

3)
কিছুধ্বনি

✔ 4)
উত্তরাধিকার

Hello BCS

20)
'বঙ্গদর্শন' পত্রিকা কোন সালে প্রথম প্রকাশিত হয়?

1)
১৮৬৫

✔ 2)
১৮৭২

3)
১৯৭৫

4)
১৯৮১

## ♣ উত্তরপত্র

১৬ তম বিসিএস বাংলা

**Total questions : 20 Total marks : 20**

---

1) "সব কটা জানালা খুলে দাও না" এর গীতিকার কে?

✔ 1)
মরহুম নজরুল ইসলাম বাবু

2)
মরহুম আলতাফ মাহমুদ

3)
ড. মনিরুজ্জামান

4)
মরহুম ড. আবু হেনা মোস্তফা কামাল

**ব্যাখ্যা :** সব ক'টি জানালা খুলে দাও না' গানটির গীতিকার নজরুল ইসলাম বাবু। নজরুল ইসলাম বাবু (১৭ জুলাই ১৯৪৯ - ১৪ সেপ্টেম্বর ১৯৯০) বাংলাদেশের একজন গীতিকবি ও বীর মুক্তিযোদ্ধা। "সব কটা জানালা খুলে দাও না", "একটি বাংলাদেশ তুমি জাগ্রত জনতার" গানের গীতিকার তিনি। ১৯৯১ সালে মুক্তিপ্রাপ্ত পদ্মা মেঘনা যমুনা চলচ্চিত্রের গীত রচনার জন্য তিনি শ্রেষ্ঠ গীতিকার বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন।

Hello BCS

2) 'একুশে ফেব্রুয়ারী' গ্রন্থের সম্পাদক কে ছিলেন?

1)
বেগম সুফিয়া কামাল

✔ 2)
হাসান হাফিজুর রহমান

3)
আবুল বরকত

4)
মুনীর চৌধুরী

**ব্যাখ্যা :** "একুশে ফেব্রুয়ারি "(১৯৫৩) ভাষা আন্দোলন ভিত্তিক প্রথম সাহিত্য সংকলনের সম্পাদক ছিলেন হাসান হাফিজুর রহমান। "একুশে ফেব্রুয়ারি " সংকলনটি প্রকাশের তিন সপ্তাহের মধ্যেই পাকিস্তান সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়। তার এ সংকলনেই "আমার ভাইয়ের রক্তে রাঙানো" গানটি প্রথম প্রকাশিত হয়।

3) ‘রোহিণী’ চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায়?

✔ 1)
কৃষ্ণকান্তের উইল

2)
চরিত্রহীন

3)
গৃহদাহ

4)
শংসপ্তক

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যের সার্থক উপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাস। এই উপন্যাসে বিধবা নারী রোহিণী স্বীয় ব্যর্থ জীবনের হাহাকারের জন্য আত্মহত্যা করতে চাই। রোহিণীকে কেন্দ্র করে বিভিন্ন ধর্মীয় ও সামাজিক সমস্যার রূপায়ণ এই উপন্যাসের মূল সুর । এটি একটি সামাজিক উপন্যাস। চরিত্র : গোবিন্দলাল, রোহিণী।

4) জীবনানন্দ দাশের জন্মস্থান কোন জেলায়?

Hello BCS

1)
ফরিদপুর জেলা

✔ 2)
বরিশাল জেলা

3)
ঢাকা জেলা

4)
রাজশাহী জেলা

**ব্যাখ্যা :** জীবনানন্দ দাশ (17 ফেব্রুয়ারি 1899 - 22 অক্টোবর 1954) ছিলেন একজন ভারতীয় কবি, লেখক, ঔপন্যাসিক এবং বাংলা ভাষার প্রাবন্ধিক। জনপ্রিয়ভাবে "রূপসী বাংলার কবি" (সুন্দর বাংলার কবি) নামে পরিচিত। বরিশালে একজন বৈদ্য - ব্রাহ্ম পরিবারে জন্মগ্রহণ করেন, দাস কলকাতার প্রেসিডেন্সি কলেজে ইংরেজি সাহিত্য অধ্যয়ন করেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এমএ ডিগ্রি অর্জন করেন।

5) কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ?

1)
গণদেবতা

2)
বিষবৃক্ষ

3)
আরণ্যক

✔ 4)
ঘরে বাইরে

**ব্যাখ্যা :** ঘরে বাইরে (১৯১৬) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস। উপন্যাসটি সবুজপত্র পত্রিকায় প্রকাশিত হয় ১৯১৫ সালে। স্বদেশী আন্দোলনের পটভূমিকায় রচিত এই উপন্যাসে একদিকে আছে জাতিপ্রেম ও সংকীর্ণ স্বাদেশিকতার সমালোচনা, অন্যদিকে আছে সমাজ ও প্রথা দ্বারা নিয়ন্ত্রিত নারী পুরুষের সম্পর্ক ; বিশেষত পরস্পরের আকর্ষণ - বিকর্ষণের বিশ্লেষণ।

6) 'যা চিরস্থায়ী নয়'-

1)
অস্থায়ী

2)
ক্ষণিক

Hello BCS

3)
ক্ষণস্হায়ী

✔ 4)
নশ্বর

**ব্যাখ্যা :** যা চিরস্থায়ী নয় - নশ্বর।
যা বিনষ্ট হয় না - অবিনশ্বর।
যা স্থায়ী নয় - অস্থায়ী
সঠিক উত্তর - নশ্বর।

7)
কোন গ্রন্থটি ঢাকা হতে প্রথম প্রকাশিত হয়েছিল?

1)
দুর্গেশনন্দিনী

✔ 2)
নীলদর্পণ

3)
অগ্নিবীণা

4)
মেঘনাদবধ কাব্য

8)
'সওগাত' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

✔ 1)
মোহাম্মদ নাসিরুদ্দিন

2)
কাজী নজরুল ইসলাম

3)
আবুল কালাম আজাদ

4)
খান মুহাম্মদ মঈনুদ্দিন

Hello BCS

9)
সমগ্র পবিত্র কুরআনের প্রথম বাংলা অনুবাদ কে করেন?

1)
গোলাম মোস্তফা

2)
ফররুখ আহমদ

✔ 3)
ভাই গিরীশচন্দ্র সেন

4)
সুনীতিকুমার চট্টোপাধ্যায়

10)
সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য-

1)
তৎসম ও অতৎসম শব্দের ব্যবহারে

✔ 2)
ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়

3)
বাক্যর সরল ও জটিলরূপে

4)
শব্দের রূপগত ভিন্নতায়

11) "জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।"- এ উক্তিটি কোন পত্রিকার প্রতি সংখ্যায় লেখা থাকতো?

1)
সওগাত

2)
মোহাম্মদী

3)
সমকাল

✔ 4)
শিখা

Hello BCS

**ব্যাখ্যা :** সমকালের অন্যান্য সাময়িকপত্র থেকে শিখা ভিন্ন ধরনের ছিল।
মুসলিম সাহিত্য - সমাজের সারা বছরের কর্মকাণ্ডের পরিচয় বহন করত এটি।
শিখার প্রতিটি সংখ্যার উপরে "জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব" কথাটি লেখা থাকত।
এটি বাঙালি মুসলিম সমাজে নতুন যুগের হাওয়া বইয়ে দিতে চেয়েছিল।

12) “পথিক তুমি পথ হারাইয়াছ” – কথাটি কার?

1)
রবীন্দ্রনাথ ঠাকুর

2)
মীর মোশাররফ হোসেন

3)
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

✔ 4)

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**ব্যাখ্যা :** 'পথিক তুমি কি পথ হারাইয়াছ?' কথাটি সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত দ্বিতীয় উপন্যাস কপালকুণ্ডলা'র
কপালকুণ্ডলা সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত দ্বিতীয় উপন্যাস। সম্ভবত এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক রোমান্টিক উপন্যাস। ১৮৬৬ খ্রিষ্টাব্দে এটি প্রথম প্রকাশিত হয়। এটি বাংলা সাহিত্যের একটি কাব্যধর্মী উপন্যাস।

13)
বাংলা একাডেমি কোন বছর প্রতিষ্ঠিত হয়?

1)
১৯৫৬

2)
১৯৫২

3)
১৩৫২

✔ 4)
১৯৫৫

Hello BCS

14)
"মানুষেরই মাঝে স্বর্গ নরক, মানুষেতে সুরাসুর'- এ পঙক্তিটি কার রচনা?

1)
শামসুর রাহমান

✔ 2)
শেখ ফজলুল করিম

3)
রবীন্দ্রনাথ ঠাকুর

4)
কাজী নজরুল ইসলাম

15) 'অচিন' শব্দের 'অ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?

1)

বিয়োগান্ত

2)
নেতিবাচক

3)
অজানা

✔ 4)
নঞর্থক

**ব্যাখ্যা :** 'অচিন' শব্দের 'অ' উপসর্গটি নঞর্থক অর্থে ব্যবহৃত হয়েছে।

16) ‘সমকাল’ পত্রিকার সম্পাদক কে ছিলেন?

1)
মোহাম্মদ আকরম খাঁ

✔ 2)
সিকানদার আবু জাফর

3)
তোফাজ্জল হোসেন

Hello BCS

4)
নাসিরুদ্দীন

**ব্যাখ্যা :** 'সমকাল' পত্রিকার সম্পাদক ছিলেন সিকানদার আবু জাফর।
সমকাল বাংলাদেশ (তৎকালীন পূর্ব পকিস্তান) থেকে প্রকাশিত বাংলা ভাষার অন্যতম বিখ্যাত সাহিত্য পত্রিকা।
এর সম্পাদক ছিলেন কবি সিকান্দার আবু জাফর (১৯ মার্চ ১৯১৮/১৯১৯ - ৫ আগস্ট ১৯৭৫)।

17)
‘Intellectual’ শব্দের বাংলা অর্থ-

1)
বুদ্ধিমান

2)
মননশীল

3)
মেধাবী

✔ 4)
বুদ্ধিজীবী

18)
অবমূল্যায়ন’ ও ‘অবদান’ শব্দ দুটিতে ‘অব’ উপসর্গটি সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক?

✔ 1)
দুটি শব্দে উপসর্গটির অর্থ দুই রকম

2)
শব্দ দুটিতে উপসর্গটি মোটামুটি একই অর্থে ব্যবহৃত হয়েছে

3)
শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে

4)
দুটি শব্দে উপসর্গটির অর্থ আপাত-বিচারে ভিন্ন হলেও আসলে এক

19)
প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?

Hello BCS

✔ 1)
উৎকৃষ্ট

2)
উৎকর্ষতা

3)
উৎকর্ষ

4)
উৎকৃষ্টতা

20)
কবি কাজী নজরুল ইসলাম ‘সঞ্চিতা’ কাব্যটি কাকে উৎসর্গ করেছিলেন?

1)
বারীন্দ্রকুমার ঘোষ

2)
বিরজাসুন্দরী দেবী

✔ 3)
রবীন্দ্রনাথ ঠাকুর

4)
মুজাফফর আহমদ

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

১৭ তম বিসিএস বাংলা

**Total questions : 20 Total marks : 20**

---

1) 'লাঠালাঠি' শব্দটির সমাস -

1)
দ্বন্দ

2)
কর্মধারয়

✔ 3)
বহুব্রীহি

4)
তৎপুরুষ

**ব্যাখ্যা :** যে সমাসের পূর্বপদ ও পরপদ কারো অর্থ প্রাধান্য পায় না , সম্পূর্ণ তৃতীয় একটি অর্থ প্রকাশ পায়, তাকে বহুব্রীহি সমাস বলে।
Hello BCS
প্রধানত বহুব্রীহি সমাস সাত প্রকার :
১/ সমানাধিকরন বহুব্রীহি : দশানন—দশ আনন যার
২/ ব্যাধিকরণ বহুব্রীহি : পাপমতি - - পাপে মতি যার
৩/ মধ্যপদোলোপি বহুব্রীহি : বিড়ালাক্ষী - - বিড়ালের অক্ষির মতো অক্ষি যার
৪/ অলোপ বহুব্রীহি : মুখেভাত - - মুখে ভাত দেওয়া হয় যে অনুষ্ঠানে।
৫/ ব্যাতিহার বহুব্রীহি : লাঠালাঠি - - লাঠিতে লাঠিতে লড়াই।
৬/ না বহুব্রীহি : নির্বাক - - নেই বাক যার।
৭/সহার্থক বহুব্রীহি : সবাক - - বাকের সহিত বর্তমান

2) হযরত মোহাম্মদ (সঃ) ছিলেন আদর্শ মানব'- বাক্যটি নিম্নোক্ত একটি শ্রেণীর-

1)
মিশ্র

2)
জটিল

✔ 3)
সরল

4)

যৌগিক

**ব্যাখ্যা :** সরল বাক্য : যে বাক্যে একটি কর্তা বা উদ্দেশ্য ও একটি সমাপিকা ক্রিয়া থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন - পুকুরে পদ্ম ফোটে। (উদ্দেশ্য - পুকুরে, সমাপিকা ক্রিয়া - ফোটে) মা শিশুকে ভালোবাসে।

3) অক্ষির সমীপে'র সংক্ষেপে হলো-

1) প্রত্যক্ষ

2) পরোক্ষ

3) নিরপেক্ষ

✔ 4) সমক্ষ

শরৎচন্দ্রের কোন উপন্যাসটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল?

✔ 1)
পথের দাবী

2)
নিষ্কৃতি

3)
চরিত্রহীন

4)
দত্তা

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

২৫ তম বিসিএস বাংলা

**Total questions : 21 Total marks : 21**

---

1) বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক কে?

✔ 1)
মাইকেল মধুসূদন দত্ত

2)
রবীন্দ্রনাথ ঠাকুর

3)
দেবেন্দ্রনাথ সেন

4)
মোহিত লাল মজুমদার

**ব্যাখ্যা :**

Hello BCS

ইতালীয় সনেটো শব্দটি থেকে সনেট শব্দের উৎপত্তি। Sonnetto শব্দের অর্থ গীতি স্পন্দিত মৃদু ধ্বনি। বাংলা সনেট হলো গীতিকবিতার একটি শাখা। যে কবিতায় কবি হৃদয়ের একটিমাত্র ভাব বা অনুভূতি অখণ্ড থেকে চতুর্দশ অক্ষর ও চতুর্দশ চরণ দ্বারা একটি বিশেষ পদের মধ্য দিয়ে কবিতা হিসেবে আত্মপ্রকাশ লাভ করে তাকে চতুর্দশপদী কবিতা বা সনেট বলে। ইতালীয় রেনেসাঁর সন্ধিক্ষণে চতুর্দশ শতকে কবি পেত্রার্ক (Petrach) সনেটের উদ্ভাবক। বাংলা সাহিত্যাঙ্গনে বাংলায় সনেট রচনা শুরু করেন মাইকেল মধুসূদন দত্ত এবং তার হাতেই এসেছে সনেট রচনার যুগান্তর সাফল্য। এ কারণেই তাকে বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক বলা হয়। ১৮৬০ সালে তিনি সনেট রচনার পরিকল্পনা গ্রহণ করলেও ১৮৬৫ সালে ফ্রান্সের ভার্সাই নগরীতে অবস্থানকালেই প্রথম বাংলা সনেট রচনা করেন। তার রচিত ১০২টি সনেটের সমন্বয়ে ১৮৬৬ সালের ১ আগস্ট ‘চতুর্দশপদী কবিতাবলী’ প্রকাশিত হয়। তিনি বাংলা সনেট ছাড়াও বেশ কয়েকটি ইংরেজি সনেট ও রচনা করেন। পরবর্তী সময়ে বাংলা সনেট রচনায় দেবেন্দ্রনাথ সেন, মোহিতলাল মজুমদার, রবীন্দ্রনাথ ঠাকুরসহ আরো অনেকে সার্থকতার স্বাক্ষর রাখেন।

2) 'ক্ষীয়মান’ এর বিপরীত শব্দ কি?

1)
বৃহৎ

2)
বর্ধিষ্ণু

✔ 3)

বর্ধমান

4)
বৃদ্ধিপ্রাপ্ত

**ব্যাখ্যা :**

পল্লীকবি জসীমউদ্দীনের (১৯৩০-১৯৭৬ খ্রি) একটি বিখ্যাত কবিতা ‘কবর’ প্রথম প্রকাশিত হয় ‘কল্লোল’ পত্রিকার ১৩৩২ বঙ্গাব্দের শ্রাবণ সংখ্যায়। কবিতাটি তার প্রথম কাব্যগ্রন্থ ‘রাখালী’ (১৯২৭) তে অন্তর্ভুক্ত হয়। তিনি যখন দশম শ্রেণীর ছাত্র ছিলেন তখন এ কবিতাটি রচনা করেছিলেন।

3) কোন কবিতা রচনার জন্য কাজী নজরুল ইসলামের ‘অগ্নিবীণা’ কাব্য নিষিদ্ধ হয়?

1)
বিদ্রোহী

✔ 2)
আনন্দময়ীর আগমনে

3)
প্রলয়োল্লাস

Hello BCS

4)
রক্তাম্বরধারিনী মা

**ব্যাখ্যা :**

বিদ্রোহী কবি নজরুল ইসলামের বিখ্যাত কাব্যগ্রন্থ ‘অগ্নিবীণা’তে প্রলয়োল্লাস, বিদ্রোহী এবং রক্তাম্বরধারিণী মা কবিতা তিনটি অন্তর্ভুক্ত। ধূমকেতুর ২৬ সেপ্টেম্বর, ১৯২২ সংখ্যায় নজরুলের রাজনৈতিক কবিতা ‘আনন্দময়ীর আগমনে’ প্রকাশ হলে ৮ নভেম্বর পত্রিকার ঐ সংখ্যা নিষিদ্ধ করা হয় এবং কবিতা রচনার জন্য ব্রিটিশ সরকার কর্তৃক ১ বছর কারাদণ্ড দণ্ডিত হন। উল্লেখ্য, অনেকে লিখে থাকেন ‘অগ্নিবীণা’ ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল। এ তথ্য সত্য নয়। গ্রন্থটি কোনোদিন নিষিদ্ধ হয়নি।

4) 'চাঁদমুখ' এর ব্যাসবাক্য হলো-

1)
চাঁদ মুখের ন্যায়

✔ 2)
চাঁদের মত মুখ

3)

চাঁদ মুখ যার

4)
চাঁদরূপ মুখ

**ব্যাখ্যা :**

সাধারণ গুণের উল্লেখ ব্যতীত উপমেয়র সাথে উপমান পদের যে সমাস হয়, তাকে বলে উপমিত কর্মধারয় সমাস। ‘চাঁদমুখ’ -এর ব্যাসবাক্য হলো ‘মুখ চাঁদের ন্যায়।’ বা চাঁদের মত মুখ। এটি উপমিত কর্মধারয় সমাসের অন্তর্গত।

5) ‘সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা’– এই বাক্যে ‘ঔষধ’ শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?

✔ 1)
কর্মকারকে শূন্য

2)
সম্পাদনে সপ্তমী

3)
অধিকরণে শূন্য

Hello BCS

4)
কর্তৃকারকে শূন্য

**ব্যাখ্যা :**

কর্তা যা করে বা যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয় তাকে কর্মকারক বলে। যেমন : তুমি বই পড় ; এখানে 'বই' কর্মকারক । যাকে স্বত্ব ত্যাগ করে কিছু দান করা হয় তাকে সম্প্রদান কারক বলে। যেমন : দরিদ্রকে ধন দাও । ক্রিয়ার সময়, বিষয় ও স্থানকে অধিকরণ কারক বলে। যেমন : শিশুরা খেলা করছে। সুতরাং, প্রশ্নে 'ঔষধ' কর্মকে কেন্দ্র করে দেয়া ক্রিয়াটি সম্পন্ন হওয়ায় 'ঔষধ' শব্দটি কর্মকারক (শূন্য বিভক্তি)।

6) ‘নষ্ট হওয়ার স্বভাব যার’ এক কথায় হবে-

1)
নিদাঘ

✔ 2)
নশ্বর

3)
নষ্টমান

4)
বিনশ্বর

**ব্যাখ্যা :**

'নষ্ট হওয়ার স্বভাব যার'-এর এককথায় প্রকাশ হবে নশ্বর। নশ্বর-এর অপর অর্থ হলো নাশশীল, অনিত্য বা অস্থায়ী। অন্যদিকে নিদাঘ অর্থ গ্রীষ্মকাল বা উত্তাপ, নষ্টমান অর্থ নষ্ট হয়ে যাচ্ছে যা এবং বিনশ্বর অর্থ বিনাশধর্মী বা অনিত্য।

7) যে সমাসের পূর্বাপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বুঝায় তাকে বলে-

1)
দ্বন্দ্ব সমাস

2)
রূপক সমাস

✔ 3)
দ্বিগু সমাস

4)
বহুব্রীহি সমাস

Hello BCS

**ব্যাখ্যা :**

যে সমাসে সমাহার অর্থাৎ সমষ্টি অর্থে সংখ্যাবাচক পূর্বপদের সাথে উত্তরপদের সমাস হয় এবং উত্তরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে দ্বিগু সমাস বলে। যেমন : সে (তিন) তারের সমাহার = সেতার।

8) 'জসীমউদ্দিনের কবর' কবিতা কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

1)
তত্ত্ববোধিনী পত্রিকা

2)
ধুমকেতু

✔ 3)
কল্লোল

4)
কালি ও কলম

**ব্যাখ্যা :**

পল্লীকবি জসীমউদ্দীনের (১৯৩০-১৯৭৬ খ্রি) একটি বিখ্যাত কবিতা ‘কবর’ প্রথম প্রকাশিত হয় ‘কল্লোল’ পত্রিকার ১৩৩২ বঙ্গাব্দের শ্রাবণ সংখ্যায়। কবিতাটি তার প্রথম কাব্যগ্রন্থ ‘রাখালী’ (১৯২৭) তে অন্তর্ভুক্ত হয়। তিনি যখন দশম শ্রেণীর ছাত্র ছিলেন তখন এ কবিতাটি রচনা করেছিলেন।

9) 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছো, সুতরাং তুমি প্রথম হবে’ কোন ধরনের বাক্য?

1)
সরল

✔ 2)
জটিল

3)
যৌগিক

4)
অনুজ্ঞামুলক

**ব্যাখ্যা :**

Hello BCS

জটিল বা মিশ্র বাক্য : যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্য ও তাকে আশ্রয় বা অবলম্বন করে এক বা একাধিক খণ্ডবাক্য থাকে, তাকে জটিল বা মিশ্র বাক্য বলে। জটিল বাক্যে একাধিক খণ্ডবাক্য থাকে। এদের মধ্যে একটি প্রধান থাকে, এবং অন্যগুলো সেই বাক্যের উপর নির্ভর করে। প্রতিটি খণ্ড-বাক্যের পরে কমা (,) বসে। তাই আমরা এভাবে বলতে পারি। জটিল বা মিশ্র বাক্য হল, যে বাক্যে একটি স্বাধীন বাক্য এবং এক বা একাধিক অধীন বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে জটিল বাক্য বা মিশ্র বাক্য বলে। যেমন :

- যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে। (প্রথম অংশটি আশ্রিত খণ্ডবাক্য, দ্বিতীয়টি প্রধান খণ্ডবাক্য)
- যিনি পরের উপকার করেন, তাঁকে সবাই শ্রদ্ধা করে।
- কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি।

10) কোন বাক্যটি শুদ্ধ?

1)
তাহার জীবন সংশয়পূর্ণ

2)
তাহার জীবন সংশয়ময়

✔ 3)
তাহার জীবন সংশয়াপূর্ণ

4)
তাহার জীবন সংশয়ভরা

**ব্যাখ্যা :**

'সংশয়' শব্দটি একটি বিশেষ্যপদ, যার বিশেষণ হলো 'সংশয়াপূর্ণ'। সংশয়াপূর্ণ শব্দটির অর্থ সন্দেহপূর্ণ বা দ্বিধাপূর্ণ। উপরিউক্ত বাক্যে 'তাহার জীবন সংশয়াপূর্ণ' দ্বারা গভীর অনিশ্চয়তা প্রকাশ করা হয়েছে।

11) 'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোট গল্পের নায়িকা?

✔ 1)
সমাপ্তি

2)
দেনাপাওনা

3)
পোষ্টমাষ্টার

4)
মধ্যবর্তিনী

Hello BCS

**ব্যাখ্যা :**

রবীন্দ্রনাথ ঠাকুরের 'সমাপ্তি' ছোটগল্পের নায়িকা 'মৃন্ময়ী' এবং নায়ক 'অপূর্বকৃষ্ণ'। অন্যদিকে তার 'দেনাপাওনা' ছোটগল্পের নায়িকা 'নিরু', 'পোস্টমাস্টার' গল্পের বালিকা চরিত্র 'রতন' এবং 'মধ্যবর্তিনী' গল্পের নায়িকা 'হরসুন্দরী' ও 'শৈলবালা' এবং নায়ক 'নিবারণ'।

12) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম সম্পাদক কে?

1)
প্যারিচাদ মিত্র

2)
রবীন্দ্রনাথ ঠাকুর

✔ 3)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যয়

4)
প্রমথ চৌধুরী

**ব্যাখ্যা :**

১৮৭২ সালে বাংলা উপন্যাস সাহিত্যের স্থপতি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪খ্রি) প্রথম ‘বঙ্গদর্শন’ পত্রিকাটি প্রকাশ করেন এবং তিনিই এ পত্রিকার প্রথম সম্পাদক।

13) কোনটি মুহাম্মাদ এনামুল হকের রচনা?

1)
ভাষার ইতিবৃত্ত

2)
আধুনিক ভাষাতত্ত্ব

✔ 3)
মনীষা মঞ্জুষা

4)
বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান

**ব্যাখ্যা :**

Hello BCS

‘মনীষা মঞ্জুষা’ বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক মুহম্মদ এনামুল হক (১৯০৬-১৯৮২ খ্রি) রচিত এক সংকলন গ্রন্থ। দু খণ্ডের এ গ্রন্থের প্রথম খণ্ড ১৯৭৫ সালে এবং দ্বিতীয় খণ্ড ১৯৭৬ সালে প্রকাশিত হয়। ‘আধুনিক ভাষাতত্ত্ব’ গবেষণা গ্রন্থটি রচনা করেন আবুল কালাম মনজুর মোরশেদ। ‘বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান’ গ্রন্থটি সম্পাদনা করেন ড. মুহম্মদ শহীদুল্লাহ। উল্লেখ্য ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত আরেকটি ভাষাতত্ত্ব হলো ‘বাংলা ভাষার ইতিবৃত্ত’।

14) ‘উত্তম পুরুষ’ উপন্যাসের রচয়িতা কে?

1)
শওকত ওসমান

2)
জহির রায়হান

3)
শহীদুল্লাহ কায়সার

✔ 4)
রশীদ করিম

**ব্যাখ্যা :**

রশীদ করিমের একটি অন্যতম উপন্যাস হলো ‘উত্তম পুরুষ’। ১৯৬১ সালে প্রকাশিত এ উপন্যাসটি নগরজীবনের বৈশিষ্ট্য অবলম্বনে রচিত। তার অন্যান্য উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে- প্রসন্ন পাষাণ (১৯৬৩), আমার যত গ্লানি (১৯৭৩) , মায়ের কাছে যাচ্ছি ইত্যাদি। শওকত ওসমান রচিত উল্লেখযোগ্য উপন্যাস - জননী (১৯৬৮), ক্রীতদাসের হাসি (১৯৬২), জাহান্নাম হইতে বিদায় (১৯৭১) ইত্যাদি। জহির রায়হান রচিত উল্লেখযোগ্য উপন্যাস- হাজার বছর ধরে (১৯৬৪), আরেক ফাল্গুন (১৯৬৮), বরফ গলা নদী (১৯৬৯) ইত্যাদি। শহীদুল্লাহ কায়সার রচিত উল্লেখযোগ্য উপন্যাস - সারেং বউ (১৯৬২) ও সংশপ্তক (১৯৬৫)।

15)
কোনটি শুদ্ধ বানান?

1)
দন্দ

2)
দ্বন্দ

✔ 3)
দ্বন্দ্ব

4)
দন্ব

Hello BCS

16) সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাকা’ রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা?

✔ 1)
বলাকা

2)
সোনার তরী

3)
চিত্রা

4)
পুনশ্চ

**ব্যাখ্যা :** প্রদত্ত পংক্তিটি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের (১৮৬১ - ১৯৪১ খ্রি) 'বলাকা' কাব্যগ্রন্থের 'বলাকা' নামক কবিতার প্রথম পঙক্তি। বলাকা কাব্যগ্রন্থটি প্রকাশিত হয় ১৯১৫ সালে।

17)
বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ রচনা করেন?

1)
সুকুমার সেন

✔ 2)
দিনেশচন্দ্র সেন

3)
মুহম্মদ শহীদুল্লাহ

4)
অসিত কুমার বন্দ্যোপাধ্যায়

**ব্যাখ্যা :**

বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক দীনেশচন্দ্র সেন (১৮৬৬-১৯৩৯ খ্রি) ১৮৯৬ সালে ‘বঙ্গভাষা ও সাহিত্য’ নামে প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের সুশৃঙ্খল ও তথ্যসমৃদ্ধ ধারাবাহিক ইতিবৃত্তমূলক এ গ্রন্থটি রচনা করেন। আর এটিই বাংলা সাহিত্যের প্রথম যথার্থ ইতিহাস গ্রন্থ হিসেবে স্বীকৃত। অন্যদিকে ড. সুকুমার সেন, ড. মুহম্মদ শহীদুল্লাহ এবং অসিতকুমার বন্দ্যোপাধ্যায় রচিত ইতিহাস বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থগুলো হলো যথাক্রমে ‘বাঙ্গালা সাহিত্যের ইতিহাস’ (১৯৪০), ‘বাংলা ভাষার ইতিবৃত্ত’ (১৯৫৯) এবং ‘বাংলা সাহিত্যের ইতিবৃত্ত’ (১ম খণ্ড) (১৯৫৯)।

Hello BCS

18) নিম্নের কোন পর্যটক সোনারগাও এসেছিলেন?

1)
ফা হিয়েন

✔ 2)
ইবনে বতুতা

3)
মার্কো পোলো

4)
হিউয়েন সাং

**ব্যাখ্যা :** ইবনে বতুতা সোনারগাঁও এসেছিলেন। মুহাম্মদ ইবনে বতুতা বা ইবনে বতুতা (ফেব্রুয়ারি ২৫, ১৩০৪ - ১৩৬৮ অথবা ১৩৬৯ সুন্নি মুসলিম পর্যটক, চিন্তাবিদ, বিচারক এবং সুন্নি ইসলামের মালিকি মাজহাবে বিশ্বাসী একজন ধর্মতাত্ত্বিক। তার পূর্ণ নাম হলো আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে বতুতা তিনি ১৭ রজব ৭০৩ হিজরী

মোতাবেক ১৩০৪ খ্রিষ্টাব্দের ২৪ ফেব্রুয়ারি রবিবার দিন মরোক্কোর তাঞ্জিয়ারে জন্মগ্রহণ করেন। চীন সহ পৃথিবীর অনেক জায়গায় তিনি "শামস - উদ্ - দ্বীন" নামেও পরিচিত। তিনি সুলতান ফখরুদ্দিন মোবারক শাহ এর আমলে বঙ্গে পর্যটনে এসে সোনারগাঁও এসেছিলেন।

19) 'অমিত্রাক্ষর' ছন্দের বৈশিষ্ট্য হলো-

1)
অন্ত্যমিল আছে

✔ 2)
অন্ত্যমিল নেই

3)
চরনের প্রথমে মিল থাকে

4)
বিশ মাত্রার পর্ব থাকে

**ব্যাখ্যা :** 'অমিত্রাক্ষর ছন্দ' হলো অন্ত্যমিলনহীন এবং যতির বাধাধরা নিয়ম লঙ্ঘনকারী ছন্দবিশেষ। এর ইংরেজি পরিভাষা Blank verse । অমিত্রাক্ষরে ভাবের প্রবহমানতা নেই এবং ১৪ মাত্রার চরণ থাকে এবং চরণ শেষে অন্ত্যমিল থাকে না।

Hello BCS

20) বাংলা ছন্দ কত রকমের?

1)
এক রকমের

2)
দু রকমের

✔ 3)
তিন রকমের

4)
চার রকমের

**ব্যাখ্যা :** বাক্য পরম্পরায় ভাষাগত ধ্বনি প্রবাহের সুসামঞ্জস্য, সঙ্গীত - মধুর ও তরঙ্গ - ঝঙ্কৃত ভঙ্গি রচনা করা হয় যে পরিমিত পদবিন্যাস রীতিতে তাকেই বলে ছন্দ। বাংলাছন্দকে প্রধানত তিন ভাগে ভাগ করা হয় - মাত্রাবৃত্ত ছন্দ (Moric Metre) , স্বরবৃত্ত ছন্দ ( Stressed Maetre) এবং অক্ষরবৃত্ত ছন্দ ( Mixed or composite Meter)।

21) ‘কাশবনের কন্যা’ কোন জাতীয় রচনা?

1) নাটক

✔ 2) উপন্যাস

3) ছোট গল্প

4) কাব্য

**ব্যাখ্যা :**

ঔপন্যাসিক শামসুদ্দীন আবুল কালাম রচিত অন্যতম উপন্যাস ‘কাশবনের কন্যা’। এটি জেলে সম্প্রদায়ের জীবনভিত্তিক উপন্যাস। ১৯৫৪ সালে প্রকাশিত (গ্রন্থাকারে) উপন্যাসটিতে বরিশাল অঞ্চলের মুখের ভাষা ও জীবনবোধ অত্যন্ত সুন্দরভাবে ফুটিয়ে তোলা হয়েছে।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com
Hello BCS

## ♣ উত্তরপত্র

২৬ তম বিসিএস বাংলা

**Total questions : 35 Total marks : 35**

---

1)
প্র, পরা, অপ–

1)
বাংলা উপসর্গ

✔ 2)
সংস্কৃত উপসর্গ

3)
বিদেশি উপসর্গ

4)
উপসর্গ স্থানীয় অব্যয়

**ব্যাখ্যা :**

Hello BCS

বাংলা ভাষায় ব্যবহৃত নিজস্ব উপসর্গকে বলা হয় খাটি বাংলা উপসর্গ। বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা ২১টি । উপসর্গগুলো হলো : অ, অঘা, অজ, অনা, আ, আড় , আন, আব, ইতি, উন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা । যেসব উপসর্গ সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে সেসব উপসর্গকে বলা হয় তৎসম বা সংস্কৃত উপসর্গ। সংস্কৃত উপসর্গ প্রধানত ২০টি । যথা : প্র, পরা, অপ, সম্, নি, অনু, অব, নির , দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ। আরবি, ফারসি , ইংরেজি , হিন্দি- এসব ভাষার বহু শব্দ বহুকাল ধরে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে। এসব উপসর্গকে বিদেশি উপসর্গ নামে অভিহিত করা হয়। বিদেশি উপসর্গের মধ্যে কতকগুলো ফারসি ও ইংরেজি উপসর্গ বাংলায় বহুল প্রচলিত।

2) কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?

✔ 1)
মৃত্যুক্ষুধা

2)
আলেয়া

3)
ঝিলিমিলি

4)

মধুমালা

**ব্যাখ্যা :**

বাংলা সাহিত্যের বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) দ্বিতীয় উপন্যাস 'মৃত্যুক্ষুধা' ১৯৩০ সালে তিনি রচনা করেন। ব্রিটিশ বিরোধী অসহযোগ আন্দোলনের পটভূমিতে উপন্যাসটি রচিত। অন্যদিকে ঝিলিমিলি (১৯৩০), আলেয়া (১৯৩২) এবং মধুমালা (১৯৫৮) তার রচিত তিনটি নাটক।

3) কোন গ্রন্থটি মহাকাব্য?

1)
অবকাশ রঞ্জিনী

✔ 2)
বৃত্রসংহার

3)
বিরহ বিলাপ

4)
বীরাঙ্গনা কাব্য

Hello BCS

**ব্যাখ্যা :**

মহাকাব্য হলো কোনো জাতির উত্থান-পতনের কাহিনী ওজস্বী ছন্দে বর্ণিত সাহিত্যকর্ম। 'বৃত্রসংহার'– ১ম ও ২য় খন্ড হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১৮৭৫ ও ১৮৭৭ সালে রচনা করেন। 'বৃত্র ; নামক অসুর কর্তৃক স্বর্গবিজয় ও দেবরাজ ইন্দ্র কর্তৃক স্বর্গের অধিকার পুনস্থাপন বৃত্তাসুরের নিধনই 'বৃত্রসংহার' মহাকাব্যের উপজীব্য।

4) কোনটি দীনবন্ধু মিত্রের রচনা?

✔ 1)
কমলে কামিনী

2)
চক্ষুদান

3)
বিধবা বিবাহ

4)
ভদ্রার্জুন

ব্যাখ্যা :

দীনবন্ধু মিত্র (১৮৩০-১৮৭৩ খ্রি) বাংলা সাহিত্যের একজন প্রখ্যাত নাট্যকার। তার উল্লেযোগ্য নাটকগুলোর মধ্যে রয়েছে- 'নীলদর্পণ' (১৮৬০), 'সধবার একাদশী' (১৮৬৬), 'কমলে কামিনী' (১৮৭৩), 'নবীন তপস্বিনী' (১৮৬৩), ইত্যাদি। 'ভদ্রার্জুন' হলো তারাচরণ শিকদার রচিত নাটক, যা বাঙালি লিখিত প্রথম মৌলিক নাটক হিসেবে স্বীকৃত। রামনারায়ণ তর্করত্নের চক্ষুদান প্রহসন মূলক গ্রন্থ।

5) 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন?

1) ঈশ্বরচন্দ্র গুপ্ত

✔ 2) অক্ষয়কুমার দত্ত

3) প্যারীচাঁদ মিত্র

4) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

Hello BCS

ব্যাখ্যা :

সাহিত্য, বিজ্ঞান, দর্শন, ইতিহাস, রাজনীতি, সামাজিক ও অর্থনৈতিক সমস্যা ইত্যাদি বিষয় নিয়ে ১৮৪৩ সালে 'তত্ত্ববোধিনী' পত্রিকাটি যাত্রা শুরু করে। তখন পত্রিকার সম্পাদনা করতেন অক্ষয়কুমার দত্ত। অন্যদিকে ঈশ্বরচন্দ্র গুপ্তের সম্পাদনায় 'সংবাদ প্রভাকর' (১৮৩১) ও 'সংবাদ রত্নাবলী' (১৮৩২) এবং বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় 'বঙ্গদর্শন' (১৮৭২) পত্রিকা প্রকাশিত হয়। প্যারীচাঁদ মিত্রের সম্পাদনায় মাসিক পত্রিকা (১৮৫৪) প্রকাশিত হয়।

6) 'বত্রিশ সিংহাসন' কার রচনা?

✔ 1) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

2) রামরাম বসু

3) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

4) রাজিব লোচন মুখোপাধ্যায়

**ব্যাখ্যা :** ভাষাবিদ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার (১৭৬২-১৮১৯) ছিলেন উইলিয়াম কেরির অধীন পণ্ডিত। তিনি অধ্যাপনার পাশাপাশি ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ লেখক হিসেবে প্রতিষ্ঠিত ছিলেন।
তিনি উইলিয়াম কেরির উৎসাহে বত্রিশ সিংহাসন (১৮০২), রাজাবলি (১৮০৮), হিতোপদেশ (১৮০৮), বেদান্তচন্দ্রিকা (১৮১৭) ও প্রবোধচন্দ্রিকা (১৮৩৩) গ্রন্থগুলো রচনা করেন।
রামরাম বসু (১৭৫৭-১৮১৩) ছিলেন উইলিয়াম কেরির সহযোগী পাঠ্যপুস্তক রচনাকারীদের অন্যতম অগ্রণী। তিনি দুটি গদ্যগ্রন্থ রচনা করেন- রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১) ও লিপিমালা (১৮০২)।
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) বাংলা গদ্যের অবয়ব নির্মাণ, শিক্ষা বিস্তার ও সমাজ সংস্কারে বিশেষ ভূমিকা পালন করেছিলেন। তার কিছু সাহিত্যকর্ম হলো বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭), শকুন্তলা (১৮৫৪), সীতার বনবাস (১৮৬০) আখ্যানমঞ্জরী (১৮৬৩), ভ্রান্তিবিলাস (১৮৬৯) ইত্যাদি।

7) কোনটি "পক্ব" অর্থে প্রকাশ পায়?

1)
পাকা বাড়ি

2)
পাকা রং

3)
পাকা কাজ

✔ 4)
পাকা আম

Hello BCS

**ব্যাখ্যা :**

'পাকা' শব্দটি সাধারণত পক্ব, শুভ্র বা শুক্ল, স্থায়ী, নিপুণ, সম্পূর্ণ, খাঁটি ইত্যাদি হওয়া অর্থে ব্যবহৃত হয়। এখানে পক্ক অর্থ বোঝানো হচ্ছে 'পাকা আম' দ্বারা । অন্যদিকে পাকা বাড়ি বলতে ইটের তৈরি বাড়ি ; পাকা রং বলতে স্থায়ী রং এবং পাকা কাজ বলতে নিপুণতার সাথে কৃতকাজকে বোঝানো হয়।

8) উপসর্গ কোনটি?

✔ 1)
অতি

2)
থেকে

3)
চেয়ে

4)

দ্বারা

ব্যাখ্যা :

‘অতি’ একটি সংস্কৃত বা তৎসম উপসর্গ। এটা অধিক, অতিক্রান্ত, অনুচিত ইত্যাদি অর্থে বাক্যে যুক্ত করা হয়। অন্যদিকে থেকে, চেয়ে ও দ্বারা তিনটি অব্যয় পদ।

9) ‘লাঠালাঠি’—এটি কোন সমাস?

1)
প্রাদি সমাস

✔ 2)
ব্যতিহার বহুব্রীহি সমাস

3)
তৎপুরুষ সমাস

4)
কর্মধারয় সমাস

Hello BCS

ব্যাখ্যা :

প্রাদি সমাস হলো প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সাথে কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস। যেমন-পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ। ব্যতিহার বহুব্রীহি সমাস হলো যে সমাসে একই রূপ দুটি বিশেষ্যপদ এক সাথে বসে পরস্পর একই জাতীয় কাজ করে যেমন- কানে কানে যে কথা = কানাকানি। তৎপুরুষ সমাস হলো যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়। যেমন- ঢেঁকিতে ছাঁটা = ঢেঁকিছাঁটা। কর্মধারয় সমাস হলো বিশেষণ ও বিশেষ্যপদ মিলে যে সমাস এবং বিশেষ্যের বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়। যেমন- নীল যে পদ্ম = নীলপদ্ম। এখানে লাঠালাঠি = লাঠিতে লাঠিতে যে যুদ্ধ, অর্থাৎ এটি ব্যতিহার বহুব্রীহি সমাস।

10) বাংলা একাডেমী কোন সালে প্রতিষ্ঠিত হয়?

1)
১৯৫৪

✔ 2)
১৯৫৫

3)
১৯৫৬

4)
১৯৫৭

**ব্যাখ্যা :**

ভাষা আন্দোলনের পরিপ্রেক্ষিতে ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়।বাংলা একাডেমি ভবনের পূর্বনাম বর্ধমান হাউস। বাংলা একাডেমির প্রথম পরিচালক ড. মুহম্মদ এনামুল হক এবং প্রথম মহাপরিচালক ড. মাযহারুল ইসলাম।

11) কোন নাটকটি সেলিম আল দীনের?

✔ 1)
মুনতাসীর ফ্যান্টাসী

2)
পায়ের আওয়াজ পাওয়া যায়

3)
কবর

4)
বহুব্রীহি

Hello BCS

**ব্যাখ্যা :**

'মুনতাসীর ফ্যান্টাসী' বিশিষ্ট নাট্যকার সেলিম আলদীনের একটি প্রতীকাশ্রয়ী কৌতুক নাটক। নাট্যকার তার নাট্যচর্চার শুরুর দিকে লেখা ও নাটকটির নাম 'মুনতাসীর ফ্যান্টাসী' রাখলেও পরে ফ্যান্টাসী বাদ দিয়ে শুধুই 'মুনতাসীর' নামকরণ করেন। 'পায়ের আওয়াজ পাওয়া যায়' সৈয়দ শামসুল হকের, 'কবর' (১৯৬৬) মুনীর চৌধুরীর এবং 'বহুব্রীহি' হুমায়ূন আহমেদের উল্লেখযোগ্য সাহিত্যকর্ম।

12) ড. মুহম্মদ শহীদুল্লাহর বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থের নাম-

1)
বঙ্গভাষা ও সাহিত্য

✔ 2)
বাংলা সাহিত্যের কথা

3)
বাঙ্গালা সাহিত্যের ইতিহাস

4)

বাংলা সাহিত্যের ইতিবৃত্ত

**ব্যাখ্যা :**

ড. মুহম্মদ শহীদুল্লাহ তার কর্মময় জীবনে বহু গ্রন্থ রচনা করে গেছেন। তার রচিত গবেষণা ও ভাষাতত্ত্ব বিষয়ক গ্রন্থগুলোর মধ্যে রয়েছে- 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড ১৯৫৩, ২য় খণ্ড ১৯৬৫), বাংলা ভাষার ইতিবৃত্ত (১৯৬৫), ভাষা ও সাহিত্য (১৯৩১) ইত্যাদি। 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থটি লিখেছেন ডা. দীনেশচন্দ্র সেন ; 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' (প্রবন্ধ/৪ খণ্ড) গ্রন্থটি লিখেছেন ড. সুকুমার সেন এবং 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' (প্রবন্ধ) লিখেছেন মুহাম্মদ আব্দুল হাই ও সৈয়দ আলী আহসান যৌথভাবে।

13) 'সূর্য দীঘল বাড়ি' চলচ্চিত্রের পরিচালক কে?

✔ 1)
শেখ নিয়ামত শাকের

2)
জহির রায়হান

3)
সুভাষ দত্ত

4)
খান আতা

Hello BCS

**ব্যাখ্যা :**

- 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাসটির রচয়িতা আবু ইসহাক। শেখ নিয়ামত আলী এবং মসিহউদ্দিন শাকেরের পরিচালনায় উপন্যাসটি অবলম্বনে চলচ্চিত্র নির্মিত হয়।
- জহির রায়হান পরিচালিত চলচ্চিত্রের মধ্যে রয়েছে– কাঁচের দেয়াল (১৯৬৩), সঙ্গম (১৯৬৪), বেহুলা (১৯৬৬), জীবন থেকে নেয়া (১৯৭০), Stop Genocide (প্রামাণ্য চলচ্চিত্র), A state in Born (প্রামাণ্য চলচিত্র) ইত্যাদি।

14) 'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?

✔ 1)
সমাস

2)
সন্ধি

3)
প্রত্যয়

4)
উপসর্গ

**ব্যাখ্যা :**

নবান্ন (নতুন ধানের অন্ন) শব্দটিতে সমস্যমান পদের অর্থকে না বুঝিয়ে একটি উৎসবকে বোঝানো হয়েছে। সুতরাং এটি একটি বহুব্রীহি সমাস। আবার পূর্বপদে বিশেষণ ও পরপদে বিশেষ্য থাকায় এটি সমানাধিকরণ বহুব্রীহি।

15) ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয় কত সালে?

1)
১৮০০ সালে

✔ 2)
১৮০১ সালে

3)
১৮০২ সালে

4)
১৮০৪ সালে

Hello BCS

**ব্যাখ্যা :**

ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় কর্তৃত্ব প্রতিষ্ঠা করার পর প্রশাসন চালাতে এ দেশী ভাষাজ্ঞান, সাহিত্য, সমাজ, ইতিহাস ইত্যাদি জানার প্রয়োজন অনুভব করে ১৮০০ খ্রিস্টাব্দের ১৮ আগস্ট ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করে। কোম্পানির তরুণ কর্মকর্তাদের প্রশিক্ষণ দানই ছিল এর প্রধান কাজ। ১৮০১ খ্রিস্টাব্দে উইলিয়াম কেরির নেতৃত্বে ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ চালু করা হয়।

16) 'উদাসীন পথিকের মনের কথা' কোন জাতীয় রচনা?

1)
কাব্য

2)
নাটক

✔ 3)
আত্মজৈবনিক উপন্যাস

4)
গীতিকবিতার সংকলন

**ব্যাখ্যা :**

‘উদাসীন পথিকের মনের কথা’ মুসলমান নাট্যকার মীর মশাররফ হোসেন রচিত একটি আত্মজৈবনিক উপন্যাস।

17) ‘তাজকেরাতুল আউলিয়া’ অবলম্বনে ‘তাপসমালা’ কে রচনা করেন?

1) মুন্সী আব্দুল লতিফ

2) কাজী আকরাম হোসেন

✔ 3) গিরিশচন্দ্র সেন

4) শেখ আব্দুল জব্বার

**ব্যাখ্যা :**

শেখ ফরীদুদ্দীন সাত্তারের ফারসি ভাষায় রচিত ‘তাজকেরাতুল আওলিয়া’ অবলম্বনে ভাই গিরিশচন্দ্র সেন ‘তাপসমালা’ গ্রন্থটি রচনা করেন। উল্লেখ্য, গিরিশচন্দ্র সেন প্রথম বাংলায় পূর্ণাঙ্গ কুরআন শরীফ অনুবাদ করেন।

Hello BCS

18) কাজী নজরুল ইসলাম কোন কবিতা রচনার জন্য কারাবরণ করেন?

1) বিদ্রোহী

2) প্রলয়োল্লাস

✔ 3) আনন্দময়ীর আগমনে

4) নারী

**ব্যাখ্যা :**

কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) তার ‘আনন্দময়ীর আগমনে’ কবিতাটি রচনার জন্য কারারুদ্ধ হন এবং এক বছরের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। ‘প্রলয়শিখা’ গ্রন্থের জন্য তিনি ৬ মাস কারাদণ্ডে দণ্ডিত হন। ‘বিদ্রোহী’ কবিতা রচনার জন্য তিনি বিদ্রোহী কবি হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

19) 'পাখি সব করে রব রাতি পোহাইল'-পঙক্তিটির রচয়িতা কে?

✔ 1)
মদনমোহন তর্কালঙ্কার

2)
রামনারায়ণ তর্করত্ন

3)
বিহারীলাল চক্রবর্তী

4)
কৃষ্ণচন্দ্র মজুমদার

**ব্যাখ্যা :**

'পাখি সব করে রব রাতি পোহাইল' -পঙক্তিটি মদনমোহন তর্কালঙ্কার কর্তৃক রচিত 'শিশু শিক্ষা' - এর একটি বিখ্যাত পংক্তি। শিশুদের শিক্ষার প্রাথমিক বই হিসেবে বইটি পাঠ্যপুস্তকরূপে অত্যন্ত জনপ্রিয়।

20) 'নেমেসিস' কোন জাতীয় রচনা?

Hello BCS

1)
কাব্য

✔ 2)
নাটক

3)
উপন্যাস

4)
গীতিকবিতা

**ব্যাখ্যা :**

বিশিষ্ট নাট্যকার নুরুল মোমেন (১৯০৬-১৯৮৯) রচিত 'নেমেসিস' একটি নিরীক্ষাধর্মী নাটক। নূরুল মোমেন সামাজিক সংকটের পটভূমিকায় অন্তর্দ্বন্দ্বমূলক নাট্য-চরিত্র অংকন করেই অধিক খ্যাতি অর্জন করেন। নেমেসিস (১৯৪৮) নাটকটিও এ আলোকেই রচিত। তার এরূপ আরো কিছু নাটক হলো - রূপান্তর (১৯৪৭), আলোছায়া (১৯৬২), আইনের অন্তরালে (১৯৬৭) ইত্যাদি।

21) 'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর'- এখানে 'হারায়' কোন ধাতু?

✔ 1)

প্রযোজক ধাতু

2)
ভাব বাচ্যের ধাতু

3)
সংযোগমূলক ধাতু

4)
নাম ধাতু

**ব্যাখ্যা :**

সঠিক উত্তর প্রযোজক ধাতু। মৌলিক ধাতুর পরে প্রেরণার্থে (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকেই প্রযোজক বা নিজন্ত ধাতু বা কখনও কখনও কর্মবাচ্যের ধাতু বলা হয়। অন্যদিকে নাম ধাতু হলো বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগে গঠিত ধাতু এবং সংযোগমূলক ধাতু হলো বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে কর, দে, পা, খা, ছাড় ইত্যাদি মৌলিক ধাতুর সংযোগে গঠিত ধাতু। যেমন-ঘুম (বিশেষ্য) + আ + ক্রিয়া বিভক্তি = ঘুমাচ্ছে (নাম ধাতু) যোগ (বিশেষ্য) + কর (ধাতু) = যোগ কর (সংযোগমূলক ধাতু)

Hello BCS

22) 'দাপ্তরিক' কোন শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত?

1)
আইন

2)
দাখিল

✔ 3)
এজেন্ট

4)
মুচলেকা

**ব্যাখ্যা :** 'এজেন্ট' (agent) ইংরেজি ভাষা থেকে আগত একটি শব্দ। এটার অর্থ শাসক, ব্যবসায়ী বা অন্য কারো প্রতিনিধি বা উকিল। 'দাখিল' শব্দটি এসেছে আরবি ভাষা থেকে যার অর্থ পেশ বা উপস্থাপন করা। 'আইন' শব্দটি এসেছে ফারসি ভাষা থেকে, যার অর্থ সরকারি বিধি, বিধান বা কানুন। 'মুচলেকা' শব্দটি এসেছে তুর্কি ভাষা থেকে, যার অর্থ শর্তভঙ্গ করলে দণ্ডভোগ করতে হবে- এই মর্মে লিখিত অঙ্গীকারপত্র।

23)

‘শাহ্‌নামা’ মৌলিক গ্রন্থটি কার?

1)
মালিক জয়সী

✔ 2)
ফেরদৌসী

3)
সৈয়দ হামজা

4)
কাজী দৌলত উজির বাহ্‌রাম খাঁ

**ব্যাখ্যা :**

ইরানের বিখ্যাত মহাকাব্য ‘শাহ্‌নামা’ গজনির পজনভি রাজবংশের অধিপতি সুলতান মাহমুদের রাজসভার কবি আবুল কাসিম মনসুর ফেরদৌসী রচনা করেন।

24) ‘তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি’ রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা?

Hello BCS

1)
পূরবী

✔ 2)
শেষলেখা

3)
আকাশ প্রদীপ

4)
সেঁজুতির

**ব্যাখ্যা :**

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ‘তোমার সৃষ্টির পথ’ কবিতার অন্তর্গত আলোচ্য অংশটুকু তার ‘শেষলেখা’ কাব্য থেকে উদ্ধৃত হয়েছে। কবি কোলকাতা থাকাকালীন জোড়াসাঁকোতে ১৯৪১ সালের ৩০ জুলাই (১৪ শ্রাবণ ১৩৪৮) কবিতাটি রচনা করেন।

25)
ভারতচন্দ্র রায়গুণাকর কোন রাজসভার কবি?

1)

আরাকান রাজসভা

✔ 2)
কৃষ্ণনগর রাজসভা

3)
রাজা গণেশের রাজসভা

4)
লক্ষ্মণ সেনের রাজসভা

**ব্যাখ্যা :**

ভারতচন্দ্র রায়গুণাকর আঠারো শতকের বাংলা মঙ্গলকাব্য ধারার অন্যতম কবি। তিনি নবদ্বীপাধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্রের রাজসভায় 'সভাকবি' নিযুক্ত হন। কৃষ্ণচন্দ্রের আদেশে তিনি 'অন্নদামঙ্গল' (১৯৫২) কাব্যটি রচনা করেন। পরবর্তীতে এ রচনা তাকে মহারাজ কর্তৃক 'রায়গুণাকর' উপাদি লাভ করিয়ে দেয়। তিনিই মধ্যযুগের শেষ কবি।

26) 'জয়গুন' কোন উপন্যাসের চরিত্র?

1)
জননী

Hello BCS

✔ 2)
সূর্য দীঘল বাড়ী

3)
সারেং বৌ

4)
হাজার বছর ধরে

**ব্যাখ্যা :**

আবু ইসহাক (১৯২৬-২০০২ খ্রি) রচিত 'সূর্য-দীঘল বাড়ী' উপন্যাসের প্রধান চরিত্র হলো 'জয়গুন'। ১৯৬২ সালে রচিত এ উপন্যাসে তিনি গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থা জয়গুনের সংগ্রামী জীবনের মধ্য দিয়ে ফুটিয়ে তুলতে সচেষ্ট হয়েছেন। অন্যদিকে শহীদুল্লাহ কায়সারের 'সারেং বৌ' উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র কদম সারেং ও নবিতুন, জহির রায়হানের হাজার বছর ধরে উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র টুনি, মন্তু, মকবুল এবং শওকত ওসমানের জননী উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র দরিয়া বিবি।

27) কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?

1)
স্যার উইলিয়াম জোনস

2)
স্যার উইলিয়াম কেরি

3)
রাজীব লোচন মুখোপাধ্যায়

✔ 4)
ব্রাসি হ্যালহেড

**ব্যাখ্যা :**

১৭৪৩ খ্রিস্টাব্দে পর্তুগিজ পাদ্রি মানো এল দা আসসুম্পসাঁও পর্তুগিজ ভাষায় একটি বাংলা ব্যাকরণ ও একটি পর্তুগিজ বাংলা শব্দকোষ প্রণয়ন করেন, যা ছিল বাংলা ভাষার প্রথম ব্যাকরণ ও শব্দকোষ। পরবর্তীতে ১৭৭৮ খ্রিস্টাব্দে নাথানিয়েল ব্রাসি হ্যালহেড নামক ইংরেজ পণ্ডিত ইংরেজি ভাষায় 'A Grammar of the Bengal Language' নামে প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন। এ গ্রন্থ মুদ্রণে সর্বপ্রথম ধাতুতে খোদাই বাংলা হরফ ব্যবহৃত হয়। গ্রন্থটির আংশিক বাংলা হরফে মুদ্রণ করা হয়েছিল।

Hello BCS

28) রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর' কার রচনা?

1)
চণ্ডিদাস

✔ 2)
জ্ঞানদাস

3)
বিদ্যাপতি

4)
লোচনদাস

**ব্যাখ্যা :**

চৈতন্য পরবর্তী বৈষ্ণব পদাবলীর কবি জ্ঞানদাস (ষোড়শ শতাব্দী) রচিত উক্ত পঙক্তিটি কৃষ্ণানুরাগ বিষয়ক বিখ্যাত পদ। তার রচিত পদের স্বাভাবিক সৌন্দর্য ; মাধুর্য ও সূক্ষ্মতা একমাত্র চণ্ডীদাসের পদের সাথেই তুলনা হতে পারে। আক্ষেপানুরাগ, রূপানুরাগ ও মাথুরবিষয়ক পদ রচনায় তিনি অসাধারণ কৃতিত্ব প্রদর্শন করেন।

29) ‘বনফুল’ কার ছদ্মনাম?

1)
প্রমথ চৌধুরী

✔ 2)
বলাইচাঁদ মুখোপাধ্যায়

3)
যতীন্দ্রমোহন বাগচী

4)
মোহিতলাল মজুমদার

**ব্যাখ্যা :**

- ‘বনফুল’ ছদ্মনামটি বাংলা সাহিত্যের প্রখ্যাত কথাসাহিত্যিক বলাইচাঁদ মুখোপাধ্যায়ের (১৮৯৯-১৯৭৯)।
- প্রখ্যাত সাহিত্যিক প্রমথ চৌধুরীর (১৮৬৮-১৯৪৬) ছদ্মনাম ‘বীরবল’।
- বিশিষ্ট কবি, প্রাবন্ধিক ও সাহিত্যিক মোহিতলাল মজুমদারের (১৮৮৮-১৯৫২খ্রি) ছদ্মনাম ‘সত্যসুন্দর দাস’।
- বিশিষ্ট কবি যতীন্দ্রমোহন বাগচীর (১৮৭৮-১৯৪৮ খ্রি) বিশেষ কোনো ছদ্মনাম নেই।

Hello BCS

30) ‘নেমেসিস’ নাটকে নূরুল মোমেন কোন বিষয়কে তুলে ধরেছেন?

1)
দ্বিতীয় বিশ্বযুদ্ধ

✔ 2)
ঊনপঞ্চাশের মন্বন্তর

3)
বায়ান্নর ভাষা আন্দোলন

4)
একাত্তরের মুক্তিযুদ্ধ

**ব্যাখ্যা :**

বিশিষ্ট নাট্যকার নূরুল মোমেন (১৯০৬-১৯৮৯) তার কর্মজীবনে সমাজের নানা সমস্যা তার সাহিত্যকর্মে তুলে ধরেছেন। সামাজিক সংকটের পটভূমিকায় অন্তর্দ্বন্দ্বমূলক নাট্য-চরিত্র অংকন করে তিনি খ্যাতি অর্জন করেন। ‘নেমেসিস’ (১৯৪৮), ‘রূপান্তর’ (১৯৪৭), ‘আলোছায়া’ (১৯৬২) ইত্যাদি তার এরূপ কিছু নাটক। ‘নেমেসিস’ নাটকে তিনি ঊনপঞ্চাশের মন্বন্তরকে সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন।

31) ‘সাজাহান’ নাটকের প্রথম রচয়িতা কে?

1)
তুলসী লাহিড়ী

2)
ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ

✔ 3)
দ্বিজেন্দ্রলাল রায়

4)
বলাইচাঁদ মুখোপাধ্যায়

**ব্যাখ্যা :**

‘সাজাহান’ একটি ঐতিহাসিক নাটক। দ্বিজেন্দ্রলাল রায় (১৮৬৩-১৯১৩) রচিত এ নাটকটি ১৯০৯ সালে প্রথম প্রকাশিত হয়। দ্বিজেন্দ্রলাল রায় রচিত অন্যান্য ঐতিহাসিক নাটকের মধ্যে রয়েছে- নূরজাহান (১৯৮০), প্রতাপসিংহ (১৯০৫), সিংহল বিজয় (১৯১৬) ইত্যাদি।

32) ‘ভানুসিংহ ঠাকুরের পদাবলী’ -এর রচয়িতা কে?

Hello BCS

1)
ভানু বন্দ্যোপাধ্যায়

2)
চণ্ডীদাস

✔ 3)
রবীন্দ্রনাথ ঠাকুর

4)
ভারতচন্দ্র বস

**ব্যাখ্যা :**

বাংলা সাহিত্যের সর্বশ্রেষ্ঠ প্রতিভা, কবি, নাট্যকার, ঔপন্যাসিক, ছোট গল্পকার, প্রাবন্ধিক ও সুরস্রষ্টা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত (১৮৬১-১৯৪১ খ্রি) ‘ভানুসিংহ ঠাকুরের পদাবলী’ কাব্যগ্রন্থটি ১৮৮৪ সালে প্রকাশিত হয়।

33)

"যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম"—এটি কোন জাতীয় বাক্য?

1)
সরল বাক্য

2)
যৌগিক বাক্য

3)
মৌলিক বাক্য

✔ 4)
মিশ্র বাক্য

**ব্যাখ্যা :**

যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন : রনি বল খেলে। যে পূর্ণ বাক্যে একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য পরস্পর সম্পর্কযুক্ত থাকে তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন- যারা মনোযোগ দিয়ে লেখাপড়া করে, তারা পরীক্ষায় কৃতকার্য হয়। দুই, বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে তখন তাকে যৌগিক বাক্য বলে। যেমন- তুমি ও আমি বাজারে যাব। সুতরাং আলোচ্য বাক্যটি মিশ্র বাক্য।

Hello BCS

34) কোন শব্দটি ফারসি?

1)
মুসাফির

2)
তকদির

✔ 3)
পেরেশান

4)
মজলুম

**ব্যাখ্যা :**

'পেরেশান' শব্দটি ফারসি শব্দ, যার অর্থ উদ্বিগ্ন বা চিন্তিত। 'তকদির' শব্দটি আরবি শব্দ, যার অর্থ অদৃষ্ট, নসিব বা ভাগ্য। 'মুসাফির' শব্দটি আরবি শব্দ,যার অর্থ বিদেশে ভ্রমণকারী ব্যক্তি। 'মজলুম' শব্দটিও আরবি শব্দ ,যার অর্থ অত্যাচারিত।

35) ‘চৌ-হদ্দি’ শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে?

1) বাংলা + ফারসি

2) সংস্কৃত + ফারসি

✔ 3) ফারসি + আরবি

4) সংস্কৃত + আরবি

**ব্যাখ্যা :**

‘চৌ-হদ্দি’ (চৌ + হদ্দি) শব্দের ‘চৌ’ অংশটুকু ফারসি এবং ‘হদ্দ’ অংশটুকু আরবি ভাষার শব্দ। ফারসি ‘চৌ’ অর্থ চার এবং ‘হদ্দ’ অর্থ সীমানা। সুতরাং চৌ-হদ্দি শব্দের অর্থ চতুঃসীমা। যেমন : বাড়ি বা জমির চৌহদ্দি।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com
Hello BCS

## ♣ উত্তরপত্র

২৭-৩০ তম বিসিএস বাংলা

**Total questions : 60 Total marks : 60**

---

1) চর্যাপদ আবিষ্কৃত হয় কোথা থেকে?

1) সুদূর চীন দেশ থেকে
2) বাঁকুড়ার এক গৃহস্থের গোয়াল ঘর থেকে
✔ 3) নেপালের রাজগ্রন্থশালা থেকে
4) আরাকান রাজগ্রন্থাগার থেকে

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যর আদি নিদর্শন চর্যাপদ ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কার করেন। তিনি এটি নেপালের 'রাজ-দরবারের গ্রন্থাগার' থেকে আবিষ্কার করেন।

2) 'একাত্তরের চিঠি' কোন জাতীয় রচনা?

1)
মুক্তিযুদ্ধের বিবরন

2)
মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

Hello BCS

✔ 3)
মুক্তিযোদ্ধাদের পত্র সংকলন

4)
ভিন্নধর্মী ডায়েরী

**ব্যাখ্যা :** বেসরকারি মেবাইল ফোন কোম্পানি গ্রামীণফোন ও জাতীয় দৈনিক 'প্রথম আলো' যৌথ উদ্যোগে একাত্তরের চিঠি নামের মুক্তিযোদ্ধাদের এ পত্র সংকলনটি প্রকাশ করেছে। এতে মুক্তিযুদ্ধ চলাকালে অসংখ্য মুক্তিযোদ্ধার স্বজনদের কাছে লিখিত ৮২ টি পত্র স্থান পেয়েছে। ২৭ মার্চ ২০০৯ বইটির প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়।

3) 'পূর্বাশা' পত্রিকার সম্পাদক ছিলেন ____

1)
মুন্সী মেহেরুল্লা

✔ 2)
সঞ্জয় ভট্টাচার্য

3)

কামিনী রায়

4)
মোজাম্মেল হক

**ব্যাখ্যা :** কবি ও কথাসাহিত্যিক সঞ্জয় ভট্টাচার্য সম্পাদিত মাসিক পত্রিকা 'পূর্বাশা' । পত্রিকাটি ১৯৩২ সালে কুমিল্লা থেকে প্রথম প্রকাশিত হয়। অন্যদিকে কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা - দৈনিক নবযুগ (যুগ্ম সম্পাদক), ধূমকেতু , লাঙ্গল। শাহাদাৎ হোসেন ও সুধীন্দ্রনাথ দত্ত সম্পাদিত পত্রিকা যথাক্রমে 'এলান' ও পরিচয়"

4) জ্যোৎস্নারাত কোন সমাসের দৃষ্টান্ত?

✔ 1)
মধ্যপদলোপী কর্মধারয়

2)
ষষ্ঠী তৎপুরুষ

3)
পঞ্চমী তৎপুরুষ

4)
উপমান কর্মধারয়

Hello BCS

**ব্যাখ্যা :** যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ, ব্রাহ্মণ ধর্মীয় প্রধান পুরোহিত = ব্রাহ্মণ পুরোহিত, জগতের রক্ষাকারী ঈশ্বর = জগদীশ্বর, সূর্য উদয়কালীন মন্ত্র = সূর্যমন্ত্র, মৌ ভর্তি চাক = মৌচাক, গাছকদম = গাছে ফুটিত কদম, সন্ধিগীত = সন্ধি যোগঘটানো গীত, কাঁচা অবস্থায় কলা = কাঁচকলা। চিকিৎসাশাস্ত্র = চিকিৎসা বিষয়ক শাস্ত্র ।

5) নিচের কোনটি মীর মশাররফ হোসেনের জন্ম-মৃত্যু সাল?

1)
১৮৪৭-১৯১১

2)
১৮৫২-১৯১২

3)
১৮৫৭-১৯১১

✔ 4)
১৮৪৭-১৯১২

**ব্যাখ্যা :** মীর মশাররফ হোসেন (নভেম্বর ১৩, ১৮৪৭ – ডিসেম্বর ১৯, ১৯১১) ছিলেন একজন বাঙালি ঔপন্যাসিক, নাট্যকার ও প্রাবন্ধিক। তিনি তৎকালীন বৃটিশ ভারতে (বর্তমান বাংলাদেশ) কুষ্টিয়া জেলার কুমারখালি উপজেলার চাঁপড়া ইউনিয়নের লাহিনীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

6) আফতাব' শব্দের সমার্থক কোনটি?

1) অর্নব

2) রাতুল

✔ 3) অর্ক

4) জলধি

**ব্যাখ্যা :** সমুদ্র শব্দের সমার্থক শব্দ হলোঃ সাগর, রত্নকার, সিন্ধু, বারিধি, বারীশ, উদধি, অর্ণব, অম্বুধি, পারাপার, পাথর, অর্ণব ইত্যাদিভ আর লাল – রাতুল। সূর্য শব্দের সমার্থক শব্দ হলোঃ অর্ক, আদিত্য, তপন, দিবাকর, দিনকর, ভাস্কর, ভানু, রবি, সবিতা, দিনেশ, কিরণমালী, বিভাকর, বিভাবসু, মিহির, আফতাব, প্রভাকর, সুর, অরুণ।

Hello BCS

7) বাংলা ভাষায় ছন্দ প্রধানত কত প্রকার?

1) ২

✔ 2) ৩

3) ৪

4) ৫

**ব্যাখ্যা :** বাংলা ছন্দ প্রধানত তিন প্রকার। যথা : স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত। সনেটের প্রবর্তক - ইটালীর কবি পেত্রার্ক। বাংলা ভাষায় প্রথম সাপ্তাহিক পত্রিকা " সমাচার দর্পন" 1818 সালে প্রকাশিত হয় যার সম্পাদনায় ছিলেন জন ক্লার্ক মার্শম্যান।

8) 'পাহাড়তলী' গ্রামে জন্মগ্রহণ করেন?

1)
মুকুন্দরাম চক্রবর্তী

2)
সৈয়দ শামসুল হক

✔ 3)
শামসুর রাহমান

4)
সেলিম আল দীন

**ব্যাখ্যা :** কবি শামসুর রাহমানের জন্ম পুরনো ঢাকার মাহুতটুলি এলাকায় নানাবাড়িতে। বাবা মুখলেসুর রহমান চৌধুরী ও মা আমেনা বেগম। পৈতৃক বাড়ি নরসিংদী জেলার রায়পুরা থানার পাড়াতলী গ্রামে। কবি শামসুর রাহমান ১৩ জন ভাই - বোনের মধ্যে ছিলেন ৪র্থ।

9) রবীন্দ্রনাথের 'সোনার তরী' কবিতা কোন ছন্দে রচিত?

Hello BCS

1)
স্বরবৃত্ত

2)
অক্ষরবৃত্ত

3)
মন্দাক্রান্তা

✔ 4)
মাত্রাবৃত্ত

**ব্যাখ্যা :** মাত্রাবৃত্ত ছন্দ (কলাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দ) বাংলা সাহিত্যে প্রচলিত প্রধান তিনটি ছন্দের একটি। অন্য দুটি হলো স্বরবৃত্ত ছন্দ এবং অক্ষরবৃত্ত ছন্দ। মাত্রাবৃত্ত ছন্দে লেখা কবিতাগুলোর মূলপর্ব ৪, ৫, ৬, ৭ মাত্রার হতে পারে। পরিচ্ছেদসমূহ. ১ বৈশিষ্ট্য ; ২ নামকরণ ; ৩ ছন্দ বিশ্লেষণ ; ৪ তথ্যসূত্র. বৈশিষ্ট্যঃ • মূল পর্ব ৪, ৫, ৬ বা ৭ মাত্রার হয়।

10) Anatomy শব্দের অর্থ ____

1)
সাদৃশ্য

2)
স্নায়ুতন্ত্র

✔ 3)
শরীরবিদ্যা

4)
অঙ্গ-সঞ্চালন

**ব্যাখ্যা :** জীববিজ্ঞানের যে শাখায় জীবদেহের নানা অঙ্গপ্রত্যঙ্গের জৈবরাসায়নিক কার্যাদি এবং জীবের যাবতীয় শারীরবৃত্তীয় কাজের বিবরণ আলোচনা করা হয় তাই শারীরবিদ্যা।

11) কোন কবি নিজেকে বাঙালি বলে পরিচয় দিয়েছেন?

1)
গোবিন্দ দাস

2)
কায়কোবাদ

3)
কাহ্নপা

Hello BCS

✔ 4)
ভুসুকুপা

**ব্যাখ্যা :**

চর্যাগীতি রচনার সংখ্যাধিক্যে দ্বিতীয় স্থানের অধিকারী হলেন ভুসুক পা। তাঁর রচিত আটটি পদ চর্যাপদ গ্রন্থে সংগৃহীত হয়েছে। তাঁর প্রকৃত নাম শান্তিদেব। তিনি সৌরাষ্ট্রের রাজপুত্র ছিলেন এবং শেষ জীবনে নালন্দায় বৌদ্ধ ভিক্ষু হিসেবে নিঃসঙ্গ ভাবে অবস্থান করেন। সেজন্য ভুক্তির ভু, সুপ্তির সু এবং কুটিরের কু - এই তিন আদ্যাক্ষর যোগে তাঁকে ভুসুকু বলে পরিহাস করা হত। ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ্র মতে শান্তিদেব ভুসুকু সাত শতকের দ্বিতীয়ার্ধে বর্তমান ছিলেন। রাহুল সাংকৃত্যায়নের মতে ভুসুকুর জীবিৎকালের শেষ সীমা ৮০০ খ্রিস্টাব্দ। ধর্ম পালের রাজত্বকালে (৭৭০ - ৮০৬ খ্রিস্টাব্দ) ভুসুকু জীবিত ছিলেন। তিনি রাউত বা অশ্বারোহী সৈনিক ছিলেন। পরে ভিক্ষু ও সিদ্ধ হন। 'আজি ভুসুকু বঙ্গালী ভইলী। নিঅ ঘরিণী চন্ডালে লেলী। ' - ভুসুকুর এই উক্তিকে প্রমাণ স্বরূপ মনে করে তাঁকে বাঙালি অনুমান করা হয়।

12) 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি,সারাদিন আমি যেন ভাল হয়ে চলি'-এ চরণদ্বয়ের লেখক-

1)
রবীন্দ্রনাথ ঠাকুর

2)
কাজী নজরুল ইসলাম

✔ 3)
মদনমোহন তর্কালঙ্কার

4)
কৃষ্ণচন্দ্র মজুমদার

**ব্যাখ্যা :** মদনমোহন তর্কালঙ্কার প্রণীত গ্রন্থাবলী :
মদনমোহন তর্কালঙ্কার বাংলা ভাষায় শিক্ষা বিস্তারের জন্য যথেষ্ট শ্রম ব্যয় করেন। তাঁর রচিত শিশুশিক্ষা গ্রন্থটি ঈশ্বরচন্দ্র কর্তৃক রচিত "বর্ণপরিচয়" গ্রন্থটিরও পূর্বে প্রকাশিত। তিনি 'শিশুশিক্ষা' পুস্তকটির 'প্রথম ভাগ' ১৮৪৯ সালে এবং 'দ্বিতীয় ভাগ' ১৮৫০ সালে প্রকাশ করেন। পরবর্তীতে পুস্তকটির 'তৃতীয় ভাগ' এবং 'বোধোদয়' শিরোনামে 'চতুর্থ ভাগ' প্রকাশিত হয়। 'বাসব দত্তা' ও 'রসতরঙ্গিনী' নামে তাঁর দুটি গ্রন্থ ছাত্রাবস্থায় রচিত হয়। তাঁর রচিত 'আমার পণ' কবিতাটি বাংলাদেশে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের বাংলা পাঠ্যবইয়ের অন্যতম একটি পদ্য এবং শিশু মানস গঠনের জন্য চমৎকার দিক - নির্দেশনা হিসেবে বিবেচিত। তাঁর বিখ্যাত কিছু পংক্তির মধ্যে রয়েছে : 'পাখী সব করে রব, রাতি পোহাইল' ; 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারা দিন আমি যেন ভালো হয়ে চলি' ; 'লেখাপড়া করে যে/ গাড়ি ঘোড়া চড়ে সে'।
তিনি ১৪টি সংস্কৃত বই সম্পাদনা করেন। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থসমূহের মধ্যে রয়েছে :
রসতরঙ্গিণী (১৮৩৪)
বাসবদত্তা (১৮৩৬)
শিশু শিক্ষা - তিন খণ্ড (১৮৪৯ ও ১৮৫৩)

Hello BCS

13) 'ঠাকুরমার ঝুলি' কী জাতীয় রচনার সংকলন?

✔ 1)
রূপকথা

2)
ছোটগল্প

3)
গ্রাম্যগীতিকা

4)
রূপকথা-উপকথা

**ব্যাখ্যা :** ঠাকুরমার ঝুলি বাংলা শিশুসাহিত্যের একটি জনপ্রিয় রূপকথার সংকলন। এই গ্রন্থের সংকলক দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার রূপকথার গল্পগুলো সংগ্রহ করেছিলেন তৎকালীন বৃহত্তর ময়মনসিংহ জেলার বিভিন্ন গ্রামাঞ্চল থেকে। তবে সংগৃহীত হলেও দক্ষিণারঞ্জণের লেখনীর গুণে গল্পগুলো হয়ে উঠে শিশু মনোরঞ্জক।

14) নিচের কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম?

1)
বীরবল

2)
ভিমরুল

✔ 3)
অনিলাদেবী

4)
যাযাবর

**ব্যাখ্যা :** অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্ম নাম 'অনিলাদেবী'। 'নারীর মূল্য' প্রবন্ধে তিনি এ ছদ্মনাম ব্যবহার করেন। প্রমথ চৌধুরীর ছদ্মনাম বীরবল। বিনয় কুমার মুখোপ্যাধায়ের ছদ্মনাম যাযাবর।

15) 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?

1)
সহ+চর+র্য

Hello BCS

2)
সহচর+ ৎ ফলা

✔ 3)
সহচর+য

4)
কোনটিই নয়

**ব্যাখ্যা :** সংস্কৃত তদ্ধিত প্রত্যয় 'য' - যুক্ত হলে প্রাতিপদিকের অন্তে স্থিত অ, আ, ই এবং ঈ - এর লোপ হয়। যথা – সম্ + য = সাম্য, কবি + য = কাব্য (ই - কার লোপ পেয়েছে), মধুর + য = মাধুর্য, প্রাচী + য = প্রাচ্য। তেমনি সহচর + য = সাহচর্য, এখানে আ, ই, নেই, তাই লোপ পায়নি, কিন্তু বৃদ্ধির নিয়মে আ - কার এসে সাহচর্য হয়েছে।

16) বাগাড়ম্বর' শব্দের সন্ধি-বিচ্ছেদ -

1)
বাগ্+অম্বর

2)
বাক্+অম্বর

✔ 3)
বাক্+আড়ম্বর

4)
বাগ্+আড়ম্বর

**ব্যাখ্যা :**

ক, চ, ট, ত, প থাকলে এবং তাদের পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ, জ, ড (ড়), দ, ব হয়।

অর্থাৎ অঘোষ অল্পপ্রাণ ধ্বনির (ক, চ, ট, ত, প) পরে স্বরধ্বনি থাকলে সেগুলো ঘোষ অল্পপ্রাণ ধ্বনি (গ, জ, ড (ড়
যায়।
অর্থাৎ কোনো বর্গের প্রথম ধ্বনির (ক, চ, ট, ত, প) পরে স্বরধ্বনি থাকলে সেগুলো সেই বর্গের তৃতীয় ধ্বনি (গ, জ,
হয়ে যায়। যেমন -

| | | |
|---|---|---|
| ক্ + অ = গ + অ | দিক্ + অন্ত = দিগন্ত | |
| ক্ + আ = গ + আ | বাক্ + আড়ম্বর = বাগাড়ম্বর | |
| ক্ + ঈ = গ + ঈ | বাক্ + ঈশ = বাগীশ | |
| চ্ + অ = জ + অ | ণিচ্ + অন্ত = ণিজন্ত | |
| ট্ + আ = ড + আ | ষট্ + আনন = ষড়ানন | |
| ত্ + অ = দ + অ | তৎ + অবধি = তদবধি | কৃৎ + অন্ত = কৃদন্ত |
| ত্ + আ = দ + আ | সৎ + আনন্দ = সদানন্দ | |
| ত্ + ই = দ + ই | জগৎ + ইন্দ্র = জগদিন্দ্র | |
| ত্ + উ = দ + উ | সৎ + উপায় = সদুপায় | সৎ + উপদেশ = সদুপদেশ |
| প্ + অ = ব + অ | সুপ্ + অন্ত = সুবন্ত | |

Hello BCS

17) 'অনীক' শব্দের অর্থ-

1)
সূর্য

2)
সমুদ্র

3)
যুদ্ধক্ষেত্র

✔ 4)
সৈনিক

**ব্যাখ্যা :** অনীক - [প্রতিশব্দ] সৈন্যবাহিনীসমূহ ; সেনা ; সৈনিক ; যুদ্ধ ; লড়াই ; কটক [noun] troops; army; soldier; war; battle; armed forces.

18) 'অপ' কী ধরনের উপসর্গ?

✔ 1)
সংস্কৃত

2)
বাংলা

3)
বিদেশি

4)
মিশ্র

ব্যাখ্যা :

**সংস্কৃত উপসর্গ**

বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ বিশটি; যথা -

Hello BCS

| | উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | | উদাহরণ |
|---|---|---|---|---|
| ১ | প্র | প্রকৃষ্ট/ সম্যক | অর্থে | প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত |
| | | খ্যাতি | " | প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব |
| | | আধিক্য | " | প্রগাঢ়, প্রচার, প্রবল, প্রসার |
| | | গতি | " | প্রবেশ, প্রস্থান |
| | | ধারা - পরম্পরা বা অনুগামিত | " | প্রপৌত্র, প্রশাখা, প্রশিষ্য |
| ২ | পরা | আতিশয্য | " | পরাকাষ্ঠা, পরাক্রান্ত, পরায়ণ |
| | | বিপরীত | " | পরাজয়, পরাভব |
| ৩ | অপ | বিপরীত | " | অপমান, অপকার, অপচয়, অপবাদ |
| | | নিকৃষ্ট | " | অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি, অপযশ, অপব্যয় |
| | | স্থানান্তর | " | অপসারণ, অপহরণ, অপনোদন |
| | | বিকৃতি | " | অপমৃত্যু |

19) কাঁঠালপাড়ায় জন্মগ্রহণ করে কোন লেখক?

1)
শরৎচন্দ্র মুখোপাধ্যায়

2)
সুভাষ মুখোপাধ্যায়

3)
কাজী ইমদাদুল হক

✔ 4)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**ব্যাখ্যা :** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম হয় বর্তমান উত্তর ২৪ পরগনা জেলার নৈহাটি শহরের নিকটস্থ কাঁঠালপাড়া গ্রামে। তারিখ ২৭ জুন, ১৮৩৮ অর্থাৎ ১৩ আষাঢ় ১২৪৫। চট্টোপাধ্যায়দের আদিনিবাস ছিল হুগলি জেলার দেশমুখো গ্রামে। বঙ্কিমচন্দ্রের প্রপিতামহ রামহরি চট্টোপাধ্যায় মাতামহের সম্পত্তি পেয়ে কাঁঠালপাড়ায় আসেন এবং সেখানেই বসবাস শুরু করেন। রামহরির পৌত্র যাদবচন্দ্র চট্টোপাধ্যায়ের তৃতীয় পুত্র বঙ্কিমচন্দ্র, মাতা দুর্গাসুন্দরী দেবী, বঙ্কিমের পূর্বে তার আরও দুই পুত্রের জন্ম হয় – শ্যামাচরণ ও সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়। বঙ্কিমের জন্মকালে তিনি সদ্য অবিভক্ত মেদিনীপুর জেলার ডেপুটি কালেক্টর পদে উন্নীত হয়েছিলেন।

20)
বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিস্কৃত হয় কত সালে?

1)
২০০৭

✔ 2)
১৯০৭

Hello BCS

3)
১৯০৯

4)
১৯১৬

**ব্যাখ্যা :**

চর্যাপদ বাংলা ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন। ১৯০৭ খ্রিস্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল রাজদরবারের গ্রন্থাগার থেকে এর পুথি আবিষ্কার করেন। তাঁরই সম্পাদনায় ৪৭টি পদবিশিষ্ট পুথিখানি হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা (১৯১৬) নামে বঙ্গীয় সাহিত্য পরিষৎ কর্তৃক প্রকাশিত হয়।

21) 'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে?

✔ 1)
প্যারীচাঁদ মিত্র

2)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

3)
দামোদর বন্দ্যোপাধ্যায়

4)
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**ব্যাখ্যা :** প্যারীচাঁদ মিত্রের সাহিত্য সম্পাদনা :
আলালের ঘরের দুলাল তাঁর শ্রেষ্ঠ এবং বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস। উল্লেখ্য যে এখানে তিনি যে কথ্য ভাষা ব্যবহার করেছিলেন তা আলালী ভাষা নামে পরিচিতি লাভ করেছে। এই গ্রন্থটি ইংরেজিতেও অনুবাদ করা হয়েছিল 'দ্য স্পয়েল্ড চাইল্ড' নামে।
মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায়(১৮৫৯) উদ্ভট কল্পনা তাঁর এ গ্রন্থে লক্ষ করা যায়।
অভেদী(১৮৭১)
আধ্যাত্মিকা(১৮৮০)
'দ্য জমিন্দার অ্যান্ড রায়তস' নামের গ্রন্থটি তখনকার সময়ে অনেক আলোড়ন সৃষ্টি করেছিল। কারণ এটি রচিত হয়েছিল চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থার বিরুদ্ধে।

22) নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?

1)
ভ

Hello BCS

2)
ঠ

3)
ফ

✔ 4)
চ

**ব্যাখ্যা :** যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে অঘোষ ধ্বনি বলে। কাজেই অঘোষ অল্পপ্রাণ ধ্বনির নিয়মানুসারে অঘোষ অল্পপ্রাণ ধ্বনিগুলো হলো ক, চ, ট, ত, প। ভ - হচ্ছে ঘোষ মহাপ্রাণ ধ্বনি।

23) 'আব্দুল্লাহ' উপন্যাসের রচয়িতা কে?

1)
মোহাম্মাদ নজীবর রহমান

✔ 2)
কাজী ইমদাদুল

3)

শেখ ফযলুল করিম

4)
মমতাজ উদ্দিন আহমেদ

**ব্যাখ্যা :** মুসলিম মধ্যবিত্ত সমাজের নানা দোষত্রুটি কাজী ইমদাদুল হক তার 'আবদুল্লাহ' (১৯৩৩) উপন্যাসে দক্ষতার সাথে তুলে ধরেন। তবে তিনি উপন্যাসটির ৩০ টি পরিচ্ছেদ সমাপ্ত করেছিলেন । বাকি ১১ টি পরিচ্ছেদ তার মৃত্যুর পর শিক্ষাবিদ আনোয়ারুল কাদির তার খসড়া অনুসরণ করে রচনা করেন।

24) বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস এর নাম-

✔ 1)
দুর্গেশনন্দিনী

2)
কপালকুণ্ডলা

3)
রজনী

4)
কৃষ্ণ কান্তের উইল

Hello BCS

**ব্যাখ্যা :** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস দুর্গেশনন্দিনী ১৮৬৫।
এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস।
কপালকুণ্ডলা (১৮৬৬) তার রচিত দ্বিতীয় উপন্যাস।
আনন্দ মঠ উপন্যাসটি প্রকাশিত হয় ১৮৮২ সালে।

25) মুসলমান নারী জাগরণের কবি—

1)
ফজিলাতুন্নেছা

2)
ফয়জুন্নেছা

3)
বেগম রোকেয়া

✔ 4)
সামসুন্নাহার

**ব্যাখ্যা :** ফজিলাতুন্নেছা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম ছাত্রী, যিনি গণিতে এম এ পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম হন। নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী ছিলেন সমাজসেবী। বেগম রোকেয়া ছিলেন সাহিত্যিক, সমাজসেবী ও শিক্ষাব্রতী। তিনি আজীবন মুসলমান নারীদের মধ্যে শিক্ষা বিস্তারে কাজ করেছেন। তাকে বলা হয় মুসলিম নারী মুক্তি আন্দোলনের পথিকৃৎ । সামসুন্নাহার ছিলেন সাহিত্যিক ও শিক্ষাবিদ । তিনি বেগম রোকেয়ার সাথে নারী মুক্তি আন্দোলন সক্রিয় অংশগ্রহণ করেছেন।

26) সনেট কবিতার প্রবর্তক কে?

1) দিজেন্দ্রজাল রায়

2) রজনীকান্ত সেন

✔ 3) মাইকেল মধুসূদন দত্ত

4) অতুলপ্রসাদ সেন

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যের প্রথম আধুনিক কবি ও নাট্যকার মাইকেল মধুসূদন দত্ত। তিনিই বাংলায় প্রথম সনেট রচনা করেন এবং তার নাম দেন 'চতুর্দশপদী'। বাংলা সনেটের আদি গ্রন্থ 'চতুর্দশপদী কবিতা' (১৮৬৬)।

Hello BCS

27) ‘উপরোধ’ শব্দের অর্থ কী?

1) প্রতিরোধ

2) উপস্থাপন

✔ 3) অনুরোধ

4) উপযোগী

**ব্যাখ্যা :** উপরোধ - [বিশেষ্য পদ] সনির্বন্ধ অনুরোধ, সুপারিশ ; নিমিত্ত (কার্যের উপরোধে)। [উপ + রুধ্ + অ]।

28) বাংলা সাহিত্যে কখন গদ্যের সূচনা হয়?

1)

নবম শতকে

2)
ত্রয়োদশ শতকে

3)
ষোড়শ শতকে

✔ 4)
উনিশ শতকে

**ব্যাখ্যা :** গবেষকদের মতে, ষোল থেকে আঠারো শতক অবধি বাংলা গদ্যের নির্দশন প্রধানত চিঠিপত্রে ও দিলল - দস্তাবেজে আবদ্ধ ছিল। কিন্তু বাংলা সাহিত্যে গদ্যের সূচনা হয় উনিশ শতকে।

29) দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি?

1)
বুড়ো সালিকের ঘাড়ে রোঁ

✔ 2)
বিয়ে পাগলা বুড়ো

Hello BCS

3)
কিঞ্চিত জলযোগ

4)
কল্কি অবতার

**ব্যাখ্যা :** বুড়ো সালিকের ঘাড়ে রোঁ ও একেই কি বলে সভ্যতা - - মাইকেল মধুসূদন দত্তের প্রহসন। বিয়ে পাগল বুড়ো - - সমাজের প্রাচীনপন্থিদের ব্যঙ্গ করে এবং সধবার একাদেশী, ইংরেজি শিক্ষিত নব্য যুবকদের মদ্যপান ও বারবণিতা সঙ্গকে ব্যঙ্গ করে লিখিত দীনবন্ধু মিত্রের দুটি প্রহসন।

30) রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্প কোনটি?

1)
একরাত্রি

2)
নষ্টনীড়

✔ 3)
ক্ষুধিত পাষাণ

4)
মধ্যবর্তিনী রিয়ার

**ব্যাখ্যা :** মধ্যবর্তিনী - গার্হস্থ্য বিষয়ক গল্প।
নষ্টনীড় - হলো সামাজিক গল্প।
ক্ষুধিতপাষাণ - অতিপ্রাকৃত গল্প।
একরাত্রি - হলো প্রেমবিষয়ক গল্প।

31) মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?

1)
শঙ্খনীল কারাগার

2)
কাটাতারে প্রজাপতি

✔ 3)
জাহান্নাম হতে বিদায়

4)
আর্তনাদ

Hello BCS

**ব্যাখ্যা :** কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদের উল্লেখযোগ্য উপন্যাস 'নন্দিত নরকে' 'শঙ্খনীল কারাগার' 'আগুনের পরশমণি' 'জোছনা ও জননীর গল্প '। এর মধ্যে 'আগুনের পরশমণি' তার মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'জাহান্নাম হইতে বিদায়" (১৯৭১) ,'নেকড়ে অরণ্য' (১৯৭৩) , 'দুই সৈনিক' (১৯৭৩) এবং জলাংগী' (১৯৮৬) ।

32) সমাস ভাষাকে কী করে?

✔ 1)
সংক্ষেপ করে

2)
বিস্তৃত করে

3)
অর্থপূর্ণ করে

4)
অর্থের রূপান্তর করে

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় ব্যবহৃত অর্থসম্বন্ধযুক্ত একাধিক পদের একটি পদে পরিণত হওয়ার প্রক্রিয়াকে সমাস বলে। বাংলা ভাষায় যে সকল প্রক্রিয়ায় নতুন পদ বা শব্দ তৈরি হয় সমাস তার একটি। সমাসের রীতি সংস্কৃত থেকে বাংলায় এসেছে। যেমন : দোয়াত ও কলম = দোয়াতকলম, পীত অম্বর যার = পীতাম্বর (শ্রীকৃষ্ণ)। সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটিকে বলে সমস্ত পদ। যেমন : এখানে দোয়াতকলম, পীতাম্বর হলো সমস্ত পদ। সমস্ত পদ কতগুলো পদের মিলিত রুপ, এই প্রতিটি পদকে বলে সমস্যমান পদ। সমস্ত পদকে বিস্তৃত করে যে বাক্যাংশ পাওয়া যায় তাকে বলে সমাসবাক্য, ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য।সমাস শব্দের ব্যুৎপত্তি হলো সম + অস(ধাতু) + অ । সমাসের উদ্দেশ্য অল্পকথায় অধিক ভাব প্রকাশ করা ।একটা বিরাট শব্দগুচ্ছকে সমাসের মাধ্যমে সংক্ষেপণ করা যায়। তবে সাহিত্যিক প্রয়োজনেই সংস্কৃত ভাষায় সমাসের আবির্ভাব হয়েছিল বলে মনে হয়। কারণ সাহিত্যমূলক কর্মে সমাসের ব্যবহার একে আরও আকর্ষণীয় করে তোলে।

33) বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে?

1)
অক্ষয় দত্ত

2)
মার্শম্যান

3)
ব্রাসি হেলহেড

✔ 4)
রাজা রামমোহন

Hello BCS

**ব্যাখ্যা :** রাজা রামমোহন রায়
তিনি প্রথম পাঠ্যপুস্তকের বাইরে বাংলা গদ্যরীতির ব্যবহার করেন।
প্রথম বাংলা প্রবন্ধ রচনা করেন।
গৌড়ীয় ব্যাকরণ : বাঙালি কর্তৃক রচিত প্রথম বাঙলা ব্যাকরণ গ্রন্থ।
উল্লেখযোগ্য গ্রন্থসমূহ
বেদান্ত গ্রন্থ (১৮১৫) : সাধু ভাষায় রচিত। বাংলা সাহিত্যের প্রথম প্রবন্ধ গ্রন্থ ও তাঁর প্রথম রচনা।
বেদান্তসার (১৮১৫)
ভট্টাচার্যের সহিত বিচার (১৮১৭) : মৃত্যুঞ্জয়ের কথার উত্তরে
গোস্বামীর সহিত বিচার (১৮১৮)
প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ (১৮১৮) : সতীদাহ প্রথার অসারতা প্রসঙ্গে।
পথ্য প্রদান (১৮২৩)

34) 'শ্রীকৃষ্ণকীর্তনের' রচয়িতা কে?

1)
জ্ঞানদাস

2)
দীনচণ্ডিদাস

✔ 3)
বড়ু চণ্ডিদাস

4)
দীনহীন চণ্ডিদাস

**ব্যাখ্যা :** 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগের প্রথম কাব্য এবং বড়ু চণ্ডীদাস মধ্যযুগের আদি কবি। তিনি ভাগবতের কৃষ্ণলীলা সম্পর্কিত কাহিনী অবলম্বনে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য রচনা করেন। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রধান চরিত্র তিনটি, কৃষ্ণ, রাধা ও বড়াই। এ কাব্যের মোট ১৩ টি খণ্ড আছে।

35) লোকসাহিত্য কাকে বলে?

1)
গ্রামীণ নরনারীর প্রণয়সংবলিত উপাখ্যানকে।

2)
লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে।

✔ 3)
লোকের মুখে মুখে প্রচলিত কাহিনী, গান, ছড়া ইত্যাদিকে।

Hello BCS

4)
গ্রামের অশিক্ষিত ও অখ্যাত লোকের সৃষ্ট রচনাকে।

**ব্যাখ্যা :** লোকের মুখে মুখে প্রচলিত কাহিনী, গা, , ছড়া ইত্যাদিকে বলা লোকসাহিত্য। লোকসাহিত্যের প্রাচীনতম নির্দশন হলো - ছড়া / প্রবচন ও ধাঁধা। লোকসাহিত্যের উপাদান মূলত গ্রামীণ এলাকার অখ্যাত সাহিত্যিকদের রচনা।

36) বিদ্যাপতি কোথাকার কবি ছিলেন?

1)
নবদ্বীপের

✔ 2)
মিথিলার

3)
বৃন্দাবনের

4)

বর্ধমানের

**ব্যাখ্যা :**

মিথিলার কবি বিদ্যাপতি (১৩৭৪ - ১৪৬০) বৈষ্ণব সহজিয়া সাধকদের নবরসিকের অন্যতম । তিনি বাংলায় একটি পঙক্তি না লিখেও বাঙালিদের কাছে একজন শ্রদ্ধেয় কবি। 'মৈথিল কোকিল' ও 'অভিনব জয়দেব' নামে খ্যাত বিদ্যাপতি বৈষ্ণব কবি ও পদসঙ্গীত ধারার রূপকার। তিনি মিথিলার সীতামগ্নী মহকুমার বিসফি গ্রামে জন্মগ্রহণ করেন।

37) 'চাচা' কাহিনীর লেখক কে?

1)
সৈয়দ সামসুল হক

2)
শওকত ওসমান

✔ 3)
সৈয়দ মুজতবা আলী

4)
ফররুখ আহমদ

Hello BCS

**ব্যাখ্যা :** 'চাচা কাহিনীর ' লেখক সৈয়দ মুজতবা আলী। লেখকের উল্লেখযোগ্য ভ্রমণকাহিনী 'দেশে - বিদেশে' (১৯৪৯) ।সৈয়দ ওয়ালীউল্লাহর উল্লেখযোগ্য উপন্যাস 'লালসালু' (১৯৪৮) ।সৈয়দ শামসুল হকের উল্লেখযোগ্য উপন্যাস 'ক্রীতদাসের হাসি' (১৯৬২)।

38) কবি আলাওলের জন্মস্থান কোথায়?

1)
ফরিদপুরের সুরেশ্বর

2)
চট্টগ্রামের জোবরা

3)
বার্মার আরাকান

✔ 4)
ফতেহাবাদ পরগনা

**ব্যাখ্যা :** মহাকবি আলাওলের জন্মস্থান নিয়ে মতবিরোধ রয়েছে। ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, কবি আলাওলের জন্ম ফরিদপুরের ফতেহাবাদ পরগনায়। অধিকাংশ পণ্ডিত এ মত গ্রহণ করেছেন। ড. মুহম্মদ এনামুল হকের মতে কবি আলাওল আনুমানিক ১৬০৭ সালে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জোবরা গ্রামে জন্মগ্রহণ করেন।

39) 'জনৈক' শব্দটির সন্ধি-বিচ্ছেদ-

1)
জন+ইক

✔ 2)
জন+এক

3)
জনৈ+এক

4)
জন+ঈক

**ব্যাখ্যা :** অ - কার বা আ - কারের পর এ - কার বা ঐ - কার থাকলে উভয়ে মিলে ঐ কার হয়। ঐ - কার পূর্ব বর্ণে যুক্ত হয়। যেমন - জনৈক = জন + এক, হিতৈষী = হিত + এষী, মতৈক্য = মত + ঐক্য।

Hello BCS

40) 'তৎসম' শব্দের ব্যাবহার কোন রীতিতে বেশি হয়?

1)
চলতি রীতি

✔ 2)
সাধু রীতি

3)
মিশ্র রীতি

4)
আঞ্চলিক রীতি

**ব্যাখ্যা :**

চলিত রীতি তদ্ভব শব্দবহুল। যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ।

সাধু রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। বাংলা ভাষায় মিশ্র রীতির ব্যবহার নেই। মৌখিক রীতির দুটি ভাগের একটি হলো আঞ্চলিক রীতি। বিভিন্ন অঞ্চলে আঞ্চলিক রীতির বিভিন্নতা পরিলক্ষিত হয়।

41)
মীর মশাররফ হোসেনের নাটক কোনটি?

1)
নটির পূজা

✔ 2)
বেহুলা গীতাভিনয়

3)
নবীন তপস্বিনী

4)
কৃষ্ণকুমারী

42) ফররুখ আহমদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থের নাম কী?

1)
পাখির বাসা

2)
হাতেমতায়ী

Hello BCS

3)
নৌফেল ও হাতেম

✔ 4)
সাত সাগর এর মাঝি

ব্যাখ্যা :

| ফররুখ আহমদ (১৯১৮–১৯৭৪) | |
|---|---|
| সাত সাগরের মাঝি | সাত সাগরের মাঝি ফররুখ আহমদ এর প্রথম এবং শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ। এটি প্রকাশিত হয়েছিল ১৯৪৪ সালে। এ কাব্যের উপজীব্য বিষয় হল ইসলামের ইতিহাস ও ঐতিহ্য। এতে মোট ১৯টি কবিতা রয়েছে। পাঞ্জেরি, সাত সাগরের মাঝি, লাশ, সিন্দাবাদ হচ্ছে উল্লেখ যোগ্য কবিতা। |
| পাখির বাসা | ফররুখ আহমদ রচিত শিশুতোষ গ্রন্থ। |
| নৌফেল ও হাতেম | এই কাব্যগ্রন্থটি ১৯৬১ সালে প্রকাশিত হয়েছিল। |
| হাতেমতায়ী | এই কাব্যগ্রন্থটি ১৯৬৬ সালে প্রকাশিত হয়েছিল। |

43) বাংলা ভাষায় প্রথম সাময়িকপত্র কোনটি?

1)
দিগদর্শন

✔ 2)
সংবাদ প্রভাকর

Hello BCS

3)
তত্ত্ববোধিনী

4)
বঙ্গদর্শন

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় প্রথম সাময়িকপত্র 'দিকদর্শন' প্রকাশকাল ১৮১৮ । সম্পাদক জন ক্লার্ক মার্শম্যান। বাংলা সংবাদপত্রের ইতিহাসে ১৮১৮ খ্রিষ্টাব্দে যে তিনটি গুরুত্বপূর্ণ (দিকদর্শন, সমাচার দর্পণ, বেঙ্গল গেজেট) পত্রিকা প্রকাশিত হয় হুগলি জেলার শ্রীরামপুরের খ্রিষ্টান মিশনারিদের তত্ত্বাবধানে, তার মধ্যে 'দিকদর্শন' অন্যতম।

44) ‘অগ্নিবীণা’ কাব্যের প্রথম কবিতা কোনটি?

1)
ধূমকেতু

2)
বিদ্রোহী

✔ 3)
প্রলয়োল্লাস

4)
অগ্রপথিক

**ব্যাখ্যা :** বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২) । এ কাব্যগ্রন্থের প্রথম কবিতা ' প্রলয়োল্লাস'। ধূমকেতু ও বিদ্রোহী কবিতাও অগ্নিবীণার অন্তর্গত। অগ্রপথিক কবিতাটি নজরুল ইসলামের 'জিঞ্জীর' কাব্যগ্রন্থের অন্তর্গত ।

45) বাক্যের তিনটি গুণ কী কী?

1)
আকাঙ্ক্ষা, আসক্তি ও বিধেয়

✔ 2)
আকাঙ্ক্ষা, আসক্তি ও যোগ্যতা

3)
যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয়

4)
কোনটিই নয়

Hello BCS

**ব্যাখ্যা :** ভাষার বিচারে বাক্যের ৩ টি গুণ থাকা আবশ্যক - ১. আকাঙ্ক্ষা , ২. আসত্তি ও ৩. যোগ্যতা ।
বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তা - ই আকাঙক্ষা ।
বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি।
আর বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মেলবন্ধনের নাম যোগ্যতা ।

46) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বড়াই কী ধরনের চরিত্র?

1)
শ্রী রাধার ননদিনী

2)
শ্রী রাধার শাশুড়িতে

✔ 3)
রাধাকৃষ্ণের প্রেমের দূতী

4)
জনৈক গোপবালা

**ব্যাখ্যা :** মধ্যযুগের আদি কবি বড়ু চণ্ডীদাস লোকসমাজে প্রচলিত রাধাকৃষ্ণ প্রেম - সম্পর্কিত গ্রাম্য গল্প অবলম্বনে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য রচনা করেন।
১৯০৯ খ্রিস্টাব্দে বসন্তরঞ্জন রায় দিদ্বল্লভ পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাঁকিল্যা গ্রাম্য গল্প অবলম্বনে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য রচনা করেন। ১৯১৬ সালে বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় গ্রন্থটি বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয় ।
পুরো কাব্যটি আবর্তিত হয়েছে রাধা - কৃষ্ণের প্রেমনিবেদন, দেহসম্ভোগ,দুঃখভোগ ইত্যাদির মধ্য দিয়ে। আর বড়াই চরিত্রটিকে কবি সৃষ্টি করেছেন রাধা - কৃষ্ণের প্রেমের সংবাদ আদান - প্রদানকারিণী হিসেবে।

47) বাংলাদেশের ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস কোনটি?

1)
অগ্নিসাক্ষী

2)
চিলেকোঠার সেপাই

✔ 3)
আরেক ফাল্গুন

4)
অনেক সূর্যের আশা

Hello BCS

**ব্যাখ্যা :** বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালে ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় জহির রায়হান ‘আরেক ফাল্গুন’ উপন্যাস রচনা করেন। ১৯৪৮ থেকে ১৯৫২ হয়ে ১৯৫৫ সাল পর্যন্ত চলমান আন্দোলন, জনতার সম্মিলন, ছাত্রছাত্রীদের প্রত্যক্ষ অংশগ্রহণ, তাদের প্রেম - প্রণয় ইত্যাদি উপন্যাসটির মূল বিষয়।

48)
বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?

1)
১৩টি

2)
১০টি

3)
১২টি

✔ 4)
১১টি

49) জীবনানন্দ দাশের প্রবন্ধ গ্রন্থ কোনটি?

1)
ধূসর পাণ্ডুলিপি

✔ 2)
কবিতার কথা

3)
ঝরা পালক

4)
দুর্দিনের যাত্রী

**ব্যাখ্যা :** তিমির হননের কবি জীবনানন্দ দাশ (১৮৯৯ - ১৯৫৪) - এর প্রবন্ধগ্রন্থ 'কবিতার কথা' (১৯৫৪)।
তার রচিত কাব্যগ্রন্থ : 'ঝরাপালক' (১৯২৭), 'ধূসর পাণ্ডুলিপি' (১৯৩৬), 'বনলতা সেন ' (১৯৪২) , সাতটি তারার তিমির ' (১৯৪৮) , 'রুপালী বাংলা' (১৯৫৭)।
উপন্যাস : 'মাল্যবান' (১৯৭৩) , 'সতীর্থ (১৯৭৪) ।

50)
মঙ্গলযুগের সর্বশেষ কবির নাম কী?

Hello BCS

1)
বিজয় গুপ্ত

2)
ভারতচন্দ্র রায়গুণাকর

✔ 3)
মুকুন্দরাম চক্রবর্তী

4)
কানাহরি দত্ত

51) শওকত ওসমান কোন উপন্যাসের জন্য আদমজী পুরস্কার লাভ করেন?

1)
বনী আদম

2)
জননী

3)
চৌরসন্ধি

✔ 4)
ক্রীতদাসের হাসি

**ব্যাখ্যা :** শওকত ওসমান আদমজী পুরস্কার লাভ করেন "ক্রীতদাসের হাসি" উপন্যাসের জন্য। ১৯৬২ সালে তিনি এ উপন্যাস রচনা করেন। ১৯৫৮ সালে জেনারেল আইয়ুব খানের সামরিক শাসন পাকিস্তানকে বর্বর স্বৈরশাসনের যাঁতাকলে আবদ্ধ করেছিল। এসময় সব ধরনের বাক স্বাধীনতা হরণ করা হয়েছিল। এই কারণে শওকত লেখার মাধ্যমে প্রতিবাদ জানান এবং এই উপন্যাস রচনা করেন।

52)
ইয়ংবেঙ্গল কী?

1)
বাংলাভাষা শিক্ষার্থী ইংরেজ

2)
দি ইংরেজি ভাবধারাপুষ্ট বাঙালি যুবক

✔ 3)
একটি সাহিত্যিক গোষ্ঠীর নাম

Hello BCS

4)
একটি সাময়িক পত্রের নাম

53)
'সাত সাগরের মাঝি' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

1)
কাজী নজরুল ইসলাম

✔ 2)
ফররুখ আহমদ

3)
আব্দুল কাদির

4)
বন্দে আলী মিয়া

54)
বাংলা সাহিত্যে কথ্যরীতি প্রচলনে কোন পত্রিকার অবদান বেশি?

1)
কল্লোল

✔ 2)
সবুজপত্র

3)
বঙ্গদর্শন

4)
কালিকলম

55)
বাংলা সাহিত্যের প্রথম মুসলিম ঔপন্যাসিকের নাম কী?

1)
মোতাহের হোসেন

Hello BCS

2)
ইসমাইল হোসেন সিরাজী

✔ 3)
মীর মশাররফ হোসেন

4)
ফররুখ আহমদ

56)
কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় কত সালে?

1)
১৮১৭ সালে

2)
১৮৩২ সালে

3)
১৮৫২ সালে

✔ 4)
১৭৫৩ সালে

**ব্যাখ্যা :**

কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তথা নাট্যমঞ্চ প্রতিষ্ঠিত হয় ১৭৫৩ সালে। নাটক ও নৃত্যকর্মকে উৎসাহিত করতে ব্রিটিশরা'প্লে হাউস' নামক এ রঙ্গমঞ্চটি প্রতিষ্ঠা করে। কলকাতাত লালদিঘীর পূর্বপাশে লাল বাজার রোডে এটি অবস্থিত।

57)
নজরুল ইসলামের সম্পাদিত পত্রিকা কোনটি?

1)
মাহে নও

2)
সওগাত

✔ 3)
ধূমকেতু

Hello BCS

4)
কালিকলম

58)
প্রাচীনতম বাঙ্গালী মুসলমান কবি কে?

1)
আলাওল

2)
সৈয়দ সুলতান

3)
মুহাম্মদ খান

✔ 4)
শাহ্ মুহাম্মাদ সগীর

ব্যাখ্যা :

**শাহ মুহম্মদ সগীর**

🍚 বাংলা সাহিত্যের প্রণয়োপাখ্যান ধারার প্রাচীনতম বাঙালি কবি/ প্রথম মুসলমান কবি/প্রাচীনতম মুসলমান কবি— শাহ মুহম্মদ সগীর।

🍚 শাহ মুহম্মদ সগীর ছিলেন— গিয়াস উদ্দিন আজম শাহের রাজকর্মচারী।

🍚 শাহ মুহম্মদ সগীর গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে (১৩৮৯-১৪১১ খ্রি.) রচনা করেন — 'ইউসুফ-জোলেখা' কাব্য।

🍚 'ইউসুফ-জোলেখা' কাব্যটি রচনা করা হয়েছিল— পঞ্চদশ শতাব্দীর প্রথম দশকে (অনুমান করা হয়)।

🍚 শাহ মুহম্মদ সগীর প্রণয়োখ্যানটির মূল কাহিনী পল্লবিত করে ইউসুফ-জুলেখা নামে কাব্য রচনা করেছিলেন— ইরানের মহাকবি ফেরদৌসী এবং সুফী কবি জামীর বাইবেল-কোরআন শরীফের নৈতিক-উপাখ্যান অবলম্বনে।

🍚 শাহ মুহম্মদ সগীরের কাব্যে প্রেমরসে ধর্মবাণীর পরিবর্তে প্রেমরসে মানববাণী প্রচার মুখ্য হয়ে উঠেছে।

59)
'অনল-প্রবাহ' রচনা করেন-

Hello BCS

✔ 1)
সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী

2)
মোজাম্মেল হক

3)
এয়াকুব আলী চৌধুরী

4)
মোহাম্মদ মনিরুজ্জামান

60)
বাংলা একাডেমী কোন বছর প্রতিষ্ঠিত হয়?

✔ 1)
১৯৫৫ খ্রি.

2)
১৩৫৫ বঙ্গাব্দ

3)
১৯৫২খ্রি.

4)
১৩৫২ বঙ্গাব্দ

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS

## ♣ উত্তরপত্র

৩১ তম বিসিএস বাংলা

**Total questions : 21 Total marks : 21**

---

1) 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?

1) পৃথ্বী

✔ 2) নীর

3) ক্ষিতি

4) অবনী

**ব্যাখ্যা :**

Hello BCS

অদিতি শব্দের সমার্থক শব্দ -
পৃথিবী, ধরা, ধরনী, ধরিত্রী, বসুন্ধরা, ভূ, মেদিনী, ক্ষিতি, মহী, বসুমতী, মর্ত্যলোক, অখিল, ভূলোক, উর্বি, মরলোক, অখিল, ক্ষিতিতল, জগৎ, জাহান, দুনিয়া, ধরাতল, পৃথ্বী, বসুধা, বসুমাতা, বিশ্ব, ভুবন, ভূতল, মর্ত ইত্যাদি।

অন্য দিকে 'নীর' শব্দের সমার্থক শব্দ হল-
জল, পানি, বারি, সলিল, পয়ঃ, অম্বু, উদক, জীবন, অপ, অম্ভ, তোয়, অর্ণ, ইরা, প্রাণদ, বারুন ইত্যাদি।

2) 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

1) দোলনচাঁপা

2) বিষের বাঁশি

3) সাম্যবাদী

✔ 4) অগ্নিবীণা

**ব্যাখ্যা :**

- ☞কাজী নজরুল ইসলাম রচিত 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের বিখ্যাত ২য় কবিতা 'বিদ্রোহী' প্রকাশিত হয় সাপ্তাহিক পত্রিকা 'বিজলী' তে। ১৩২৮ বঙ্গাব্দে কার্তিক মাসে ইংরেজি ১৯২১ সালে প্রকাশিত হয় কবিতাটি।

- ☞'অগ্নিবীণা' কাব্যগ্রন্থটি তিনি বারীন্দ্র কুমার ঘোষকে উৎসর্গ করেন। ভারতের স্বাধীকার আন্দোলনের প্রেক্ষাপটে রচিত হয়েছে এই গ্রন্থটি। এই কাব্যগ্রন্থে ১২টি কবিতা রয়েছে। এই কাব্যগ্রন্থের অন্যান্য কবিতা গুলো হল- প্রলয়োল্লাস (১ম), রক্তাম্বর ধারিনী মা (৩য়), আগমনী, ধুমকেতু, কামালপাশা, আনোয়ার, রণভেরি, শাত-ইল আরব,খেয়াপারের তরণী, কোরবানি, মহাররম (শেষ কবিতা)

3) বাংলা গদ্যের জনক কে?

✔ 1)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

2)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

3)
উইলিয়াম কেরি

4)
রবীন্দ্রনাথ ঠাকুর

Hello BCS

**ব্যাখ্যা :**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর-

আধুনিক বাংলা গদ্যের জনক বলা হয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে। কারণ তিনি গদ্যের অবয়ব বিনির্মানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনিই প্রথম দাঁড়ি, কমা, প্রভৃতি বিরামচিহ্ন বা যতিচিহ্ন ব্যবহার করে বাংলা গদ্য সাহিত্যে এক যুগান্তকারী পরিবর্তন এনেছিলেন।

- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বিখ্যাত গ্রন্থ হচ্ছে - বেতাল পঞ্চবিংশতি (যতিচিহ্নের সফল প্রয়োগ ঘটান), ভ্রান্তিবিলাস, শকুন্তলা, সীতার বনবাস, বাঙালার ইতিহাস।

- তাঁর মৌলিক রচনা হল- প্রভাবতী সম্ভাষণ (বাংলা সাহিত্যের প্রথম মৌলিক শোকগাথা গ্রন্থ), আত্মচরিত (বাংলা সাহিত্যের প্রথম আত্মজীবনীমূলক রচনা-৩৮তম বিসিএস), বোধোদয়, কথামালা, বর্ণপরিচয় (ক্লাসিক মর্যাদা পায় ১৮৫৫ সালে।

- অপশনে থাকা রবীন্দ্রনাথ ঠাকুরকে বলা হয় 'ছোটগল্পের জনক'। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে বলা হয় বাংলা উপন্যাসের জনক, সাহিত্য সম্রাট, বাংলার স্কট' ইত্যাদি।

4) কে বাংলার সাল গণনা শুরু করেন?

1)
লক্ষ্মণ সেন

2)
ইলিয়াস শাহ

3)
বিজয় সেন

✔ 4)
আকবর

Hello BCS

**ব্যাখ্যা :**

বাংলা সনের প্রবর্তক সম্রাট আকবর। তিনি তার রাজস্ব মন্ত্রী টোডরমলের পরামর্শে ৯৬৩ হিজরিকে ৯৬৩ সাল ধরে গগনা শুরু করেন। কৃষিকাজের সুবিধার্থে মোগল সম্রাট আকবর ১৫৮৪ খ্রিষ্টাব্দের ১০/১১ মার্চ বাংলা সন প্রবর্তন করেন এবং ১৫৫৬ সালের ৫ নভেম্বর তার সিংহাসনে আরোহণের সময় থেকে কার্যকর হয়। হিজরি চান্দ্রসন ও বাংলা সৌরসনকে ভিত্তি করে বাংলা সন প্রবর্তিত হয়।

5) সাহিত্যে অলঙ্কার কত প্রকার?

1)
৬

✔ 2)
২

3)
৪

4)
৫

**ব্যাখ্যা :**

**সাহিত্য অলঙ্কার-**
সাহিত্যের কাব্যের অলঙ্কার হল কাব্যের বা সাহিত্যের সৌন্দর্য সৃষ্টিকারী তারই অন্তর্গত কোনো উপাদান কে বুঝায়।
এটি ২ প্রকার- শব্দালঙ্কার ও অর্থালঙ্কার।

6) 'অশোক সৈয়দ' কার ছদ্মনাম?

✔ 1)
আবদুল মান্নান সৈয়দ

2)
সৈয়দ আজিজুল হক

3)
আবু সায়িদ আইয়ুব

4)
সৈয়দ শামসুল হক

Hello BCS

**ব্যাখ্যা :**

- অশোক সৈয়দ হল 'আবদুল মান্নান সৈয়দ' এর ছদ্মনাম
- সৈয়দ শামসুল হক এর উপাধি হল সব্যসাচী।

7) নিচের কোন বানানটি শুদ্ধ?

✔ 1)
নিশীথিনী

2)
নিশিথিনী

3)
নিশীথিনী

4)
নিশিথীনী

ব্যাখ্যা :

আরো কিছু গুরুত্বপূর্ণ বানান হল নিরীহ, নিরীক্ষণ, নিক্বণ, নিপীড়িত, নিরহংকার, নিশীথ, ন্যূনতম, ন্যূনাধিক, নির্ণয়, নির্নিমেষ, নূপুর, নিঃশেষ, নৈরাশ্যে।

8) 'উজবুক' কোন ধরনের শব্দ?

1)
ফার্সি

✔ 2)
তুর্কি

3)
পর্তুগিজ

4)
আরবি

ব্যাখ্যা :

Hello BCS

তুর্কি শব্দ-কিছু গুরুত্বপূর্ণ তুর্কি শব্দ হল
উজবুক, উর্দি, উর্দু, আল্লাখাল্লা, কোর্মা, কাবু, কুলি, কাঁচি, কুর্নিশ, বন্দুক, ক্রোক, বারুদ, বেগম, বিবি, বাবা, বাবুর্চি, বাইজি, খোকা, খাতুন, খা, চাকর, চাকু, চকচক, ঠাকুর, দারোগা, সওগাত, লাশ।

☆কিছু গুরুত্বপূর্ণ পর্তুগিজ শব্দ-
আনারস, আলপিন, গুদাম, গির্জা, চাবি, পাউরুটি, পাদরি, পেয়ারা, বালতি ইত্যাদি।

ফারসি ভাষার শব্দ-
কিছু ফারসি ভাষার শব্দ হল- নামাজ, রোজা, পেরেশানি, সবুজ, জিন্দাবাদ, পেয়ালা, দরজা, জামদানি, আমদানি, রপ্তানি, আসমান ইত্যাদি।

9) গাড়ি চলে না, চলে না, নারে.........গানের গীতিকার কে?

1)
সঞ্জীব চৌধুরী

2)

বাপ্পা মজুমদার

✔ 3)
শাহআবদুল করিম

4)
দাশরথি রায়

**ব্যাখ্যা :**

শাহ আবদুল করিমকে বলা হয় 'বাউল সম্রাট'। তার লেখা ও সুর করা উল্লেখযোগ্য গান হল-
☞ গাড়ি চলে না, চলে না, চলে না রে....
☞ আগে কি সুন্দর দিন কাটাইতাম আমরা...
☞ সখী কুঞ্জ সাজাও গো আজ আমার প্রানও নাথ আসিতে পারে....
☞ কেমনে ভুলিব আমি বাচি না তারে ছাড়া...
☞ বসন্ত বাতাসে সইগো বসন্ত বাতাসে আমার বাড়ির ফুলের গন্ধ তোমার বাড়ি আসে....
☞ বন্ধে মায়া লাগাইয়াছে পিরিতি বাড়ায়ছে...
☞ সখী তোরা প্রেম করিওনা পিরিত ভালো নাহ....

10) 'Quarterly' শব্দের অর্থ কোনটি?

Hello BCS

1)
সাপ্তাহিক

2)
পাক্ষিক

3)
ষাণ্মাসিক

✔ 4)
ত্রৈমাসিক

**ব্যাখ্যা :**

কিছু পারিভাষিক শব্দ-

☞Weekly - সাপ্তাহিক (৭ দিন)

☞Fortnightly- পাক্ষিক (১৫ দিন)

☞Half Yearly- ষাণ্মাসিক (৬ মাস)

☞Quarterly- ত্রৈমাসিক (তিন মাস ব্যাপী)

11) মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা' কাব্য কোন ধরনের কাব্য?

1)
মহাকাব্য

2)
সনেট

✔ 3)
পত্রকাব্য

4)
গীতিকাব্য

**ব্যাখ্যা :**

মাইকেল মধুসূদন দত্ত
(২৫ জানুয়ারি ১৮২৪-২৯ জুন,১৮৭৩)

Hello BCS

আধুনিক বাংলা কবিতার জনক, বাংলা সনেটের প্রবর্তক এবং বাংলা অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্তের একটি বিখ্যাত কাব্যগ্রন্থ 'বীরাঙ্গনা' হল একটি পত্রকাব্য। যা বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য। এতে পত্র ১১টি পূর্ণ পত্র রয়েছে। এটি বাংলা সাহিত্যে তার অমিত্রাক্ষর ছন্দের সর্বোত্তম নিদর্শন। এ কাব্যের কবিতাগুলো কে Dramatic monologue জাতীয় কবিতা বলা হয়। এই কাব্যগ্রন্থটি তিনি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেন।

তার রচিত অন্যান্য কাব্যগ্রন্থ হল-
চতুর্দশপদী কবিতাবলী (১৮৬৬),
তিলোত্তমাসম্ভব কাব্য,
ব্রজাঙ্গনা,
মেঘনাদবধ কাব্য।

12) অধ্যাপক আহমদ শরীফের মৃত্যুসন কোনটি?

1)
১৯৯৭

2)
১৯৯৮

✔ 3)

১৯৯৯

4)
২০০০

**ব্যাখ্যা :** অধ্যাপক ড. আহমদ শরীফ ১৯২১ সালে জন্মগ্রহণ করেন। আর মারা যান ২৪ ফেব্রুয়ারি, ১৯৯৯ সালে (৩১তম বিসিএস)। তিনি 'বাংলা একাডেমির সংক্ষিপ্ত বাংলা অভিধান' এর সম্পাদক।

☞ তাঁর রচিত গ্রন্থসমূহ হল- বিশ শতকের বাঙালি, বাঙালী ও বাঙালা সাহিত্য, স্বদেশ চিন্তা, বিচিত চিন্তা, নবীবংশ, সংস্কৃতি (প্রবন্ধ)

13)
'বটতলার উপন্যাস' গ্রন্থের লেখকের নাম কি?

1)
দিলারা হাশেম

✔ 2)
রাজিয়া খান

3)
রিজিয়া খান

Hello BCS

4)
সেলিনা হোসেন

**ব্যাখ্যা :**

রাজিয়া খান (১৯৩৬-২০০১) রচিত উপন্যাসগুলো হল-

- বটতলার উপন্যাস
- দ্রৌপদী
- উপসংহার
- চিত্রকাব্য
- প্রতিচিত্র

14) তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?

✔ 1)
জসীমউদ্দিন

2)

ফররুখ আহমদ

3)
আবুল হাসান

4)
শহীদ কাদরী

**ব্যাখ্যা :**

জসিমউদদীন (১৯০৩-১৯৭৬)
পল্লীকবি জসীমউদ্দিন ১ জানুয়ারি, ১৯০৩ সালে ফরিদপুরের তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন। তবে তার পৈতৃক নিবাস ফরিদপুরের গোবিন্দপুরে।

পল্লীকবি জসিমউদদীন রচিত নাটকগুলো হচ্ছে-
বেদের মেয়ে
পদ্মাপাড়
মধুমালা
পল্লীবধূ
গ্রামের মায়া
আসমান সিংহ
ওগো পুষ্পধেনু ইত্যাদি।

Hello BCS

তাঁর রচিত কাব্যগ্রন্থগুলো হচ্ছে -
রাখালী *(৩৪তম বিসিএস)*
নকশীকাঁথার মাঠ (শ্রেষ্ঠ রচনা)
সোজন বাদিয়ার ঘাট
মাটির কান্না
রঙিলা নায়ের মাঝি
মা যে জননী কান্দে *(২৪তম বিসিএস)*
ধানক্ষেত
বালুচর
কাফনের মিছিল ইত্যাদি।

15) 'পরাগলী মহাভারত' খ্যাত গ্রন্থের অনুবাদক কে?

1)
সঞ্জয়

✔ 2)

কবীন্দ্র পরমেশ্বর

3)
শ্রীকরনন্দী

4)
কাশীরাম দাস

**ব্যাখ্যা :**

মহাভারত-

- বাংলায় 'মহাভারত' কাব্যের প্রথম অনুবাদক হলেন কবীন্দ্র পরমেশ্বর। তার অনূদিত মহাভারতের নাম 'পরাগলী মহাভারত'। যার পৃষ্ঠপোষক হলেন পরাগল খান। তবে পরাগল খানের উৎসাহে কবি এ কাব্য রচন করেন বলে এর নাম হয় 'পরাগলী মহাভারত'।

16) 'শিখণ্ডী' শব্দের অর্থ কি?

1)
কবুতর

2)
কোকিল

Hello BCS

3)
খরগোশ

✔ 4)
ময়ূর

**ব্যাখ্যা :**

☞ময়ূর শব্দের সমার্থক শব্দ-
কলাপী, কেকা, শিখী, শিখণ্ডী, কেকী, বর্হী, শিখণ্ডক।

☞কোকিল-পরভৃত, পিক, অন্যপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, বসন্তদূত, মধুসখা, মধুস্বর।

☞ কবুতর শব্দের সমার্থক শব্দ কপোত, পারাবাত, পায়রা ইত্যাদি। আর শশক হচ্ছে খরগোশ শব্দের সমার্থক শব্দ।

17) সন্ধি সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?

1)
ব্যঞ্জন সন্ধি

2)
স্বরসন্ধি

✔ 3)
নিপাতনে সিদ্ধ

4)
বিসর্গ সন্ধি

**ব্যাখ্যা :**

নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি-
যে সকল ব্যঞ্জনসন্ধি কোনো নিয়ম না মেনে, বরং নিয়মের ব্যতিক্রম করে সন্ধি হয়, তাদেরকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমন, 'পতৎ+অঞ্জলি', এখানে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি 'ত' এর সঙ্গে স্বরধ্বনি 'অ' এর সন্ধি হয়েছে। সুতরাং, সন্ধির নিয়ম অনুসারে 'ত' এর জায়গায় 'দ' হওয়ার কথা। তার বদলে একটি 'ত' লোপ পেয়ে হয়েছে 'পতঞ্জলি'।

Hello BCS

☞এরকম-
আ + চর্য = আশ্চর্য
গো + পদ = গোষ্পদ
বন + পতি = বনস্পতি
বৃহৎ + পতি = বৃহস্পতি
তৎ + কর = তস্কর
পর + পর = পরস্পর
ষট + দশ = ষোড়শ
এক + দশ = একাদশ
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি
মনস + ঈষা = মনীষা

18) ছিন্নপত্রের অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা?

1)
কাদম্বরী

2)
মৃণালিনী দেবী

✔ 3)

ইন্দিরা দেবী

4)
মৈত্রীয় দেবী

**ব্যাখ্যা :**

রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১)
তিনি ৫৬টি কাব্যগ্রন্থ, ১২টি উপন্যাস, ১১৯টি ছোটগল্প এবং অসংখ্য নাটক রচন করেন।

☞কবিগুরু ও বাংলা সাহিত্যের 'ছোটগল্প' এর জনক রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ছিন্নপত্রাবলী' হল একটি পত্র সংকলন। এটি প্রকাশিত হয় ১৯১২ সালে। এতে মোট পত্র রয়েছে ১৫৩টি। যার অধিকাংশ বা ১৪৫টি পত্র তার ভ্রাতুষ্পুত্রী শ্রীমতী ইন্দিরাদেবীকে উদ্দেশ্য করে লিখেছেন।

☞আর বাকি ৮টি পত্র শ্রীশচন্দ্র মজুমদারকে উদ্দেশ্য করে লেখা। তার রচিত অন্যান্য পত্র সংকলন হচ্ছে পথে ও পথের প্রান্তে এবং ভানুসিংহের পত্রাবলি।

19) সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ

1)
বহুব্রীহি সমাস

Hello BCS

2)
কর্মধারয় সমাস

✔ 3)
অব্যয়ীভাব সমাস

4)
সুপসুপা সমাস

**ব্যাখ্যা :**

অব্যয়ীভাব সমাস -
পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে।
যেমন-
জানু পর্যন্ত লম্বিত = আজানুলম্বিত (বাহু)
মরণ পর্যন্ত = আমরণ।

চেনার উপায়-

সামীপ্য, বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা, অতিক্রান্ত, বিরোধ, পশ্চাৎ, ঈষৎ, ক্ষুদ্র অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন -

ঈষৎ নত = আনত (৩১তম বিসিএস)

শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল।

অনুতে (পশ্চাতে) যে তাপ = অনুতাপ

তাপের পশ্চাৎ = অনুতাপ

বেলাকে অতিক্রান্ত = উদ্বেল

ঈষৎ রক্তিম = আরক্তিম ইত্যাদি।

20) 'আনন্দমঠ' উপন্যাসের জনক কে?

✔ 1)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

2)
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

3)
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

4)
আনন্দমোহন বাগচী

Hello BCS

**ব্যাখ্যা :**

কাঁঠালপাড়া গ্রামে (৩০তম বিসিএস) জন্ম নেয়া 'সাহিত্য সম্রাট', 'বাংলা সাহিত্যধারার প্রতিষ্ঠাতা পুরুষ', বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিখ্যাত উপন্যাস হচ্ছে-

- আনন্দমঠ, দুর্গেশনন্দিনী (১৮৬৫),
- কপালকুণ্ডলা, মৃণালিনী,
- রজনী,
- বিষবৃক্ষ,
- ইন্দিরা,
- যুগলাঙ্গুরীয়,
- রাধারানী,
- দেবী চৌধুরানী,
- সীতারাম,
- রাজসিংহ,
- কৃষ্ণকান্তের উইল,
- চন্দ্রশেখর ইত্যাদি।

সম্পাদিত পত্রিকা হল বঙ্গদর্শন (২৫তম বিসিএস)। যা ১৮৭২ সালে প্রকাশিত হয়।

21) আলাওলের 'তোহফা' কোন ধরনের কাব্য?

1) আত্মজীবনী

2) প্রণয়কাব্য

✔ 3) নীতিকাব্য

4) যুদ্ধ সম্পর্কিত

**ব্যাখ্যা :** আলাওল (১৬০৭-১৬৮০)
আরাকান রাজসভার শ্রেষ্ঠ কবি হলেন আলাওল। তিনি চট্টগ্রামের হাটহাজারী থানার জোবরা গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর সাহিত্য কর্ম-
তোহফা (নীতি কাব্য)
পদ্মাবতী (অনূদিত গ্রন্থ)- হিন্দি কবি মালিক মোহাম্মদ জায়সীর 'পদ্মাবৎ' থেকে অনুবাদ করেছেন। সয়ফুলমুলক বদিউজ্জামাল,
সপ্তপয়কর
সিকান্দারনামা ইত্যাদি।
তিনি পদ্মাবতী কাব্যের রূপ বর্ণনায় বলেন-
মধ্যযুগের বিখ্যাত কবি আলাওল তার পদ্মাবতী কাব্যে পদ্মাবতীর রূপের বর্ণনায় বলেন, "রক্ত উৎপল লাজে জলান্তরে বৈসে, তাম্বুল (পান) রাতুল হৈল অধর পরশে' (ঠোটের পরশে পান লাল হল)

Hello BCS

---

## ♣ উত্তরপত্র

৩২ তম বিসিএস বাংলা

**Total questions : 21 Total marks : 21**

---

1) কোনটি ‘বাতাস’ শব্দের সমর্থক শব্দ নয়?

✔ 1)
পাবক

2)
অনিল

3)
মারুত

4)
পবন

**ব্যাখ্যা :** 'বাতাস' শব্দের সমার্থক শব্দ : মারুত ,পবন, অনিল, সমীর, বাত, মরুৎ ইত্যাদি। পক্ষান্তরে , 'পাবক' শব্দের সমার্থক শব্দ : অগ্নি , আগুন ,অনল, বহ্নি ইত্যাদি।

Hello BCS

2) ‘তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?’ এই প্রবাদটির রচয়িতা কে?

✔ 1)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

2)
রোকেয়া সাখাওয়াত হোসেন

3)
কাজী নজরুল ইসলাম

4)
মাইকেল মধুসূদন দত্ত

**ব্যাখ্যা :** উক্ত প্রবাদটি রচনা করেছেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'কপালকুণ্ডলা' (১৮৬৬) উপন্যাসের উল্লেখযোগ্য পঙক্তি এটি।

3)

কোনটি শুদ্ধ বানান?

1)
আকাংখা

✔ 2)
আকাঙ্ক্ষা

3)
আকাক্ষা

4)
আকাংক্ষা

4) ‘পালামৌ’ ভ্রমণ কাহিনীটি কার রচনা?

1)
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

2)
সুনীল গঙ্গোপাধ্যায়

Hello BCS

✔ 3)
সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

4)
তারাশঙ্কর চন্দ্যোপাধ্যায়

**ব্যাখ্যা :** উত্তর হল (C) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়। ‘পালামৌ’ ভ্রমণ কাহিনীটি সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি বিখ্যাত রচনা। এটি ১৮৭৮ সালে প্রকাশিত হয়েছিল। এই রচনায়, সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় তার পালামৌ ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করেছেন।
অন্যান্য বিকল্পগুলি ভুল :
শরৎচন্দ্র চট্টোপাধ্যায় একজন উপন্যাসিক, ছোটগল্পকার, নাট্যকার, ও প্রবন্ধকার ছিলেন। তিনি ‘পালামৌ’ ভ্রমণ কাহিনীটি রচনা করেননি।
সুনীল গঙ্গোপাধ্যায় একজন কবি, ঔপন্যাসিক, ছোটগল্পকার, ও নাট্যকার ছিলেন। তিনি ‘পালামৌ’ ভ্রমণ কাহিনীটি রচনা করেননি।
তারাশঙ্কর চন্দ্যোপাধ্যায় একজন ঔপন্যাসিক, ছোটগল্পকার, ও নাট্যকার ছিলেন। তিনি ‘পালামৌ’ ভ্রমণ কাহিনীটি রচনা করেননি।

5) ‘বৃক্ষ’ শব্দের সমার্থক শব্দ কোনটি?

1)

কলাপী

2)
নীরধি

✔ 3)
বিটপী

4)
অবনি

**ব্যাখ্যা :** বৃক্ষ /বিশেষ্য পদ/ গাছ, তরু, দ্রুম, পাদপ, বিটপী. মহীরুহ, শাখী।

6)
কাজী নজরুল ইসলাম রচিত গল্প কোনটি?

1)
পদ্মপুরাণ

2)
পদ্মবতী

Hello BCS

✔ 3)
পদ্মগোখরা

4)
পদ্মরাগ

7) Subconscious– শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হল-

1)
অর্ধচেতন

✔ 2)
অবচেতন

3)
চেতনাহীন

4)
চেতনাপ্রবাহ

**ব্যাখ্যা :** 'Subconscious' শব্দটির বাংলা পারিভাষক শব্দ অবচেতন বা যেসব মানসিক ক্রিয়াকলাপ সম্বন্ধে মানুষ (পুরোপুরি ) সচেতন থাকে না। অন্যদিকে (গ) 'চেতনাহীন' শব্দটির ইংরেজি ' Unconscious' ।

8) ‘গাছ পাথর’ বাগধারাটির অর্থ-

1)
ভূমিকা করা

✔ 2)
হিসাব-নিকাশ

3)
সরল বাক্য

4)
বাড়াবাড়ি করা

**ব্যাখ্যা :** ‘গাছ পাথর’ বাগধারাটির অর্থ হিসাব-নিকাশ ।

9)
‘দিবারাত্রির কাব্য’ কার লেখা উপন্যাস?

Hello BCS

1)
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

2)
শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

3)
ঈশান চন্দ্র বন্দ্যোপাধ্যায়

✔ 4)
মানিক বন্দ্যোপাধ্যায়

10)
‘শূন্যপুরাণ’ রচনা করেছেন-

✔ 1)
রামাই পণ্ডিত

2)
শ্রীকর নন্দী

3)
বিজয় গুপ্ত

4)
লোচন দাস

11)
কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?

1)
পরাকাষ্ঠা

2)
অভিব্যক্তি

3)
পরিশ্রান্ত

✔ 4)
অনাবৃষ্টি

Hello BCS

12)
ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস কোনটি?

1)
অগ্নিসাক্ষী

2)
চিলেকোঠার সেপাই

✔ 3)
আরেক ফাল্গুন

4)
অনেক সূর্যের আশা

13) মুক্তিযুদ্ধ নির্ভর রচনা কোনটি?

1)

এইসব দিন রাত্রি

2)
নূরলদীনের সারা জীবন

✔ 3)
একাত্তরের দিনগুলি

4)
সৎ মানুষের খোঁজে

**ব্যাখ্যা :** 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমাম (১৯২৯ - ১৯৯৪) রচিত মুক্তিযুদ্ধের স্মৃতিচারণমূলক গ্রন্থ। 'এইসব দিনরাত্রি' হুমায়ূন আহমেদ রচিত উপন্যাস। 'নূরলদীনের সারা জীবন' সৈয়দ শামসুল হকের কাব্যনাট্য।

14) কোনটি সাধিত শব্দ নয়?

1)
পানসা

2)
ফুলেল

Hello BCS

✔ 3)
গোলাপ

4)
হাতল

**ব্যাখ্যা :** গঠনগত দিক থেকে বাংলা শব্দাবলী দুভাগে বিভক্ত মৌলিক ও সাধিত। যে শব্দকে আর কোনোভাবে বিশ্লেষণ করা যায় না, তাকে মৌলিক শব্দ বলে। যেমন - মা, লাল, তিন হাত, পা, গোলাপ ইত্যাদি । যেসব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, তাই সাধিত শব্দ। যেমন - দয়ালু, পানসা, ফুলেল, হাতল, জমিদার ইত্যাদি।

15)
'আলোকিত মানুষ চাই'– এটি কোন প্রতিষ্ঠানের শ্লোগান?

1)
জাতীয় গ্রন্থ কেন্দ্র

✔ 2)
বিশ্ব সাহিত্য কেন্দ্র

3)
সুশাসনের জন্য নাগরিক

4)
পাবলিক লাইব্রেরী

16)
কোনটি ইংরেজি শব্দ?

1)
ম্যাজেন্টা

2)
পিস্তল

3)
আলমারি

✔ 4)
কমা

Hello BCS

17)
'আনোয়ারা' গ্রন্থটি কার রচনা?

1)
কাজী এমদাদুল হক

2)
মীর মোশাররফ হোসেন

✔ 3)
মোহম্মদ নজিবর রহমান

4)
ইসমাইল হোসেন সিরাজী

18) 'আলোছায়া' পদটি কোন সমাসের অন্তর্গত?

✔ 1)
দ্বন্দ্ব সমাস

2)
অব্যয়ীভাব সমাস

3)
তৎপুরুষ সমাস

4)
কর্মধারায় সমাস

**ব্যাখ্যা :** যে সমাসে দুই বা বহুপদ মিলে একপদ এবং প্রত্যেক পদের অর্থ প্রধানরুপে প্রতীয়মান হয়, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন - জায়া ও পতি = দম্পতি । আলো ও ছায়া = আলোছায়া , হাট ও বাজার = হাট - বাজার ইত্যাদি।

19) ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?

1)
বর্ণ

2)
শব্দ

Hello BCS

3)
অক্ষর

✔ 4)
ধ্বনি

**ব্যাখ্যা :** ভাষার ক্ষুদ্রতম একক হলো 'ধ্বনি' । এটা ভাষার মৌলিক অংশ । ধ্বনির লিখিত রুপ হলো 'বর্ণ' । শব্দের অংশ হলো অক্ষর। বাক্যের ক্ষুদ্রতম একক বা অংশকে শব্দ বলে।

20)
‘মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি।’ এটি একটি-

1)
জটিল বাক্য

2)
যৌগিক বাক্য

✔ 3)

সরল বাক্য

4)
মিশ্র বাক্য

21) কোন খ্যাতিমান লেখক ‘বীরবল’ ছদ্মনামে লিখতেন?

1)
প্রথম নাথ বিশী

✔ 2)
প্রমথ চৌধুরী

3)
প্রেমেন্দ্র মিত্র

4)
প্রথম নাথ বসু

**ব্যাখ্যা :** প্রমথ চৌধুরী কিছুদিন কলকাতা হাইকোর্টে আইন ব্যবসা করেন । কিছুকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন কলেজে পড়ান । তিনি ঠাকুর এস্টেটের ম্যানেজার ছিলেন। এছাড়াও তিনি মাসিক সবুজপত্র ও বিশ্বভারতী সম্পাদনা করেন।রবীন্দ্রনাথের অগ্রজ সত্যেন্দ্রনাথ ঠাকুরের(১৮৪২ - ১৯২৩) কন্যা ইন্দিরা দেবীর (১৮৭৩ - ১৯৬০) সহিত তাহার বিবাহ হয়। তিনি ছিলেন রবীন্দ্রনাথের ভাইঝি জামাই। লেখক আশুতোষ চৌধুরী(১৮৮৮ - ১৯৪৪) সম্পর্কে প্রমথ চৌধুরীর অগ্রজ। রবীন্দ্রনাথের ভগিনী প্রতিভা দেবীর সহিত আশুতোষ চৌধুরী বিবাহ হয়। তার সাহিত্যিক ছদ্মনাম ছিল বীরবল। তার সম্পাদিত সবুজ পত্র বাংলা সাহিত্যে চলতি ভাষারীতি প্রবর্তনে আগ্রণী ভূমিকা পালন করে। তার প্রবর্তিত গদ্যরীতিতে “সবুজ পত্র” নামে বিখ্যাত সাহিত্যপত্র ইতিহাসে প্রতিষ্ঠিত হয়েছেন। তারই নেতৃত্বে বাংলা সাহিত্যে নতুন গদ্যধারা সূচিত হয়। তিনি বাংলা সাহিত্যে ইতালিয় সনেট এর প্রবর্তক।

Hello BCS

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

## ♣ উত্তরপত্র

৩৩ তম বিসিএস বাংলা

**Total questions : 20 Total marks : 20**

---

1) বাংলা সাহিত্যের অন্যতম বিশিষ্ট পত্রিকা 'কল্লোল' কত সালে প্রকাশিত হয়?

✔ 1)
১৯২৩ সালে

2)
১৯২৪ সালে

3)
১৯২৫ সালে

4)
১৯২৭ সালে

**ব্যাখ্যা :**

- কল্লোল পত্রিকা ----------
- ১৯২৩ সালে দীনেশরঞ্জন দাশ কল্লোল পত্রিকাটি সম্পাদনা করেন। এই পত্রিকাটি ৭ বছর প্রকাশিত হওয়ার পর বন্ধ হয়ে যায়।

Hello BCS

2) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের চরিত্র কোনটি?

✔ 1)
কুন্দনন্দিনী

2)
শ্যামাসুন্দরী

3)
বিমলা

4)
রোহিনী

**ব্যাখ্যা :**

- সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসটি হল সামাজিক উপন্যাস। এই উপন্যাসের বিখ্যাত চরিত্র গুলো হল-

- কুন্দনন্দিনী
- হীরা
- নগেন্দ্র
- সূর্যমুখী
- রোহিনী হল তার রচিত 'কৃষ্ণকান্তের উইল' বিখ্যাত চরিত্র।

3) গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ সম্পাদনা করেন-----

1)
এজরা পাউন্ড

2)
টি.এস ইলিয়ট

✔ 3)
ডব্লিউ.বি.ইয়েটস

4)
কীটস

**ব্যাখ্যা :**

Hello BCS

- রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থটি 'Song Offerings' নামে ইংরেজিতে অনূদিত হয়। এতে মোট ১৫৭টি কবিতা রয়েছে। এই কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ / এর ভূমিকা লিখেছেন W.B Yeats.

4)
চর্যাপদ কোন ছন্দে লেখা?

1)
অক্ষরবৃত্ত

✔ 2)
মাত্রাবৃত্ত

3)
স্বরবৃত্ত

4)
অমিত্রাক্ষর

**ব্যাখ্যা :**

- বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন চর্যাপদ।
- ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল হতে আবিষ্কার করেন। এটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। চর্যাপদে সংস্কৃত পজ্ঝটিকা ছন্দের প্রভাব আছে। এর ভাষারীতি কথ্য।

5) 'গৃহী' শব্দের বিপরীত শব্দ কোনটি?

1) সংসারী

2) সঞ্চয়ী

3) সংস্থিতি

✔ 4) সন্ন্যাসী

**ব্যাখ্যা :**

Hello BCS

- সন্ন্যাসী শব্দের অর্থ হল গৃহ ত্যাগ করে ধ্যানে আত্মনিয়োগ করা, কোন বিষয়ে একাগ্রতা প্রকাশ করা। গৃহী বা গৃহমুখী এর বিপরীত শব্দ হল সন্ন্যাসী।

6) কোন বানানটি শুদ্ধ নয়?

1) দরিদ্রতা

2) উপযোগীতা

3) শ্রদ্ধাঞ্জলি

✔ 4) উর্দ্ধ

**ব্যাখ্যা :**

- অপশনে থাকা দরিদ্রতা, উপযোগিতা, শ্রদ্ধাঞ্জলি বানানগুলি শুদ্ধ। উর্দ্ধ এর সঠিক বানানটি হচ্ছে ঊর্ধ্ব।

7) কোনটি কোলন?

1)
;

✔ 2)
ঃ

3)
=

4)
" "

**ব্যাখ্যা :**

বাংলা ব্যাকরণে যতিচিহ্ন মোট ১২টি। এর মধ্যে কোলন (ঃ) একটি। শব্দ সংক্ষেপ করে বুঝাতে ব্যবহার করা হয়। যেমন- বিঃদ্রঃ

8) কোন গ্রন্থটি সুকান্ত ভট্টাচার্যের?

Hello BCS

✔ 1)
হরতাল

2)
পালাবদল

3)
উত্তীর্ণ পঞ্চাশে

4)
অনিষ্ট স্বদেশ

**ব্যাখ্যা :**

- সুকান্ত ভট্টাচার্যকে বলা হয় কিশোর কবি। তার রচিত কাব্যগ্রন্থগুলো হচ্ছে - হরতাল, ছাড়পত্র, অভিযান, পূর্বাভাস, ঘুম নেই।

9)
কোন চরণটি সঠিক?

✔ 1)
ধন ধান্যে পুষ্পে ভরা

2)
ধন্য ধান্যে পুষ্প ভরা

3)
ধণ্য ধান্যে পুষ্প ভরা

4)
ধন্যে ধান্যে পুষ্পে ভরা

**ব্যাখ্যা :**

- দ্বিজেন্দ্রলাল রায় এর বিখ্যাত নাটক 'সাজাহান'। এই নাটকের একটি বিখ্যাত উক্তি- "ধন ধান্যে পুষ্পে ভরা"।
- সঠিক উত্তর হল অপশন (ক)

10) কোনটি সঠিক বানান?

1)
নিশিথিনী

2)
নীশিথিনী

✔ 3)
নিশীথিনী

4)
নিশিথিনি

Hello BCS

**ব্যাখ্যা :**

- অপশনে শুদ্ধ বানানটি হচ্ছে নিশীথিনী।
- আরো কিছু শুদ্ধ বানান জেনে রাখি- ঊর্ধ্বতন, ঊর্মি, ঊষা, উদ্বাস্তু, উৎকর্ষ, উন্মীলিত, উপর্যুক্ত, উত্যক্ত, উদ্ভূত, উপলক্ষ্য, উচ্ছৃঙ্খল, উদগিরণ।

11) কবিগানের প্রথম কবি কে?

✔ 1)
গোজলা পুট (গুই)

2)
হরু ঠাকুর

3)
ভবাবী ঘোষ

4)
নিতাই বৈরাগী

**ব্যাখ্যা :**

- কবিওয়ালাদের মধ্যে সবচেয়ে প্রাচীন হলেন গোঁজলা গুই। কবিগানের অন্যান্য কবিরা হলেন-
- ভবানী, হরু ঠাকুর
- এন্টিনি ফিরিঙ্গি
- কেষ্টা মুচি
- রামবসু
- নিধুবাবু।

12) 'The Origin and Development of Bengali Language' গ্রন্থটি রচনা করেছেন-

1)
ড. মুহম্মদ শহীদুল্লাহ্

✔ 2)
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

Hello BCS

3)
হরপ্রসাদ শাস্ত্রী

4)
স্যার জর্জ গ্রিয়ারসন

**ব্যাখ্যা :**

- The Origin and Development of Bangali Language' গ্রন্থটি রচনা করেছেন ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তাঁর এ গ্রন্থটি প্রকাশিত হয় ১৯২৬ সালে।

13) কবিওয়ালা ও শায়েরের উদ্ভব ঘটে কখন?

✔ 1) আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে
2) ষোড়শ শতকের শেষার্ধে ও সপ্তদশ শতকের প্রথমার্ধে
3) উনিশ শতকের শেষার্ধে ও বিংশ শতকের প্রথমার্ধে
4) সপ্তদশ শতকের শেষার্ধে ও আঠারো শতকের প্রথমার্ধে

**ব্যাখ্যা :** আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে সামাজিক ও সাংস্কৃতিক বিপর্যয়ের মুখে কলকাতার হিন্দু সমাজে কবিওয়ালা ও মুসলিম সমাজে শায়েরদের উদ্ভব ঘটে। কবিওয়ালারা তৎকালীন বিশৃঙ্খল সমাজব্যবস্থায় যথেষ্ট খ্যাতি লাভ করেছিলেন। কবিওয়ালাদের মধ্যে উল্লেখ্যযোগ্য হলেন : গোঁজলা গুই, হরু ঠাকুর , ভবানী বেনে, নিতাই বৈরাগী।

14) কোন বাক্যটি শুদ্ধ?

✔ 1) তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়
2) দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
3) সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল
4) সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত

**ব্যাখ্যা :** ■এখানে শুদ্ধ বাক্য --তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।

15)
'Excise duty' এর বাংলা পারিভাষিক কোনটি?

1)
অতিরিক্ত কর

✔ 2)
আবগারি শুল্ক

Hello BCS

3)
অর্পিত দায়িত্ব

4)
অতিরিক্ত দায়িত্ব

**ব্যাখ্যা :**

- Excise duty' এর বাংলা পারিভাষিক অর্থ হল আবগারি শুল্ক।

16)
কোন বানানটি শুদ্ধ?

1)
পিপিলিকা

✔ 2)
পিপীলিকা

3)
পীপিলিকা

4)
পিপিলীকা

**ব্যাখ্যা :**

- কিছু শুদ্ধ বানান -----------
- পিপীলিকা, নির্নিমেষ, নির্দোষ, ন্যূনতম, নৃশংস, নিক্বণ, নিক্বাণ, নিরীহ, নূপুর, নিশীথ, নিঃশেষ, নৈরাজ্য, নৈরাশ্য, নৈঋর্ত, নির্দোষ।

17) 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ কি?

1)
কপট ব্যক্তি

2)
ঘনিষ্ঠ সম্পর্ক

3)
হতভাগ্য

Hello BCS

✔ 4)
মোসাহেব

**ব্যাখ্যা :**

- ঢাকের কাঠি /খয়ের খাঁ (তোষামুদে/চাটুকার /মোসাহেব )- সুমন তুমি তো ঢাকের কাঠি, তোমার সাহেব যা বলে তুমি তাই বল।
- হাড়-হাভাতে (হতভাগ্য)- ১২ বছর বয়সী মিলন একেবারে ই হাড়-হাভাতে ছেলে, একমাত্র উপার্জনকারী বাবাও মারা গেল হার্ট অ্যাটাক করে।
- ভিজে বেড়াল (কপটচারী)- সমাজের ভিজে বেড়ালদের চেনা বড় দায়।

18) 'তুমি আসবে বলে হে স্বাধীনতা
সখিনা বিবির কপাল ভাঙল' এটি কোন বাক্য?

1)
সরল বাক্য

✔ 2)
মিশ্র / জটিল বাক্য

3)
যৌগিক বাক্য

4)
কোনটি নয়

**ব্যাখ্যা :**

- মিশ্র /জটিল বাক্য-
- যে বাক্যে একটি প্রধান খন্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয় তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন-
- একটু আগে যিনি এখানে এসেছিলেন তিনি আমার আত্নীয়'
- চেনার উপায়------------
- সাপেক্ষ সর্বনাম ব্যবহার হবে।
- যে- সে
- যা- তা
- যিনি- তিনি
- যারা- তারা। ইত্যাদি।
- যেমন- তুমি আসবে বলে হে স্বাধীনতা
  সখিনা বিবির কপাল ভাঙল' এটি জটিল বা মিশ্র বাক্য। এখানে সাপেক্ষ ভাব আছে ( তুমি আসবে বলে)।

Hello BCS

19) কোনটি 'অগ্নি' এর সমার্থক শব্দ নয়?

1)
পাবক

2)
বৈশ্বানর

3)
সর্বশুচি

✔ 4)
প্রজ্বলিত

**ব্যাখ্যা :**

- অগ্নি শব্দের প্রতিশব্দ হল---------
- আগুন, অনল, বহ্নি, হুতাশন, শিখা, পাবক, বিভাবসু, কৃশানু, হেমাগ্নি, বৈনাশ্বর, সর্বশুচি, সর্বভূক, বীতিহোত্র ইত্যাদি।
- সুতরাং অগ্নি শব্দের প্রতিশব্দ নয় প্রজ্বলিত।

20) "কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?" কার লেখা?

✔ 1)
কৃষ্ণচন্দ্র মজুমদার

2)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

3)
কামিনী রায়

4)
যতীন্দ্রমোহন বাগচী

**ব্যাখ্যা :**

- কৃষ্ণচন্দ্র মজুমদারের বিখ্যাত উক্তি-------
- "কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?
- চিরসুখী জন ভ্রমে কি কখন ব্যথিত বেদন বুঝিতে পারে?
- যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি।

Hello BCS

---

## ♣ উত্তরপত্র

৩৪ তম বিসিএস বাংলা

**Total questions : 19 Total marks : 19**

---

1) কোন কাব্যটি পল্লী কবি জসীম উদ্দীন রচিত?

1) চৈতালী
✔ 2) রাখালী
3) ফনিমনসা
4) আলো পৃথিবী

**ব্যাখ্যা :** রাখালী কাব্যটি জসীমউদ্দীন রচিত। প্রকাশকাল ১৯২৭।

2) সৈয়দ মুজতবা আলীর প্রবন্ধ গ্রন্থ কোনটি?

✔ 1) পঞ্চতন্ত্র
2) কালান্তর
3) প্রবন্ধ সংগ্রহ
4) শাশ্বত বঙ্গ

Hello BCS

**ব্যাখ্যা :** সৈয়দ মুজতবা আলী রচিত 'পঞ্চতন্ত্র' দুই পর্বে বিভক্ত ব্যক্তিগত প্রবন্ধ সংকলন। প্রথম পর্বে ৩৪ টি এবং দ্বিতীয় পর্বে ৩১ টি মোট ৬৫ টি রচনার সংকলন এটি। এসব প্রবন্ধ 'বসুমতী' ও 'দেশ ' পত্রিকায় প্রকাশিত হয়েছিল।

3) তত্ত্ববোধিনী- পত্রিকার সম্পাদক কে ছিলেন?

✔ 1) অক্ষয়কুমার দত্ত
2) প্যারীচাঁদ মিত্র
3) সৈয়দ মুজতবা আলী
4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**ব্যাখ্যা :** প্রকাশকাল ১৮৪৩। প্রতিষ্ঠাতা দেবেন্দ্রনাথ ঠাকুর। প্রথম সম্পাদক অক্ষয়কুমার দত্ত।

4) মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস কোনটি ?

1) ক্রীতদাসের হাসি
2) মাটি আর অশ্রু
✔ 3) হাঙর নদী গ্রেনেড
4) সারেং বৌ

**ব্যাখ্যা :** হাঙর নদী গ্রেনেড বাংলাদেশের প্রখ্যাত সাহিত্যিক সেলিনা হোসেন রচিত একটি বাংলা ভাষার উপন্যাস। উপন্যাসটি ১৯৭৬ সালে প্রকাশিত হয়। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়কালের

যশোরের কালীগঞ্জ গ্রামের এক মায়ের সত্য ঘটনা অবলম্বনে সেলিনা হোসেন এই উপন্যাসটি রচনা করেন। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

5) মাইকেল মধুসূদন দত্তের রচনা নয় কোনটি?

1) তিলোত্তমা কাব্য
2) মেঘনাদ বধ কাব্য
✔ 3) বেতাল পঞ্চবিংশতি
4) বীরাঙ্গনা

**ব্যাখ্যা :** তিলোত্তমা কাব্য, মেঘনাদ বধ কাব্য ও বীরাঙ্গনা মাইকেল মধুসূদন দত্তের রচনা। বেতাল পঞ্চবিংশতি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রচনা।

6) দেয়াল- রচনাটি কার?

✔ 1) হুমায়ুন আহমেদ
2) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
3) বুদ্ধদেব বসু
4) সেলিনা হোসেন

**ব্যাখ্যা :** দেয়াল" হুমায়ুন আহমেদ (১৩ নভেম্বর, ১৯৪৮ - ১৯ জুলাই, ২০১২)- এর মৃত্যু পরবর্তী প্রকাশিত উপন্যাস। প্রকাশকাল ২০১২

Hello BCS

7) কুলীন কুল সর্বস্ব নাটকটি কার রচনা?

1) মাইকেল মধুসূদন দত্ত
2) দীনবন্ধু মিত্র
✔ 3) রামনারায়ণ তর্করত্ন
4) রবীন্দ্রনাথ ঠাকুর

**ব্যাখ্যা :** কুলীন কুল সর্বস্ব নাটকটি রামনারায়ন তর্করত্ন লেখা। প্রকাশকাল ১৮৪৫। এটি একটি সামাজিক নাটক।

8)
বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিস্কৃত হয় কত সালে ?

1) ১৮০০
2) ১৮৫৭
✔ 3) ১৯০৭
4) ১৯০৯

**ব্যাখ্যা :**

বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন চর্যাপদ। আবিষ্কার- ১৯০৭। স্থান- নেপালের গ্রন্থাগার। আিষ্কারক- ড. হরপ্রসাদ শাস্ত্রী।

9) বাংলা সাহিত্যের অন্ধকার যুগের মেয়াদকাল—

✔ 1) ১২০১-১৩৫০
2) ১৩০১-১৪৫০
3) ১২০১-১৪৫০
4) ১২০০-১৩০০

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যের অন্ধকার যুগের মেয়াদকাল— ১২০১--১৩৫০। প্রাচীন যুগ --(৬৫০--১২০০), মধ্যযুগ (১২০১--১৮০০ ), আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান পর্যন্ত। কিন্তু এই যুগ বিভাগের মধ্য ১২০১--১৩৫০ পর্যন্ত সময়কে অন্ধকার যুগ বলা হয়।

10) আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি গানটির প্রথম সুরকার কে?

1) মাহমুদুন্নবী
2) ফয়সাল মাহদি
3) আলতাফ মাহমুদ
✔ 4) আব্দুল লতিফ

Hello BCS

**ব্যাখ্যা :** 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি ' গানটির প্রথম সুরকার আবদুল লতিফ। দ্বিতীয় দফায় গানটিতে সুরারোপ করেন আলতাফ মাহমুদ। প্রথম পর্যায়ে কণ্ঠশিল্পী ছিলেন আবদুল লতিফ, বর্তমানে এটি সমবেত কণ্ঠে গাওয়া হয় । গানটির গীতিকার আবদুল গাফ্ফার চৌধুরী।

11)
বাংলা সাহিত্যের পঠন-পাঠনের সুবিধার জন্য বাংলা সাহিত্যের ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হয়েছে-- বাংলা সাহিত্যের প্রাচীন যুগ

1) ৬৫০-১২৫০
2) ৬৫০-৮৫০
✔ 3) ৬৫০-১২০০
4) ৪৫০-৬৫০

**ব্যাখ্যা :**

প্রাচীন যুগ --(৬৫০--১২০০), মধ্যযুগ (১২০১--১৮০০ ), আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান পর্যন্ত।

12) তুমি আসবে বলে হে স্বাধীনতা- কার কবিতা?

1) শওকত ওসমান
2) সিকান্দার আবু জাফর

3) সুফিয়া কামাল
✔ 4) শামসুর রাহমান

**ব্যাখ্যা :** শামসুর রাহমান বাংলাদেশের আধুনিক কবি। 'তুমি আসবে বলে হে স্বাধীনতা' কবিতাটি তাঁর 'শামসুর রাহমানের শ্রেষ্ঠ কবিতা' সংকলনের অন্তর্ভুক্ত। তাঁর রচিত অন্যান্য উল্লেখযোগ্য কবিতা - 'স্বাধীনতা তুমি' 'পণ্ডশ্রম' মধুস্মৃতি' 'রক্তাক্ত প্রান্তরে।

13) বাংলা সাহিত্যের জনক হিসেবে কার নাম চিরস্মরণীয়?

✔ 1) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
2) মাইকেল মধুসূদন দত্ত
3) রাজা রামমোহন রায়
4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**ব্যাখ্যা :** এই প্রশ্নটি বিতর্কিত। বাংলা সাহিত্যের যতি চিহ্নের প্রবর্তক/গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা উপন্যাসের জনক। মাইকেল মধুসুদন দত্ত আধুনিক কবিতার জনক। এখানে সাহিত্য হিসেবে উপন্যাসকে প্রাধান্য দেয়া হয়েছে।

14) ভানুসিংহ ঠাকুর- কার ছদ্মনাম?

1) সত্যেন্দ্রনাথ দত্তের
✔ 2) রবীন্দ্রনাথ ঠাকুরের
3) প্রমথ চৌধুরীর
4) টেকচাঁদ ঠাকুরের

Hello BCS

**ব্যাখ্যা :** রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম' ভানুসিংহ ঠাকুর ' । রবীন্দ্রনাথ ঠাকুর এ ছদ্মনামে 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' রচনা করেন। প্রমথ চৌধুরীর ছদ্মনাম 'বীরবল'।

15) ভাষা-আন্দোলন ভিত্তিক নাটক কোনটি ?

✔ 1) কবর
2) পায়ের আওয়াজ পাওয়া যায়
3) জন্ডিসও বিবিধ বেলুন
4) ওরা কদম আলী

**ব্যাখ্যা :** 'কবর' ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পটভূমিকায় রচিত। ১৯৫৩ সালের ১৭ জানুয়ারি নাটকটি রচিত হয় ; তখন তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাজবন্দী জানা যায়, আরেক রাজবন্দী রণেশ দাশগুপ্ত মুনীর চৌধুরীর কাছে চিঠি লিখেছিলেন জেলখানায় মঞ্চস্থ করা যায় এমন একটি নাটক লিখে দেয়ার জন্য। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

16) ১৯৮৫ সালে নাসির উদ্দীন স্বর্ণ পদক কে পান?

✔ 1) সৈয়দ আলী আহসান

2) সৈয়দ ওয়ালীউল্লাহ
3) সৈয়দ শামসুল হক
4) সিকান্দার আবু জাফর

**ব্যাখ্যা :** শিক্ষাবিদ ও কবি সৈয়দ আলী আহসানের বিখ্যাত অনুবাদ গ্রন্থ' হুইটম্যানের কবিতা' ও 'ইডিপাস । বাংলা সাহিত্যে অনন্য অবদানের জন্য তিনি বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (১৯৬৭) ,সুফী মোতাহের হোসেন স্বর্ণপদক (১৯৮৫), নাসির উদ্দিন স্বর্ণপদক (১৯৮৫) স্বাধীনতা পুরস্কারসহ (১৯৮৮) নানা পুরস্কার লাভ করেন। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

17) নীলদর্পণ নাটকটির বিষয়বস্তু কি?

✔ 1) নীলকরদের অত্যাচার
2) ভাষা আন্দোলন
3) অসহযোগ আন্দোলন
4) তে-ভাগা আন্দোলন

**ব্যাখ্যা :** নীলদর্পণ নাটকটির রচয়িতা দীনবন্ধু মিত্র। প্রকাশ কাল ১৮৬০। নাটকটির বিষয়বস্তু নীলকরদের অত্যাচার।

18) ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যক্ষ কে ছিলেন?

Hello BCS

✔ 1) উইলিয়াম কেরি
2) লর্ড ওয়েলেসলি
3) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
4) রামরাম বসু

**ব্যাখ্যা :** ১৮০০ সালে প্রতিষ্ঠিত ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যক্ষ ছিলেন উইলিইয়াম কেরী।

19) ঘরে বাইরে- উপন্যাসটি কার লেখা?

1) আলাওল
2) কাজী দীন মহম্মদ
3) কাজী মোতাহের হোসেন
✔ 4) রবীন্দ্রনাথ ঠাকুর

**ব্যাখ্যা :** ঘরে বাইরে- উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা। প্রকাশকাল ১৯০৯। এটি স্বদেশী আন্দোলনের পটভূমিতে রচিত। ব্রিটিশ ভারতের রাজনীতি এর মূল উপজীব্য বিষয়। উল্লেখযোগ্য চরিত্র বিমলা, নিখিলেশ, সন্দীপ ।

---